

Live MCQ™

৪৯তম স্পেশাল বিসিএস (শিক্ষা) বিষয়ভিত্তিক প্রস্তুতি

বিষয়: ব্যবস্থাপনা (৭৩১)

Compendium PDF

(সিলেবাস অনুসারে সর্বাধিক গুরুত্বপূর্ণ টপিক ও এমসিকিউ-এর সমন্বয়ে রচিত)

Mentor:

গোলাম কিবরিয়া খোন্দকার

সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা)

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

২৭তম বিসিএস (সাধারণ শিক্ষা ক্যাডার)

মেধাক্রম ১৯

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

Syllabus Analysis

৪৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০২৫ এর সিলেবাস

MANAGEMENT

(POST RELATED)

Subject Code: 731

Total Marks-100

Part-I

MANAGEMENT (BASIC)

Marks: 50

- Introduction : Definition of management, concepts, phases of development, importance, functions, principles, managerial skills, organization.
- Scientific & Modern Management : Concepts and importance, different aspects of scientific management, results of Taylor's experiment, merits and demerits of scientific management, features of modern management, Fayol's principles of modern management.
- Corporate Management : Separation of ownership and professional management, methods of company management, board of directors, size, qualification, methods of appointment, functions, duties and responsibilities, powers, code of conduct, corporate executive and chief executive officer(CEO).
- Office Management : Importance, methods of office Management, co-ordination of various departments, filing and indexing, preparation of reports and Commercial documents, Meetings and resolutions, company/ corporate secretary.
- Human Resource Management : Importance, selection and recruitment of staff, training, appraisal, Compensation, promotion, termination, retirement, personnel administration.

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶



livemcq.com



01701377322

৪৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০২৫ এর সিলেবাস

Part-II

MANAGEMENT (PROCESS)

Marks: 50

- Introduction : Management thought, management and society, social responsibility, ethics, internal and external environment of organization, managing change, comparative management.
- Planning : Importance, nature, purpose, types, steps, objectives, managing by objectives (MBO), strategic planning, decision making.
- Organizing : Nature, formal and informal organization, Span of management, departmentation, organization structure, Line and staff concepts, delegation of authority, centralization, decentralization and re-centralization.
- Leading : Managerial leadership, various approaches, leadership behavior and styles, situational leadership, motivation and motivators, various motivation theories and application, two-way communication.
- Controlling : Basic control process, feedback and feed forward control, effective control, control techniques, Budgetary and non-budgetary control, preventive control, management audit.

Part-1 MANAGEMENT (BASIC) Marks: 50

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶



livemcq.com



01701377322

Introduction

- Definition Of Management
- Phases of development
- Management Concepts
- Importance
- Functions
- Principles of Management
- Managerial Skills
- Organization

Scientific & Modern Management

- Concepts and importance
- Different aspects of scientific management
- Result of Taylor's experiment
- Merits and demerits of Scientific Management
- Features of Modern Management
- Fayol's Principles of Modern Management

Corporate Management

- Separation of ownership and professional Management.
- Methods of Company management.
 - Company Organization
 - Private and Public Ltd
 - Memorandum of Association
 - Articles of association
- Board of directors :
 - Size, Qualification, Methods of Appointment, Functions, Duties and Responsibilities, Powers, Code of Conduct
- Corporate Executive
- Chief Executive Officer (CEO)

Office Management

- Importance of Office Management.
- Methods of office management.
- Co-ordination of various departments
- Filing and indexing

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶



livemcq.com



01701377322

- Preparation of reports & Commercial documents
- Meeting and resolutions
- Company/corporate secretary

Human Resource Management(HRM)

- Definition of HRM.
 - Objectives, Functions, Basic process, Principles
 - Impact of Globalization on HRM
 - Job Analysis, Job Description, Job Design, Job Specification
- Importance of HRM.
- Selection and Recruitment of Staff
 - Recruitment of HR, Types/source of H. Resources
 - Human Resource Selection, Methods/Process/Steps
- Training
 - Objectives, Importances, Methods, Executive Development
- Appraisal
 - ❖ Performance Appraisal, Objectives
- Compensation
 - Definition, Salary & Wages Administration-It's Objectives
 - Difference between Wages & Salary
 - Factors affecting to determine wages & salary
- Promotion
 - Definition, Basis of promotion
- Termination
 - Disciplinary action, Steps in disciplinary action
- Retirement
- Personnel Administration
- Part-2 MANAGEMENT (PROCESS) Marks: 50

Introduction (Management Thought)

- Management thought
 - Define Management Thought, Scope of Mgt,
 - Industrial Revolution,
 - it's Causes & Consequences
 - Classical Theory;
 - Bureaucracy Theory,
 - Administrative theory &
- Scientific Mangement theory

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶



livemcq.com



01701377322

- Management and Society
- Social Responsibility
- Ethics
- Internal and External Environment Organization
- Managing changes

Comparative Management

Planning

- Planning & It's Importance,
- Nature,
- Purpose,
- Types,
- Steps,
- Objectives
- Managing By Objectives (MBO)
- Strategic Planning
- Decision Making

Organizing

- Organizing & It's Nature, Types
- Formal and Informal Organization
- Organization structure
- Line and staff concepts
- Span of Management
- Departmentation
- Delegation of authority
- Centralization
- Decentralization
- re-centralization

Leading

- Managerial Leadership
- Various approaches of Leadership
- Leadership behavior and styles
 - Autocratic, Democratic, Laissez faire,
 - Paternalistic, Charismatic
- Situational Leadership
- Motivation and Motivators
 - Financial & Non-financial Motivators
- Various Motivation theories and application

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶



livemcq.com



01701377322

- Maslow's Need Hierarchy, McGegor's X & Y
- Herzberg's Two factors, McClelland Theory of Need
- ❑ Two-way communication

Controlling

- ❑ Basic Control process
- ❑ Feedback and Feed forward control
- ❑ Effective Control
- ❑ Control Techniques
- ❑ Budgetary and non-budgetary control
- ❑ Preventive control
- ❑ Management audit

MCQ প্রস্তুতির কার্যকর কৌশল

১. সিলেবাস অনুযায়ী অধ্যয়নভিত্তিক প্রস্তুতি নিন। মূল পাঠ্যসূচির প্রতিটি অধ্যয়ন ভালোভাবে আয়ত্ত্ব করুন: যেমন- ব্যবস্থাপনার সংজ্ঞা, গুরুত্ব, কার্যাবলি, নেতৃত্ব, পরিকল্পনা, সংগঠন, কর্মসংস্থান, নির্দেশনা, কর্তৃত্ব, প্রেষণা, সমন্বয়সাধন, নিয়ন্ত্রণ ইত্যাদি।

২. প্রতিটি অধ্যায়ের গুরুত্বপূর্ণ সংজ্ঞা/মনীষীদের সংজ্ঞা আয়ত্ত্ব করুন- প্রতিটি অধ্যায়ের প্রধান সংজ্ঞা: যেমন- সংগঠন, পরিকল্পনা, নেতৃত্ব, বিভাগীকরণ----- ইত্যাদি পরিষ্কারভাবে মনে রাখুন।

৩. MCQ অনুশীলন করুন প্রতিদিন- অধ্যয়নভিত্তিক অন্তত ৪০-৫০টি MCQ প্রতিদিন অনুশীলন করুন। আগের লেকচারগুলো দেখুন এবং লেকচারের শেষে দেওয়া প্রশ্নসমূহ বারবার অনুশীলন করুন।

৪. ভুলগুলো চিহ্নিত করে নোট করুন- যেসব প্রশ্নে ভুল হয়, সেগুলো আলাদা খাতায় লিখে রাখুন এবং পুনরায় রিভিশন দিন। এতে মনে থাকবে।

৫. ট্রিক/Key Word ধরে প্রশ্ন/উত্তর করার কৌশল আয়ত্ত্ব করুন- কিছু প্রশ্নে উত্তর বের করা যায় কি ওয়ার্ড চিনে। এগুলো চর্চার মাধ্যমে আয়ত্ত্ব করুন। শিল্প বিপ্লব সম্পর্কিত যত প্রশ্ন আছে: যেমন- শিল্প বিপ্লব

কী (উৎপাদন ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন),

কোথায় (ইউরোপ/ইংল্যান্ড, ব্রিটেন),

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

কখন (১৭৫০-১৮৫০ খ্রি.)

কিভাবে (হস্তচালিত উৎপাদনের পরিবর্তে যন্ত্রচালিত উৎপাদন)

৬. নিয়মিত মডেল টেস্ট দিন। সময় বেঁধে মডেল টেস্ট দিন। এতে পরীক্ষার চাপ ও সময় ব্যবস্থাপনা রপ্ত হবে।
- ✓ ৭. Short Note তৈরি করুন। মুখস্থযোগ্য বিষয়গুলোর সংক্ষিপ্ত নোট বানান। পরীক্ষার আগে রিভিশনে কাজে আসবে।
- ✓ ৮. ভিজুয়াল মেমোরি বাড়াতে চার্ট ও Mind Map ব্যবহার করুন।
- ✓ ৯. মোবাইল/সোশ্যাল মিডিয়ার আসক্তি এড়িয়ে চলুন। কারণ, এতে সময় ও মনোযোগ নষ্ট হয়। যা প্রস্তুতিতে ব্যাঘাত ঘটায়।

অধ্যবসায় সফলতার চাবিকাঠি

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি

1. "Success is not final, failure is not fatal: it is the courage to continue that counts." –
Winston Churchill

➤ সফলতা চূড়ান্ত নয়, ব্যর্থতা মরণঘাতী নয়- এগিয়ে চলার সাহসটাই আসল। 2. "Believe you can and you're halfway there."- Theodore Roosevelt

➤ বিশ্বাস করুন আপনি পারবেন, তাহলেই আপনি অর্ধেক পথ অতিক্রম করেছেন। 3. "The future depends on what you do today."- Mahatma Gandhi

➤ আপনি আজ যা করেন, ভবিষ্যৎ তার ওপর নির্ভর করে।

4. "Don't watch the clock; do what it does. Keep going."- Sam Levenson

➤ ঘড়ির কাঁটার দিকে তাকিয়ে থাকবেন না, বরং তার মতো চলতে থাকুন।

5. "It always seems impossible until it's done."-Nelson Mandela

➤ কোনো কিছু অসম্ভব মনে হয়, যতক্ষণ না আপনি তা সম্পন্ন করেন।

মনে রাখবেন: পরিশ্রম, নিয়মিত অনুশীলন, আত্মবিশ্বাস এবং ধৈর্য- এই চারটি গুণই আপনাকে আপনার কাজে লক্ষ্যে পৌঁছে দেবে।

সুপ্রিয় বিসিএস নিয়োগ প্রত্যাশীগণ,

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

নিজের প্রতি আস্থা রাখুন: আত্মবিশ্বাস হারাবেন না, ধৈর্য

ধরুন। নিরবচ্ছিন্ন প্রচেষ্টা চালিয়ে যান।

আপনি/আপনারা সফল হবেন, ইনশাআল্লাহ!

Part-1 (Management-Basic)

Introduction

১. ব্যবস্থাপনা কী? (What is management?)

উত্তরঃ ব্যবস্থাপনা হলো পূর্বানুমান ও পরিকল্পনা করা, সংগঠিত করা, আদেশ ও নির্দেশ দেয়া, সমন্বয় সাধন এবং নিয়ন্ত্রণ করা।

২. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?

উত্তর: হেনরি ফেয়লকে আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয়।

৩. ব্যবস্থাপনা প্রক্রিয়া কী?

উত্তর : ব্যবস্থাপনা প্রক্রিয়া হলো এমন একটি পদ্ধতি যা প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ, পরিকল্পনা, সংগঠন, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ এবং এগুলো বাস্তবায়নের সাথে জড়িত।

৪. ব্যবস্থাপনা চক্র কী? (What is management cycle)

উত্তর : প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য ব্যবস্থাপনার কার্যসমূহ; যেমন-পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন, নিয়ন্ত্রণ ইত্যাদি চক্রাকার আবর্তিত হওয়াকে ব্যবস্থাপনা চক্র বলে।

৫. ব্যবস্থাপক কে? (Who is manager?)

উত্তর: প্রতিষ্ঠানে বিদ্যমান মানবীয় ও বস্তুগত উপকরণাদির কার্যকর ব্যবহার নিশ্চিত করে লক্ষ্য অর্জনের জন্যে পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নেতৃত্বদান ও নিয়ন্ত্রণ কাজের সাথে জড়িত ব্যক্তিবর্গকে ব্যবস্থাপক বলে।

৬. ব্যবস্থাপনা স্তর কী? (What is level of management?)

উত্তর : কর্তৃত্ব ও দায়িত্বের ভিত্তিতে ব্যবস্থাপনার পর্যায়ভিত্তিক বিন্যাসকে ব্যবস্থাপনার স্তর বলে। এরূপ স্তর উচ্চ, মধ্যম ও নিম্ন- এরূপ তিন পর্যায়ে বিভক্ত।

৭. উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনা কী? (What is top level management?)

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

উত্তর: ব্যবস্থাপনার যে স্তরে প্রতিষ্ঠানের নীতি ও উদ্দেশ্য নির্ধারণ, দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন এবং কর্মপদ্ধতি ও কৌশল নির্ধারণ করা হয় তাকে উচ্চস্তরের ব্যবস্থাপনা বলে। প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের নির্বাহীদের সমন্বয়ে উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনা গড়ে ওঠে।

৮. নিম্ন পর্যায়ের ব্যবস্থাপনা কী? (What is lower level management?)

উত্তর: মধ্য পর্যায়ের ব্যবস্থাপনা কর্তৃক গৃহীত পরিকল্পনা ও নীতি-কৌশল মাঠ পর্যায়ে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপনাকে নিম্ন পর্যায়ের ব্যবস্থাপনা বলে।

৯. মধ্য পর্যায়ের ব্যবস্থাপনা কী? (What is mid-level management?)

উত্তর: উচ্চ পর্যায়ে গৃহীত লক্ষ্য, পরিকল্পনা ও নীতির আলোকে নিম্ন পর্যায়ের ব্যবস্থাপকগণকে কাজে লাগাতে ব্যবস্থাপনার যে পর্যায় কাজ করে তাকে মধ্য পর্যায়ের ব্যবস্থাপনা বলে। মধ্য স্তরের ব্যবস্থাপকগণ উচ্চ ও নিম্ন স্তরের ব্যবস্থাপনার যোগসূত্র হিসেবে কাজ করে।

১০. উচ্চ স্তরের ব্যবস্থাপকরা কী ধরনের কাজের সাথে অধিক জড়িত?

উত্তর : উচ্চ স্তরের ব্যবস্থাপকরা নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণমূলক কাজের সাথে অধিক মাত্রায় জড়িত থাকে। এ ধরনের কাজকে চিন্তনমূলক কাজও বলা হয়।

১১. শিল্প বিপ্লব কী? (What is industrial revolution?)

উত্তর : অষ্টাদশ শতাব্দীর শেষার্ধ্বে ইংল্যান্ডে শিল্পক্ষেত্রে হস্তচালিত উৎপাদন ব্যবস্থার পরিবর্তে যন্ত্রের ব্যবহার শুরু হয়। এর ফলে উৎপাদনের পরিমাণ বহুগুণে বৃদ্ধি পায়। ইতিহাসে এ ঘটনাকে শিল্প বিপ্লব হিসেবে অভিহিত করা হয়।

১২. ব্যবস্থাপনার 6M কী?

উত্তর : ব্যবস্থাপনা পদ্ধতিতে ব্যবহৃত ৬ টি উপকরণকে একত্রে 6M বলে। এ ছয়টি উপকরণের আদ্যক্ষর M. এ ছয়টি উপকরণ হলো- Manpower (জনশক্তি), Machine (যন্ত্রপাতি), Material (মালামাল), Method (পদ্ধতি), Money (অর্থ) এবং Market (বাজার)।

১৩. ব্যবস্থাপনার উপকরণ কী? (What is management resources?)

উত্তর: প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কার্যসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বেশকিছু উপকরণ প্রয়োজন। ব্যবস্থাপনার কার্যসমূহ সম্পাদনে প্রয়োজনীয় মানবীয় ও বস্তুগত সম্পদসমূহকে ব্যবস্থাপনার উপকরণ বলে।

১৪. পেশা কী? (What is profession?)

উত্তর : কোন বিষয়ের উপর বিশেষায়িত জ্ঞান আহরণপূর্বক পারদর্শিতা অর্জনের পর তা ব্যক্তি জীবনে জীবিকা অর্জনের উপায় হিসেবে প্রয়োগ করা হলে তাকে পেশা বলে।

১৫. প্রশাসন কী? (What is administration?)

উত্তরঃ ব্যবস্থাপনার যে স্তরে লক্ষ্য নির্ধারণ, নীতি ও পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ এবং উচ্চ পর্যায়ের তত্ত্বাবধান সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা হয় তাকে প্রশাসন বলা হয়। সাধারণত ব্যবস্থাপনার উচ্চ স্তরকে প্রশাসন বলে।

১৬. পরিকল্পনা কী? (What is planning?)

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

উত্তর : ভবিষ্যৎ কার্যক্রমের দিক-নির্দেশনা হলো পরিকল্পনা। অর্থাৎ ভবিষ্যতে কী কাজ করা হবে, কীভাবে করা হবে, কখন করা হবে, কোথায় করা হবে, কার দ্বারা করা হবে- এ সম্পর্কে অগ্রিম সিদ্ধান্ত গ্রহণ বা নকশা করাই হচ্ছে পরিকল্পনা।

১৭. ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি? (What is the first function of Management?)

উত্তর : পরিকল্পনা হলো ব্যবস্থাপনা প্রক্রিয়ার প্রথম কাজ। এর মাধ্যমে ব্যবস্থাপনা চক্র শুরু হয়।

১৮. ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি কোনটি? (Which one is the base of other functions of management?)

উত্তর : পরিকল্পনার ভিত্তিতে ব্যবস্থাপনার অন্যান্য কার্য সম্পাদিত হয়। তাই পরিকল্পনাকে ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি বলা হয়।

১৯. পরিকল্পনা কিভাবে প্রণীত হয়? (How is planning prepared?)

উত্তর : সাধারণত অতীত অভিজ্ঞতা, বর্তমান পারিপার্শ্বিক অবস্থা এবং অনিশ্চিত ভবিষ্যৎ সম্পর্কে অনুমানপূর্বক পরিকল্পনা প্রণয়ন করা হয়। পরিকল্পনা প্রণয়নের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শক্তি, সামর্থ্য, দুর্বলতা ইত্যাদি বিবেচনা করতে হয়।

২০. সংগঠন কী? (What is Organization?)

উত্তর : গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মী ও উপায়-উপকরণাদি সংহত ও কাজে লাগানোর প্রক্রিয়াকে সংগঠন বলে।

২১. কর্মীসংস্থান কী? (What is staffing?)

উত্তর : প্রতিষ্ঠান পরিচালনা ও কার্যক্রম সম্পাদনের জন্য বিভিন্ন দক্ষতা ও যোগ্যতা সম্পন্ন কর্মী প্রয়োজন। কর্মীসংস্থান হলো প্রতিষ্ঠানের বিভিন্ন পদে প্রয়োজনীয় কর্মীর সংখ্যা নির্ধারণ, উপযুক্ত কর্মী সংগ্রহ, নির্বাচন, নিয়োগ, কর্মীদের প্রশিক্ষণ ও উন্নয়ন, কাজের মূল্যায়ন, পদোন্নতি এবং বেতন ও মজুরী নির্ধারণ। অর্থাৎ কর্মীর নিয়োগ থেকে শুরু করে অবসর পর্যন্ত কর্মী সম্পর্কিত যাবতীয় কার্যাবলি কর্মীসংস্থানের অন্তর্ভুক্ত।

২২. নির্দেশনা কী? (What is Direction?)

উত্তর : পরিকল্পনা মোতাবেক প্রতিষ্ঠানের কার্য সম্পাদনের লক্ষ্যে ব্যবস্থাপক কর্তৃক শ্রমিক-কর্মী পরিচালনা ও নির্দেশনাদান সংক্রান্ত কার্যাবলীকে নির্দেশনা বলে। একজন ব্যবস্থাপক নির্দেশনার মাধ্যমে কর্মীরা কোন কাজ কখন, কোথায়, কীভাবে সম্পাদন করবে সে সম্পর্কে উপদেশ, পরামর্শ ও উৎসাহ প্রদান করে থাকে।

২৩. প্রেষণা কী? (What is motivation?)

উত্তর : কর্মীরা যত্ন নয়। তাদের আবেগ-অনুভূতি, ভালো লাগা-খারাপ লাগা, রাগ-ক্ষোভ, শান্তি-ক্লান্তি আছে। এ কারণে তাদের মধ্যে অবসাদ আসে, তখন তারা মনোবল হারিয়ে ফেলে। কর্মীদেরকে কাজে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করার প্রক্রিয়াকে প্রেষণা বলে।

২৪. সমন্বয়সাধন কী? (What is co-ordination?)

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

উত্তর : ব্যবস্থাপনা প্রক্রিয়ার একটি মৌলিক কাজ হলো সমন্বয়সাধন। প্রতিষ্ঠানে বিদ্যমান বিভিন্ন ব্যক্তি, বিভাগ ও উপবিভাগের কাজকে একই উদ্দেশ্যে গ্রহিত, সংযুক্ত ও সুসংহত করার প্রক্রিয়াকে সমন্বয়সাধন বলে।

২৫. নিয়ন্ত্রণ কী? (What is controlling?)

উত্তর : ব্যবস্থাপনা চক্রের সর্বশেষ কাজ হলো নিয়ন্ত্রণ। পরিকল্পনা অনুযায়ী কার্যাবলি সম্পাদিত হচ্ছে কিনা তা যাচাই করা, আদর্শমানের সাথে সম্পাদিত কাজের তুলনাকরণ ও দু'য়ের মধ্যে কোন বিচ্যুতি বা ত্রুটি ধরা পড়লে কারণ অনুসন্ধানপূর্বক সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করার কাজকে নিয়ন্ত্রণ বলে।

২৬. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরের কাজ কোনটি? (Which function comes after controlling in management cycle?)

উত্তর : ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ হলো পরিকল্পনা। অর্থাৎ নিয়ন্ত্রণের মাধ্যমে একটি পরিকল্পনার সফল পরিসমাপ্তি হলে নতুন পরিকল্পনা শুরু হয়।

বিসিএস পরীক্ষায় MCQ প্রশ্নের জন্য গুরুত্বপূর্ণ কিছু টপিকের বিশদ বিশ্লেষণ

❖ ব্যবস্থাপনা কী? [What is Management?]

উত্তরঃ প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য মানবীয় সম্পদ ও বস্তুগত সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করতে পরিকল্পনা, সংগঠন, কর্মসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ প্রক্রিয়াকে ব্যবস্থাপনা বলে। এটি একটি চলমান প্রক্রিয়া, যা পরিবার, সমাজ, রাষ্ট্র- সব স্তরের প্রতিষ্ঠানে প্রযোজ্য।

শিক্ষার্থীদের বুঝার সুবিধার্থে **ব্যবস্থাপনা ধারণা** (Management Concept) ও এর কাজসমূহ একটি উদাহরণের সাহায্যে উপস্থাপন করা হলো :

বাংলাদেশের 'এ গ্লাস' নামক প্রতিষ্ঠানটি তৈরি পোশাক সামগ্রী উৎপাদন করে এবং বিভিন্ন দেশে রপ্তানি করে। প্রতিষ্ঠানটি ২০২০ সালে ২ লক্ষ ৪০ হাজার পিস শার্ট তৈরির সিদ্ধান্ত গ্রহণ করে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী মি. কাদের জামান ১ হাজার কর্মী নিয়োগ করে। নতুন নিয়োগপ্রাপ্ত শ্রমিকদের জন্য শুরুতে ১৫ দিনের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। কাজের সুবিধার্থে তিনি শার্ট উৎপাদন প্রক্রিয়াকে ৬টি পর্যায়ে ভাগ করেন এবং বিভাগীয় প্রধান হিসেবে ৬ জন বিশেষজ্ঞকে নিয়োগ দেন। ৬ জন বিশেষজ্ঞের তত্ত্বাবধানে ও তাঁদের প্রত্যক্ষ নির্দেশনায় বিভিন্ন পর্যায়ের কাজ সম্পাদিত হয়। দক্ষ কর্মীদেরকে তিনি পদোন্নতির ব্যবস্থা করেন। ধারণা অনুযায়ী প্রতি মাসে ২০ হাজার শার্ট তৈরি হওয়ার কথা। ৩০শে জুন হিসাব করে দেখা গেল ১ লক্ষ ২০ হাজারের স্থলে মাত্র ১ লক্ষ পিস শার্ট তৈরি হয়েছে। এমতাবস্থায় বাকী ৬ মাসে ১ লক্ষ ৪০ হাজার পিস শার্ট তৈরি করার জন্য কর্তৃপক্ষ আরো নতুন ৩০০ জন কর্মী নিয়োগ দেয়। দেখা গেল পরবর্তী ৬ মাসে প্রতিষ্ঠানটি ইঙ্গিত লক্ষ্য অর্জন করতে সক্ষম হয়।

উপর্যুক্ত উদাহরণ এর তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়-

- প্রতিষ্ঠানটির বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ হলো **পরিকল্পনা**।
- কর্মী নিয়োগ ও প্রশিক্ষণের বিষয়টি হলো **কর্মসংস্থান**।
- কাজসমূহকে কাজের প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করা এবং নির্দিষ্ট লোককে দায়িত্ব প্রদান করাই হলো **সংগঠন**।

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

- ৬ জন বিশেষজ্ঞ কর্মীদেরকে কাজ সম্পাদনের দিক-নির্দেশনা প্রদান করা হলো **নির্দেশনা**।
- পদোন্নতি ও পুরস্কার প্রদানের বিষয়টি হলো **শ্রেষণা**।
- এছাড়া প্রতিষ্ঠান প্রধান বিভিন্ন বিভাগের কাজের **সমন্বয়সাধন** করেন।
- ৩০ শে জুন সম্পাদিত কাজের সাথে আদর্শমানের তুলনাপূর্বক সমাধানকল্পে গৃহীত বিষয়টি হলো **নিয়ন্ত্রণ**।

বর্তমানে ব্যবস্থাপনা একটি সামাজিক প্রক্রিয়া হিসেবে স্বীকৃত। সমাজের প্রতিটি স্তরে ও ক্ষেত্রে এটি বিদ্যমান। পরিবার থেকে শুরু করে শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপাসনালয়, ব্যবসায় প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ইত্যাদি সর্বক্ষেত্রেই ইহা ব্যাপ্ত। তাই ব্যবস্থাপনাকে সর্বজনীন বলা হয়। প্রতিষ্ঠানের বিভিন্ন মানবীয় ও অমানবীয় উপকরণের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করাই ব্যবস্থাপনার মূল লক্ষ্য।

❖ ব্যবস্থাপনা শব্দের উৎপত্তি (Origin of the word 'Management') :

উত্তরঃ ইংরেজি Management শব্দের বাংলা অর্থ 'ব্যবস্থাপনা'। ব্যবস্থাপনা শব্দটি ব্যাপক অর্থবহ এবং সর্বজনীন। কালক্রমে এর অর্থ পরিবর্তিত হয়েছে। ধরে নেয়া হয় ইতালীয় অর্থাৎ ল্যাটিন শব্দ ম্যানেজিয়ার (Maneggiare) বা ইংরেজি শব্দ মিনেজ (Menage) অথবা ফরাসি শব্দ মেনাজার (Menager) থেকে ইংরেজি Management শব্দটির উৎপত্তি।

- Maneggiare (Latin)= To train up the horses (ঘোড়াকে প্রশিক্ষিত করে তোলা)
- Menager (French)= To direct a family (একটি পরিবারকে পরিচালনা করা)
- Menage (English)= All the people who live together in one house (একটি ঘরে একসাথে-বসবাসকারী সকল মানুষ)

ইতালীয় **Maneggiare** শব্দের অর্থ হলো 'to train up the horses'- অর্থাৎ অশ্ব বা ঘোড়াকে প্রশিক্ষিত করে তোলা বা পরিচালনার উপযোগী করে গড়ে তোলা। কালের বিবর্তনে 'অশ্ব'- এই অর্থের পরিবর্তন হয়েছে। বর্তমানে এটি মূলত প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীকে পরিচালনা করার অর্থে ব্যবহৃত হয়। সুতরাং ব্যবস্থাপনা হচ্ছে এমন একটি বিশেষ প্রক্রিয়া যা পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্যে প্রতিষ্ঠানের মানবীয় ও অন্যান্য বস্তুগত সম্পদসমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে।

❖ হেনরি ফেয়লের সংজ্ঞা [Definition by Henri Fayol]

উত্তরঃ আধুনিক ব্যবস্থাপনার জনক হেনরি ফেয়ল (Henri Fayol) নিম্নোক্তভাবে ব্যবস্থাপনাকে সংজ্ঞায়িত করেছেন- "To manage is to forecast and plan, to organize, to command, to coordinate and to control." [অর্থাৎ, ব্যবস্থাপনা হল পূর্বাণুমান ও পরিকল্পনা করা, সংগঠিত করা, নির্দেশনা দেওয়া, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ করা]

❖ ব্যবস্থাপনার গুরুত্ব [Importance of Management]

উত্তরঃ লক্ষ্য অর্জনের জন্য প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মী ও সম্পদের কার্যকর ব্যবস্থা নিশ্চিত করাকে ব্যবস্থাপনা বলে। ব্যবস্থাপনার গুরুত্ব নিম্নরূপ:

- ব্যবস্থাপনার মাধ্যমে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নেওয়া সহজ হয়।
- এটি প্রতিষ্ঠানের মানবীয় ও বস্তুগত সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করে।

- ব্যবস্থাপনা দক্ষতা অর্জন করলে নেতৃত্ব ও সংগঠনে কার্যকারিতা বাড়ে।
- ব্যবস্থাপনায় সময় ব্যবস্থাপনা, দায়িত্ব বন্টন ও নিয়মানুবর্তিতা গুরুত্বপূর্ণ।
- শুধু ব্যবসায়ের ক্ষেত্রে নয়, বরং জীবনের প্রতিটি ক্ষেত্রেই ব্যবস্থাপনা অপরিহার্য।

❖ ব্যবস্থাপনার কার্যাবলি [Functions of Management]

উত্তরঃ ব্যবস্থাপনা হলো একটি প্রক্রিয়া, যার মাধ্যমে নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য মানব, অর্থ, সময়, উপকরণ ও প্রযুক্তি ইত্যাদি সম্পদকে দক্ষভাবে পরিকল্পনা, সংগঠন, পরিচালনা ও নিয়ন্ত্রণ করা হয়। এর কার্যাবলি নিম্নরূপ:

- পরিকল্পনা (Planning): পরিকল্পনা হল ভবিষ্যতের কাজ কীভাবে করা হবে তা ঠিক করা। এর মাধ্যমে লক্ষ্য নির্ধারণ ও করণীয় নির্ধারিত হয়। পরিকল্পনা ব্যবস্থাপনা ও সাফল্যের প্রথম ধাপ।
- সংগঠন (Organizing): সংগঠন মানে কাজ ও দায়িত্ব সঠিকভাবে ভাগ করে দেওয়া। যাতে সবাই জানে, কে কী কাজ করবে। এটি কাজের গতি ও শৃঙ্খলা নিশ্চিত করে।
- কর্মীসংস্থান (Staffing): যোগ্য ও দক্ষ কর্মী নির্বাচন ও নিয়োগের প্রক্রিয়া। সঠিক লোককে সঠিক জায়গায় বসানো খুব গুরুত্বপূর্ণ। এটি প্রতিষ্ঠানের কার্যক্ষমতা বাড়ায়।
- নির্দেশনা (Directing): কর্মীদের কীভাবে কাজ করতে হবে তা বোঝানোই নির্দেশনা। ভালো নেতৃত্ব ও স্পষ্ট নির্দেশ কাজ সহজ করে তোলে। এটি কর্মীদের আত্মবিশ্বাসও বাড়ায়।
- প্রেরণা (Motivating): কর্মীদের কাজের প্রতি আগ্রহী ও উদ্দীপিত করাই প্রেরণা। প্রশংসা, পুরস্কার, সুযোগ, স্বীকৃতি- এগুলো কর্মীদেরকে প্রেরণা দেয়। প্রেরণা কর্মীদের মনোবল বৃদ্ধি করে। মোটিভেটেড কর্মী আরও ভালো ফলাফল দেয়।
- সমন্বয়সাধন (Coordinating): সব বিভাগের কাজ যেন একসাথে ঠিকভাবে চলে, তা নিশ্চিত করা হয় সমন্বয়ের মাধ্যমে। সমন্বয় ছাড়া বিশৃঙ্খলা তৈরি হয়। এটি দলীয় কাজে মিল রাখে।
- নিয়ন্ত্রণ (Controlling): নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রক্রিয়ার শেষ কাজ। এ পর্যায়ে পরিকল্পনা অনুযায়ী কাজ হচ্ছে কিনা তা যাচাই করাই নিয়ন্ত্রণ। যেখানে সমস্যা আছে, সেখানে সংশোধন আনা হয়।

ব্যবস্থাপনার বিভিন্ন দিক বিশ্লেষণ করে বলা যায়, **ব্যবস্থাপনা হলো-**

- পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের নিমিত্তে একটি কর্ম পদ্ধতি, যা দিয়ে কোন নির্ধারিত উদ্দেশ্য অর্জন করা যায়;
- প্রতিষ্ঠানের মানবীয় ও বস্তুগত সম্পদসমূহ ব্যবহারের সাথে সংশ্লিষ্ট; যেমন- মানুষ, যন্ত্রপাতি, মালামাল, অর্থ, বাজার ও পদ্ধতি ইত্যাদি। এগুলোকে সংক্ষেপে 'M' বলা হয়; অর্থাৎ Men, Machine, Material, Money, Market ও Method;
- একটি প্রক্রিয়া। এ প্রক্রিয়ার কার্যসমূহ; পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেরণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ পরস্পর নির্ভরশীল এবং প্রতিষ্ঠানে ধারাবাহিকভাবে সম্পন্ন হয়;
- একটি দলগত মানবীয় কর্মপ্রচেষ্টা, একক প্রচেষ্টা নয়;
- একটি সামাজিক প্রক্রিয়া, যা প্রেরণা, যোগাযোগ ও নেতৃত্বদানের সমন্বয়ে কর্মীদের চাহিদা মিটিয়ে কাজ আদায় করিয়ে নেয়;
- সর্বজনীন। এটা শুধুমাত্র ব্যবসায় ক্ষেত্রেই নয় বরং এর পরিধি পরিবার, সমাজ, রাষ্ট্র, সরকার সকল ক্ষেত্রেই প্রযোজ্য এবং
- শ্রমশক্তি, উপকরণ ও পুঁজির ন্যায় ব্যবস্থাপনাও একটি অর্থনৈতিক সম্পদ।

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

❖ POSDCORB-এর পূর্ণরূপ ও ব্যাখ্যা [Full form of POSDCORB & Explanation]

উত্তরঃ POSDCORB- হলো প্রশাসনিক ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ ধারণা, যা প্রশাসনিক কার্যাবলির প্রধান প্রধান দিকগুলোকে সংক্ষেপে উপস্থাপন করে। **Luther Gulick (লুথার গুলিক)** এই ধারণাটি ১৯৩৭ সালে উপস্থাপন করেন।

POSDCORB শব্দটি ব্যবস্থাপনার সাতটি কার্যাবলির প্রথম অক্ষর নিয়ে তৈরি, যা নিম্নরূপ:

1. P – Planning (পরিকল্পনা করা)
2. O – Organizing (সংগঠন গঠন করা)
3. S – Staffing (জনবল নিয়োগ ও পরিচালনা করা)
4. D – Directing (নির্দেশনা দেওয়া)
5. CO – Coordinating (সমন্বয় সাধন করা)
6. R – Reporting (উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রতিবেদন দেওয়া)
7. B – Budgeting (বাজেট তৈরি ও নিয়ন্ত্রণ করা)

❖ ব্যবস্থাপনা চক্র কী? [What is Management Cycle]

উত্তরঃ প্রতিষ্ঠানের কার্য সম্পাদনে ব্যবস্থাপনার কাজসমূহের পর্যায়ক্রমিক আবর্তনকে ব্যবস্থাপনা চক্র বলে। এটি ব্যবস্থাপনার কার্যক্রম ধাপে ধাপে সম্পাদনকে নির্দেশ করে। যেমন- পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ।

❖ 6 ‘M’ of Management (ব্যবস্থাপনার 6M কী?):

উত্তরঃ ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ ৬টি উপাদানকে একসাথে 6M বলে। ব্যবস্থাপনার সফলতা নির্ভর করে এই ছয়টি গুরুত্বপূর্ণ উপাদানের উপর, যা নিম্নরূপ:

- ✓ Man (মানবসম্পদ বা কর্মী)
- ✓ Money (অর্থ বা মূলধন)
- ✓ Materials (উপকরণ)
- ✓ Machines (যন্ত্রপাতি)
- ✓ Methods (পদ্ধতি)
- ✓ Market (বাজার)

❖ ব্যবস্থাপনার প্রকৃতি বা বৈশিষ্ট্য [Nature or Features of Management]

উত্তরঃ কোনো কিছুই মৌলিক বৈশিষ্ট্য, চরিত্র অথবা অন্তর্নিহিত গুণাবলি হলো সে বিষয়ের প্রকৃতি। প্রকৃতি হলো কোনো বিষয়ের সাধারণ বৈশিষ্ট্য। আর বৈশিষ্ট্য হলো বিশেষভাবে নজরে পড়ে স্বতন্ত্রধর্মী এমন কিছু। প্রতিটি কাজ ও ব্যক্তির প্রকৃতি ও বৈশিষ্ট্য পৃথক। প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের নিমিত্তে অন্যকে দিয়ে কাজ আদায় করিয়ে নেয়ার প্রক্রিয়া বা কৌশলকে

ব্যবস্থাপনা বলে। ব্যবস্থাপনা প্রক্রিয়াকে বুঝতে হলে এর প্রকৃতি বৈশিষ্ট্য সম্পর্কে জানা অত্যাাবশ্যিক। নিম্নে এর কতিপয় বৈশিষ্ট্য বর্ণিত হলো:

১. প্রক্রিয়া বা কাজের সমাহার (Process or group of activities) : আমরা জানি, পরস্পর নির্ভরশীল ধারাবাহিক

কাজের সমষ্টিকে প্রক্রিয়া বলে। প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য ব্যবস্থাপনার কাজসমূহ; যেমন- পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ ধারাবাহিকভাবে সম্পন্ন হয়। তাই ব্যবস্থাপনা শুধুমাত্র একটি কাজ নয় বরং একটি প্রক্রিয়া।

২. কতিপয় সম্পদ ব্যবহারের সাথে সংশ্লিষ্ট (Related to utilization of resources) : ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের মানবীয় ও বস্তুগত সম্পদসমূহ ব্যবহারের সাথে সংশ্লিষ্ট; যেমন- মানুষ, যন্ত্রপাতি, মালামাল, অর্থ, বাজার ও পদ্ধতি ইত্যাদি। এগুলোকে সংক্ষেপে '6M' বলা হয়। অর্থাৎ, Men, Machine, Material, Money, Market ও Method.

৩. লক্ষ্য অর্জনের উপায় (Way of achieving goals) : প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম সম্পাদিত হয় লক্ষ্য অর্জনের জন্য। কোন কাজের মূলে যে প্রত্যাশা থাকে তাকে লক্ষ্য বলে। ব্যবসায়ের ক্ষেত্রে মূল উদ্দেশ্য বা লক্ষ্য হলো মুনাফা অর্জন। আর প্রতিষ্ঠানে মুনাফা অর্জনের উদ্দেশ্যে যাবতীয় ব্যবস্থাপনা কার্যক্রম সম্পাদিত হয়।

৪. সামাজিক প্রক্রিয়া (Social process or activities) : সমাজের মানুষের দ্বারা, সমাজের মধ্যে এবং সমাজের মানুষের প্রয়োজনে বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে ওঠে। এছাড়া প্রতিষ্ঠানের অভ্যন্তরেও কর্মীদেরকে নিয়ে একটি পৃথক কর্মী সমাজ গড়ে ওঠে। এরূপ কর্মীবাহিনীর সর্বোত্তম ব্যবহার ও নিয়ন্ত্রণের জন্য ব্যবস্থাপনা কাজ করে। একজন ব্যবস্থাপক ব্যবস্থাপনা কার্যক্রম; প্রেষণা, যোগাযোগ ও নেতৃত্বদানের সমন্বয়ে কর্মীদের চাহিদা মিটিয়ে তাদের থেকে কাজ আদায় করিয়ে নেয়। তাই ব্যবস্থাপনাকে একটি সামাজিক প্রক্রিয়া হিসেবে অভিহিত করা হয়।

৫. অর্থনৈতিক সম্পদ (Economic resource) : আমরা উৎপাদনের কাজে প্রয়োজনীয় সবকিছুকেই সম্পদ বলে।

ব্যবস্থাপনা একটি মূল্যবান অর্থনৈতিক সম্পদ। উৎপাদনের সকল উপকরণ বিদ্যমান থাকা সত্ত্বেও যদি ব্যবস্থাপনা দক্ষ না হয় তাহলে প্রতিষ্ঠান উদ্দেশ্য অর্জন ব্যর্থ হয়।

৬. কাজ আদায়ের কৌশল (Technique of getting work) : ব্যবস্থাপনাবিদ Lawrence A. Apley বলেন, ব্যবস্থাপনা হলো অন্যকে দিয়ে কাজ আদায় করিয়ে নেয়ার কৌশল। আরো স্পষ্ট করে বলা যায়, একজন ব্যবস্থাপক ব্যবস্থাপনার বিভিন্ন কাজের দ্বারা প্রতিষ্ঠানে নিয়োজিত মানবীয় ও বস্তুগত সম্পদসমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে।

৭. জ্ঞানের পৃথক শাখা (Separate branch of knowledge) : ব্যবস্থাপনা জ্ঞান এখন অনেক বেশি সুসংবদ্ধ (organized) ও বিশ্বব্যাপী স্বীকৃত। গত কয়েক দশক ধরে বিশ্বব্যাপী ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞানের ব্যাপক প্রসার ঘটেছে এবং জ্ঞান হিসেবে এটি বেশ সুসংবদ্ধ হয়েছে। নানারকম পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণার মাধ্যমে বর্তমানে ব্যবস্থাপনা আলাদা একটি জ্ঞানের ক্ষেত্র হিসেবে সুপ্রতিষ্ঠিত। সারা বিশ্বেই ব্যবস্থাপনা বিষয়ক বিবিএ ও এমবিএ কোর্স এখন খুবই জনপ্রিয়। এজন্য ব্যবসায় প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ব্যক্তিদের বাইরেও অন্যান্য পেশা; যেমন- ডাক্তার, ইঞ্জিনিয়ার, সেনা অফিসার ও সচিবগণ বর্তমানে বিবিএ ও এমবিএ ডিগ্রি নিচ্ছেন।

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

৮. সর্বজনীন (Universal) : সর্বজনীন হচ্ছে যা সকলের দ্বারা গ্রহণযোগ্য, সকল পরিস্থিতিতে প্রয়োগযোগ্য এবং যা বিশ্বময় স্বীকৃতি লাভ করেছে। ব্যবস্থাপনা এ অর্থে সর্বজনীন কেননা- পরিবার, সমাজ ও রাষ্ট্রের সর্বত্র ব্যবস্থাপনা বিদ্যমান। কোন একটি পরিবারে যেমন ব্যবস্থাপনা প্রয়োজন, তেমনি শিল্প-কারখানা, মসজিদ, মন্দির, গির্জা, স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়েও ব্যবস্থাপনা অপরিহার্য। যেকোনো দেশের সংগঠনেই ব্যবস্থাপনার মৌলিক কার্যাবলি; যেমন- পরিকল্পনা, সংগঠন, কর্মসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ দেখা যায়। আবার ব্যবস্থাপনার যে সকল নীতি ও তত্ত্ব রয়েছে সেগুলো সর্বক্ষেত্রে ও সকল দেশে ব্যবহৃত হচ্ছে। প্রখ্যাত দার্শনিক সক্রেটিস আড়াই হাজার বছর পূর্বে ব্যবস্থাপনাকে সর্বজনীন হিসেবে স্বীকৃতি দিয়েছেন।

❖ **ব্যবস্থাপনার উৎপত্তি ও ক্রমবিকাশ [Origin and Evolution of management]**

উত্তরঃ প্রাচীনকালে আদিম মানুষেরা পাহাড়-পর্বত, মাটির গুহা ও জঙ্গলে বাস করত। সময়ের পরিক্রমায় তারা বিভিন্ন দলে বিভক্ত হয়ে পড়ে। বিভক্ত দলগুলো এক একজন দলপতির অধীনে থেকে পশু-পাখি শিকার করে জীবিকা নির্বাহ করতে শুরু করে। তখন থেকেই 'দলীয় নেতৃত্ব' এর সূত্রপাত হয়। পরবর্তীতে তারা সমাজবদ্ধ হয়ে জীবনযাপন শুরু করে। খাদ্যের বিকল্প উৎস হিসেবে কৃষিকাজ শুরু করে ও জীবনধারণের জন্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি উৎপাদন শুরু করে। পরবর্তীতে বিভিন্ন পরিবারের মধ্যে উদ্ভূত দ্রব্যাদি বিনিময়ের মাধ্যমে ব্যবসায়-বাণিজ্যের প্রচলন ঘটে। এ ব্যবসায়-বাণিজ্য পরিচালনাকে কেন্দ্র করেই প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার উদ্ভব ঘটে। পরবর্তীকালে যুগের পর যুগ ধরে জ্ঞান-বিজ্ঞানের উন্নয়ন ও ব্যবসায় বাণিজ্যের সম্প্রসারণের পথ ধরে ব্যবস্থাপনা আজকের আধুনিক পর্যায়ে উন্নিত হয়। সভ্যতার সূচনালগ্ন থেকে ব্যবস্থাপনা ক্রমবিকাশকে নিম্নোক্ত পাঁচটি ভাগে ভাগ করা যায়:

১. প্রাচীনযুগ (Ancient age) : খ্রিস্টপূর্ব ৫,০০০ অব্দ হতে ০ খ্রিস্টাব্দ অর্থাৎ যিশু খ্রীস্টের মৃত্যুর পূর্ব পর্যন্ত সময়কে ইতিহাসে প্রাচীনকাল হিসেবে বিবেচনা করা হয়। এ সময় পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন সভ্যতা গড়ে ওঠে। এ সকল সভ্যতাগুলোকে পর্যালোচনা করে সে সময় ব্যবস্থাপনার ধরন সম্পর্কে ধারণা পাওয়া যায়। নিম্নে প্রাচীন বিভিন্ন সভ্যতা ও ব্যবস্থাপনা শাস্ত্রের উন্নয়নে সে সভ্যতাসমূহের অবদান বর্ণনা করা হলো:

ক. মিশরীয় সভ্যতা (The Egyptian civilization) : প্রাচীন মিশরে খ্রিস্টপূর্ব ১৩০০ অব্দেই প্রশাসন ও সংগঠনের গুরুত্ব স্বীকৃতি লাভ করেছিল। আধুনিক ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ বিষয় নেতৃত্ব এর প্রভাব সেসময় পাওয়া যায়। এছাড়া ক্ষমতা বিকেন্দ্রীকরণের বিষয়টিও তখনকার সময়ে উদ্ভূত। তখন মিশরের নীল নদের তীরে অনেক শিল্প কারখানা গড়ে উঠেছিল। ফলে সেখানে অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যের প্রসার ঘটে। ব্যবসায় বাণিজ্য পরিচালনার জন্য এক শ্রেণীর ব্যবস্থাপকের আবির্ভাব ঘটেছিল। মিশরের পিরামিড আধুনিক ব্যবস্থাপনার অনেক কৌশলের সাক্ষ্য বহন করে। পরিকল্পনা, সংগঠন ও নিয়ন্ত্রণ ব্যতিত এরূপ বিশাল পিরামিড নির্মাণ কখনই সম্ভব হতো না।

খ. ব্যাবিলনীয় সভ্যতা (The Babylonian civilization): ২০০০ খ্রিস্টপূর্বে ব্যাবিলনের শাসক হাম্মুরাবি রাজ্য শাসনের লক্ষ্যে একটি বিধিপুস্তিকা (Code) প্রণয়ন করেন। ব্যবস্থাপনার ইতিহাসে এটি The code of Hammurabi নামে পরিচিত। এতে সরকারি প্রশাসন চালানোর আইনকানুন, শ্রমিকদের মজুরী প্রদান, ব্যবসায় বাণিজ্যের নিয়ম-পদ্ধতি, চিকিৎসকদের ভুল চিকিৎসার শাস্তি অন্তর্ভুক্ত ছিল। এছাড়া লেনদেনের ক্ষেত্রে নানারকম আইন কানুন এ সময় প্রচলিত ছিল। আধুনিক ব্যবস্থাপনার মৌলিক নীতি- দায়িত্ব অর্পন করা যায় না (Responsibility can not be delegated) এবং তত্ত্বাবধান পরিসর এর ধারণা সর্বপ্রথম ব্যাবিলনীয় সভ্যতা থেকে পাওয়া যায়। সভ্যতার শেষ দিকে রাজা নেবুচাদনেজার উৎপাদন ক্ষেত্রে উৎপাদন নিয়ন্ত্রণ, কার্যভিত্তিক মজুরী ও প্রণোদনামূলক মজুরী ব্যবস্থা চালু করেন।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

গ. **গ্রীক সভ্যতা (The Greek civilization)** : খ্রিস্টপূর্ব ১২০০ থেকে খ্রিস্টপূর্ব ৩২৩ পর্যন্ত সময়কালকে ইতিহাসে গ্রীক সভ্যতা হিসেবে গণ্য করা হয়। প্রাচীন গ্রীক সভ্যতা থেকে ব্যবস্থাপনা সংক্রান্ত নানাবিধ নীতি পাওয়া যায়। কর্মীদেরকে উৎসাহ-উদ্দীপনা ও প্রেষণাদানের নানা কৌশল তারাই প্রথম উদ্ভাবন করে। এ সময়কালের প্রখ্যাত গ্রীক দার্শনিক সক্রেটিসের মতে- ব্যবস্থাপনা হচ্ছে এক প্রকার দক্ষতা, যা কারিগরি জ্ঞান ও অভিজ্ঞতা হতে স্বতন্ত্র। এছাড়া তিনিই প্রথম ‘ব্যবস্থাপনা সর্বজনীন’ এ বিষয়টি তার বইতে উল্লেখ করেন। প্লেটো’র বিখ্যাত গ্রন্থ ‘রিপাবলিক’ এ সময়ে রচিত হয়। তার লেখায় বিশেষায়নের নীতিমালার আলোচনা পাওয়া যায়। তিনি বলেছেন, একজন লোকের একই সময়ে লোহা ও কাঠের কাজ করা উচিত নয়।

ঘ. **চৈনিক সভ্যতা (The Chinese civilization)** : খ্রিস্টপূর্ব ১৯০০ অব্দে চীনে সর্বপ্রথম শ্রম বিশেষায়ন নীতি ও মজুরী প্রথার উদ্ভব ঘটে। এ সভ্যতায় তাওবাদের (Taosim) নায়ক লাও-জু (Lao-Tzu) প্রতিষ্ঠান পরিচালনার এক অভিনব পদ্ধতি প্রবর্তন করেন। এ পদ্ধতিতে যোগ্যতা ও দক্ষতা বিচার করে প্রতিষ্ঠানের বিভিন্ন পদে কর্মী নিয়োগ এবং কর্মীদের সম্পাদিত কাজের মূল্যায়নের মাধ্যমে পদোন্নতি দেয়া হতো। Lao tzu এর নির্দেশিত পরিচালক পদ্ধতির সাথে আধুনিক যুগের ব্যবস্থাপনা পদ্ধতির অনেক মিল পাওয়া যায়। এছাড়াও অনেক গবেষক ও মনীষীগণ মনে করেন, চীনের মহাপ্রাচীর নির্মাণে আধুনিক ব্যবস্থাপনা প্রক্রিয়া; পরিকল্পনা, সংগঠন, নির্দেশনা, নেতৃত্ব, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ কার্যকর ভূমিকা পালন করেছে।

ঙ. **সিন্ধু সভ্যতা (Indus civilization)** : প্রাচীন ভারতের সিন্ধু সভ্যতা পৃথিবীর প্রাচীনতম সভ্যতাগুলোর অন্যতম। খ্রিস্টপূর্ব ২৫০০ হতে ২৮০০ অব্দে সিন্ধু অববাহিকায় শিল্প বাণিজ্যের প্রভূত প্রসার ঘটে। এই এলাকার ব্যবসায়ীরা মিশর, মেসোপটেমিয়া প্রভৃতি দেশের ব্যবসায়ীদের সাথে বাণিজ্যিক সম্পর্ক গড়ে তোলে। সে সময় শিল্প বাণিজ্যের পরিচালনায় ব্যবস্থাপনা পদ্ধতির যথেষ্ট উন্নয়ন ঘটেছিল। সিন্ধু সভ্যতায় খ্রিস্টপূর্ব ৩২১ অব্দে কৌটিল্য অর্থশাস্ত্র প্রণয়ন করেন। এর সারমর্ম ছিল রাষ্ট্রীয় সংগঠনের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থাপনা।

চ. **রোম সভ্যতা (The Roman civilization)** : ব্যবস্থাপনা পদ্ধতির প্রবর্তনে রোম সভ্যতার অবদান গুরুত্বপূর্ণ। এ সময় হস্তশিল্প ব্যবসায়ীদের সমন্বয়ে অনেক জোট গঠিত হয়। এই জোটগুলোর সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য সরকারি পৃষ্ঠপোষকতায় পরিচালকগোষ্ঠী সৃষ্টি হয়। ব্যবসায়-বাণিজ্যের মূলধনের জন্য আগ্রহী জনগণের অর্থ একত্রিত করে কর্পোরেশন ও কোম্পানি গঠিত হয়। কোম্পানির সদস্যদের শেয়ার মালিক বলা হত। শেয়ার মালিকরা কোম্পানি পরিচালনার জন্য পরিচালক নিয়োগ দিতেন। পরিচালকদের সহায়তার জন্য ব্যবস্থাপক ও উচ্চপদস্থ কর্মচারীদের নিয়োগ দেয়া হত। আর ব্যবস্থাপকগণ অফিসের কাজ কর্মে সহায়তার জন্য নিম্নপদস্থ কর্মচারী নিয়োগ করে থাকতেন। এরা অফিসের কাজকর্ম সম্পাদনের সাথে ব্যবসায়ের লেনদেনসমূহ রেকর্ড করতেন, যা বর্তমানে ‘ব্যবস্থাপনা স্তর’ নামে পরিচিত। এভাবে প্রাচীন রোমে আধুনিক ব্যবস্থাপনা পদ্ধতির সূচনা হয়।

২. **মধ্যযুগ (Middle age)** : ব্যবস্থাপনা চিন্তাধারায় ০ থেকে ১৭৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কালকে মধ্যযুগ ধরা হয়। মধ্যযুগে ব্যবসায় বাণিজ্যের অগ্রগতির সাথে সাথে ব্যবস্থাপনা শাস্ত্রের প্রভূত অগ্রগতি দেখা যায়। এ যুগে হযরত মুহাম্মদ (সা:) ও খোলাফায়ে রাশেদিনের শাসন ব্যবস্থা ও রাষ্ট্র প্রতিষ্ঠায় কল্যাণমূলক চিন্তার বিকাশ ঘটে। নিম্নোক্ত পদ্ধতিগণ ব্যবস্থাপনা শাস্ত্র উন্নয়নে বিশেষ অবদান রাখেন:

ক. **আল ফারাবি (৮৭০-৯৫০ খ্রি.)** : মুসলিম দার্শনিক আল ফারাবি তৎকালীন খোরাসান, বর্তমান কাজাখস্থানে জন্মগ্রহণ করেন। তিনি ৯০০ খ্রিস্টাব্দে ধর্মতত্ত্ব ও রাষ্ট্র ব্যবস্থাপনায় তাঁর চিন্তাভাবনা লিখিত আকারে প্রকাশ করেন। এছাড়া নেতৃত্বের গুণাবলী ও পরিত্যাজ্য দোষসমূহ সম্পর্কে তার মতামত প্রদান করেন। তাঁকে ইসলামিক রাজনৈতিক দর্শন (Islamic Political Philosophy) এর জনক বলা হয়।

খ. **ইমাম গাজ্জালি (১০৫৮-১১১১খ্রি.)**: প্রখ্যাত মুসলিম দার্শনিক ও গবেষক ইমাম গাজ্জালী ১১০০ খ্রিস্টাব্দে ‘নাসিহাত আল মুলক’ নামক গ্রন্থ রচনা করেন। উক্ত গ্রন্থে তিনি রাজা তথা শাসকশ্রেণির প্রয়োজনীয় গুণাবলি ও প্রজাদের প্রতি আচরণ কেমন হবে সে সম্বন্ধে বিস্তারিত নির্দেশনা সন্নিবেশিত করেছেন। তিনি বলেছেন,

রাজার আচরণ এমন হওয়া উচিত যাতে তার মৃত্যুর পর রাজা-প্রজা সবাই তাকে হারানোর বেদনা অনুভব করে। উল্লেখ্য; এ উক্তিটি আধুনিক যুগে প্রতিষ্ঠান পরিচালনায় ব্যবস্থাপকদের ক্ষেত্রেও প্রযোজ্য।

- গ. **লুকা প্যাসিওলি (১৪৪৫-১৫১৭ খ্রি.)**: ইতালির লুকা প্যাসিওলি ১৪৯৪ খ্রিস্টাব্দে হিসাবরক্ষণে দু-তরফা দাখিলা পদ্ধতি প্রবর্তন করেন। এজন্য তাঁকে দু-তরফা দাখিলা পদ্ধতির জনক বলা হয়। হিসাবরক্ষণের এ পদ্ধতি ব্যবস্থাপনার উন্নয়নে বিশেষ অবদান রাখে। এ সময়ে ইটালিতে অংশীদারি ও যৌথ প্রচেষ্টায় প্রতিষ্ঠিত ব্যবসায়ের প্রচলন হয়।
- ঘ. **নিকোলো ম্যাকিয়াভেলি (১৪৬৯-১৫২৭ খ্রি.)**: ইতালিয় দার্শনিক নিকোলো ম্যাকিয়াভেলি ব্যবসায় ও রাষ্ট্রীয় সংগঠনে ব্যবস্থাপনার ক্ষেত্রে বিশেষ অবদান রাখেন। রাষ্ট্রীয় সংগঠনে নেতৃত্বের ক্ষেত্রে তাঁর অবদান উল্লেখযোগ্য। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ হলো 'দ্য প্রিন্স' যেখানে তিনি শাসকের ক্ষমতা ও নেতৃত্বের গুণাবলীর কথা উল্লেখ করেছেন। তবে শাসকের জন্য লিখলেও এগুলো ব্যবস্থাপকের ক্ষেত্রেও প্রযোজ্য।
- ঙ. **স্যার টমাস মুর (১৪৭৮-১৫৩৫ খ্রি.)**: যুক্তরাজ্যের স্যার টমাস মুর মনে করতেন অভিজাত শাসক শ্রেণীর অদক্ষ ব্যবস্থাপনা মধ্যযুগে ইংল্যান্ডের জনগণের দুঃখ-দুর্দশার অন্যতম কারণ। ১৫০০ খ্রিস্টাব্দে তাঁর রচিত 'ইউটোপিয়া' নামক গ্রন্থে তিনি ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে অপচয় রোধ ও উৎপাদনশীলতা বৃদ্ধির কথা তুলে ধরেন। এছাড়া তিনি কার্যের বিশেষায়ন ও মানবসম্পদের সর্বোচ্চ ব্যবহারের ক্ষেত্রে কারিগরি দক্ষতাকে মূল ভিত্তি হিসেবে চিহ্নিত করেছেন।
৩. **শিল্প বিপ্লব কাল (Industrial revolution period)** : শিল্প বিপ্লব বলতে উৎপাদনের ক্ষেত্রে ব্যাপক উৎপাদন বৃদ্ধি অর্থাৎ বৈপ্লবিক পরিবর্তনকে বুঝায়। অষ্টাদশ শতাব্দীর শেষার্ধ্বে (১৭৫০-১৮৫০) ইংল্যান্ডে উৎপাদনের ক্ষেত্রে চিরাচরিত হস্তশিল্পের পরিবর্তে যন্ত্রশিল্পের ব্যবহার শুরু হলে উৎপাদনের পরিমাণ বেড়ে যায় বহুগুণ। ইতিহাসে এ ঘটনাকে শিল্প বিপ্লব বলে। শিল্প বিপ্লবের সময়কালে উৎপাদন, বস্তু ও পরিবহন ব্যবস্থায় কল-কজা ও ইঞ্জিনের ব্যবহার শুরু হলে ব্যবসায় জগতে আমূল পরিবর্তন শুরু হয়। এসময় জন কে, রিচার্ড আর্করাইট, ক্রম্পটন প্রমুখের আবিষ্কৃত বিভিন্ন যন্ত্র যন্ত্রশিল্পে বৈপ্লবিক পরিবর্তন আনে এবং জেমস ওয়াট, রিচার্ড ট্রেভিথিক, জর্জ স্টিপেনসন প্রমুখ কর্তৃক বাষ্পীয় ইঞ্জিন ও বাষ্পীয় গতিশক্তির আবিষ্কারের ফলে রেলগাড়ি, স্টীমার প্রভৃতির দ্রুত উন্নয়ন সাধিত হয়। এ শিল্প বিপ্লবই পাশ্চাত্য জগতের শিল্পক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন সাধন করে।
- এ সময়ে যে সকল মনীষী ব্যবস্থাপনা উন্নয়নে বিশেষ অবদান রাখেন নিম্নে তাদের কয়েকজনের বর্ণনা দেয়া হলো:
- ক. **অ্যাডাম স্মিথ (Adam Smith)** : অর্থনীতির জনক অ্যাডাম স্মিথ স্কটল্যান্ডে জন্মগ্রহণ করেন। ১৭৭৬ সালে তাঁর রচিত 'The wealth of nations' গ্রন্থটি প্রকাশিত হয়। এ গ্রন্থে তিনি শ্রম বিভাজনের মৌলিক সুবিধার কথা উল্লেখ করেন। তাঁর মতে শ্রম বিভাজন শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি করে, সময় বাঁচায় এবং নতুন নতুন যন্ত্রপাতি উদ্ভাবনে সৃজনশীল প্রতিভার উন্মেষ ঘটায়।
- খ. **জেমস ওয়াট ও ম্যাথি বোল্টন (James Watt & Matthew Bolton)** : বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কারের জন্য জেমস ওয়াটকে শিল্প বিপ্লবের মূল কুশীলব বলা হয়। পরবর্তীতে এ দু'জন বিজ্ঞ উদ্ভাবক মিলে স্টীম ইঞ্জিন তৈরির জন্য 'বোল্টন ওয়াট এন্ড সন্স' নামক প্রতিষ্ঠান গঠন করেন। এর সহযোগী 'সোহো ইঞ্জিনিয়ারিং ফাউন্ড্রিতে' তারা দুজন ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন। এ প্রতিষ্ঠানে তাঁরা দু'জন ব্যবস্থাপনার ক্ষেত্রে বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করেন। তাঁরা ব্যবস্থাপনার যেসব অবদান রেখেছেন তার মধ্যে; বাজার গবেষণা ও পূর্বানুমান, কার্য প্রবাহ ও প্রয়োজনের নিরিখে পরিকল্পিত যন্ত্রপাতি বিন্যাস, উৎপাদন পরিকল্পনা, উৎপাদন প্রক্রিয়ায় আদর্শমান নির্ণয় ইত্যাদি উল্লেখযোগ্য।
- গ. **রবার্ট ওয়েন (Robert Owen)** : রবার্ট ওয়েন স্কটল্যান্ডের বিভিন্ন বস্ত্রকলে ব্যবস্থাপক হিসেবে দায়িত্বপালন করেন। ১৮০০ হতে ১৮২৮ সাল পর্যন্ত তিনি স্কটল্যান্ডের বিভিন্ন বস্ত্রকলে গবেষণা চালিয়ে শ্রমিক কল্যাণ ও শ্রমিক সেবার

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

নানাবিধ পস্থার নির্দেশ দেন। শ্রমিক-কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য তাকে আধুনিক শ্রমিক-কর্মী ব্যবস্থাপনার জনক বলা হয়। তিনি কারখানার কার্য পরিবেশ উন্নয়ন

সাধন, কারখানার কর্মরত ব্যক্তিদের জন্য সর্বনিম্ন কার্য বয়ঃসীমা বৃদ্ধি, কর্মীদের কার্যঘণ্টা হ্রাস, শ্রমিকদের খাবারের ব্যবস্থাকরণ এবং তাদের জন্য বাসস্থান ও রাস্তাঘাট নির্মাণ করে কারখানা জীবনকে আকর্ষণীয় করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

ঘ. চার্লস ব্যাবেজ (Charles Babbage) : তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের অংক শাস্ত্রের অধ্যাপক ছিলেন। ১৮৯২ সালে তাঁর লেখা গ্রন্থ ‘On the economy of machines and manufactures’ প্রকাশিত হয়। এতে তিনি শ্রমিকদের যোগ্যতা বিচারে কর্তব্য বণ্টন এবং শ্রম বিভাজনের উপর গুরুত্ব প্রদান করেন। তিনি শ্রমিকদের জন্য মুনাফা বণ্টন প্রথার সুপারিশ করেন। ১৮৮২ সালে তিনি যান্ত্রিক ক্যালকুলেটর আবিষ্কার করেন। তাকে কম্পিউটারের জনক বলা হয়।

ঙ. হেনরি ভার্নাম পুর (Henry Vernam Pour) : হেনরি ভার্নাম পুর ঊনবিংশ শতাব্দীর শেষার্ধ্বে ‘American railroad journal’ এর সম্পাদক ছিলেন। তিনি সে সময় আমেরিকার রেলওয়ের দুর্ভাবস্থা পর্যবেক্ষণ করেন এবং উপলব্ধি করেন যে এই দুর্ভাবস্থা থেকে উন্নয়নের জন্য প্রয়োজন হল সুষ্ঠু ব্যবস্থাপনা। এ জন্য তিনি এমন একটি ব্যবস্থাপনা পদ্ধতির উল্লেখ করেন, যার সংগঠন কাঠামোতে প্রত্যেক কর্মীর দায়-দায়িত্ব নির্দিষ্ট থাকবে এবং সমগ্র সংগঠনে এমন এক ধরনের যোগাযোগ ব্যবস্থা থাকবে যাতে প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরে কি ঘটছে বা না ঘটছে তা সর্বোচ্চ স্তরের ব্যবস্থাপনা সহজে জানতে পারবে। এছাড়া তিনি নেতৃত্ব, কার্যমূল্যায়ন, একতাই বল ইত্যাদি নীতির উপরও অবদান রাখেন।

৪. শিল্প বিপ্লব পরবর্তী কাল (Post-industrial revolution period) : ১৮৫১ থেকে ১৯৫০ খ্রি. পর্যন্ত সময়কালকে ব্যবস্থাপনা শাস্ত্র উন্নয়নের ইতিহাসে শিল্প বিপ্লব পরবর্তীকাল হিসেবে অভিহিত করা হয়। এ সময়কাল হলো বৈজ্ঞানিক ব্যবস্থাপনার আবির্ভাব ও ক্রমোন্নয়নের যুগ। বৈজ্ঞানিক ব্যবস্থাপনার যুগের সূচনা হতেই আধুনিক ব্যবস্থাপনার উৎপত্তি হয়। এ সময় ব্যবস্থাপনা ক্ষেত্রে সুশৃঙ্খল ও ধারাবাহিক পদ্ধতি, রীতিনীতি ও জ্ঞানের উন্মেষ ঘটে। বৈজ্ঞানিক ব্যবস্থাপনায় যে সকল মনীষী অবদান রাখেন তাঁদের সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা নিম্নরূপ:

ক. ফ্রেডারিক উইন্সলো টেলর (Frederick Winslow Taylor) : ফ্রেডারিক উইন্সলো টেলর (১৯৫৬-১৯১৫) বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক। তিনি ১৮৭৫ সালে মেকানিক হিসেবে মিডভ্যাল ইন্সপাত কোম্পানি যোগদান করেন। পরবর্তীতে স্বীয় প্রতিভা ও দক্ষতারবলে প্রকৌশল ডিগ্রী লাভ করেন এবং উক্ত কোম্পানির প্রধান নির্বাহী পদে উন্নীত হন। তিনি ১৯১১ খ্রিস্টাব্দে ‘The scientific management’ নামক একটি গ্রন্থ প্রকাশ করেন। এখানে তিনি চারটি নীতির কথা বলেন সেগুলো হলো-

(i) কার্য সম্পাদনে সনাতনী পদ্ধতির পরিবর্তে বৈজ্ঞানিক পদ্ধতির প্রয়োগ।

(ii) বৈজ্ঞানিক পদ্ধতিতে শ্রমিক-কর্মী নিয়োগ, প্রশিক্ষণ ও উন্নয়ন।

(iii) ব্যবস্থাপনা ও শ্রমিক কর্মীদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক সৃষ্টি এবং দায়িত্ব ও কর্তব্যের সুসম বণ্টন, যাতে তারা নিজ নিজ কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারে।

(iv) এছাড়া তিনি কার্য সম্পাদনের উত্তম পদ্ধতির নিমিত্তে প্রত্যেক কার্যের জন্য সময় নিরীক্ষণ, গতি নিরীক্ষণ ও ক্লাস্টি নিরীক্ষণের ওপর জোর দেন। কার্যসম্পাদনে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে তিনি শ্রমিকদের জন্য পার্থক্যমূলক মজুরী প্রথার প্রবর্তন করেন।

খ. হেনরি ফেয়ল (Henri Fayol) : হেনরি ফেয়লকে আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয়। তুরস্কে জন্মগ্রহণকারী ও পরবর্তীতে ফ্রান্সের অধিবাসী এ মহান ব্যবস্থাপনাবিদ ১৮৬০ থেকে ১৯১৮ সাল পর্যন্ত খনি প্রকৌশলী হিসেবে বিভিন্ন পদে কর্মরত ছিলেন। তিনি মনে করতেন, ব্যবস্থাপনা তত্ত্বের প্রয়োগ শুধুমাত্র ব্যবসায় প্রতিষ্ঠানেই নয় বরং সকল প্রতিষ্ঠানে প্রয়োগযোগ্য। তিনি বিভিন্ন শিল্পের কার্যাবলিকে ৬টি ভাগে ভাগ করেন; যেমন- কারিগরি, ব্যবসায়িক, আর্থিক, নিরাপত্তামূলক, হিসাব-নিকাশ ও ব্যবস্থাপনা। আবার, ব্যবস্থাপনা প্রক্রিয়ার কাজকে ৫টি ভাগে ভাগ করেন; যথা- পূর্বানুমান ও পরিকল্পনা, সংগঠন, নির্দেশনা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ ইত্যাদি। এছাড়া তিনি সর্বজনীনভাবে প্রয়োগযোগ্য ১৪টি নীতি প্রবর্তন করেন। যা অদ্যাবধি ব্যবস্থাপনার

ক্ষেত্রে সর্বজনগ্রাহ্য মূলনীতি হিসেবে অনুসৃত হয়। তিনি আধুনিক ব্যবস্থাপনার উন্নয়নে ১৯১৬ সালে 'Industrial and general administration' নামক একটি গ্রন্থ প্রকাশ করেন। ব্যবস্থাপনার ক্ষেত্রে অবদান বিশ্লেষণ করলে দেখা যায়, হেনরি ফেয়লই সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। তাই তাঁকে আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয়।

- গ. **হেনরী এল গ্যান্ট (Henry L. Gantt) :** হেনরী এল. গ্যান্ট ১৮৮৭ সালে মেকানিক্যাল ইঞ্জিনিয়ার হিসেবে টেলরের সাথে মিডডিল কোম্পানিতে যোগ দেন।
- বৈজ্ঞানিক পদ্ধতিতে শ্রমিক নির্বাচন ও বোনাস প্রথা প্রচলনে তিনি যথেষ্ট অবদান রাখেন। তাঁর আবিষ্কৃত গ্যান্ট চার্ট যে কোন কার্যক্রমের পরিকল্পনা ও নিয়ন্ত্রণে খুবই উপযোগী।
৫. **আধুনিক যুগ (Modern stage) :** ১৯৫১ সাল থেকে বর্তমান সময়কাল পর্যন্ত ব্যবস্থাপনা উন্নয়নের ইতিহাসে আধুনিক কাল হিসেবে গণ্য। ব্যবস্থাপনার ক্রমবর্ধমান উন্নয়ন ধারা পর্যালোচনা করলে দেখা যায় যে ৩টি ধারণা ব্যবস্থাপনাকে সমৃদ্ধ করেছে সবচেয়ে বেশী। এগুলো হলো- এফ. ডব্লিউ. টেলরের বৈজ্ঞানিক ব্যবস্থাপনা, হেনরি ফেয়লের কার্যভিত্তিক ব্যবস্থাপনা ও এলটন মেয়োর মানবিক সম্পর্ক ধারণা। এছাড়া আধুনিক কালে আরো যারা ব্যবস্থাপনা চিন্তাধারার উন্নয়নে অনস্বীকার্য ভূমিকা রেখেছেন তাঁদের মধ্যে; ডগলাস ম্যাকগ্রেগর, হার্জবার্গ, পিটার এফ. ড্রাকার, চেস্টার আই. বানার্ড, উইলিয়াম ও'চি অধ্যাপক কুঞ্জ ও ডোন্যাল, আরনেস্ট ডেল, ম্যাকফারল্যান্ড প্রমুখ মনীষীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ব্যবস্থাপনার উৎপত্তি ও ক্রমবর্তনের ইতিহাস পর্যালোচনা করে বলা যায়, প্রাচীনকাল থেকে বর্তমানকাল পর্যন্ত বহু শিল্পপতি, সমাজবিজ্ঞানী, প্রকৌশলী, মনোবিজ্ঞানী, গণিতবিদ ও সমাজ-সংস্কারক ব্যবস্থাপনা তত্ত্বকে সমৃদ্ধ করেছেন। এদের কেউ নিজ কর্মক্ষেত্রে অভিজ্ঞতার ভিত্তিতে আবার কেউ গবেষণার মাধ্যমে উদ্ভাবন করেছেন বহুবিধ ব্যবস্থাপনা তত্ত্ব।

❖ ব্যবস্থাপনার আওতা [*Scope of management*]

উত্তরঃ ব্যবস্থাপনা শব্দটি অত্যন্ত ব্যাপক ও অর্থবহ। একটি সর্বজনীন মানবিক প্রক্রিয়া হিসেবে ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক জীবন থেকে শুরু করে রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলের সর্বত্রই ব্যবস্থাপনার ব্যবহার লক্ষ করা যায়। সকল প্রকার ব্যবসায় প্রতিষ্ঠান থেকে শুরু করে অফিস আদালত, স্কুল-কলেজ, হাসপাতাল, ধর্মীয় সংস্থা, সামরিক সংগঠন ইত্যাদি পরিচালনায় ব্যবস্থাপনা সক্রিয় ভূমিকা পালন করে। তাই ব্যবস্থাপনার আওতা অত্যন্ত ব্যাপক ও বিস্তৃত। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে ব্যবস্থাপনার আওতা নিম্নোক্তভাবে ভাগ করা যায়:

ক. **প্রাতিষ্ঠানিক দৃষ্টিকোণ থেকে ব্যবস্থাপনার আওতা (Scope of management from institutional point of view) :** আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যক্তি ও পারিবারিক পর্যায়ে থেকে শুরু করে রাষ্ট্রীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ধরনের সংগঠন সৃষ্টি হয়েছে। এ সকল সংগঠন পরিচালনায় ব্যবস্থাপনার নীতি ও কার্যাবলি অনুসরণ করা হয়ে থাকে। নিম্নে বিভিন্ন সংগঠনের ক্ষেত্রে ব্যবস্থাপনার আওতা বর্ণনা করা হলো :

১. **পারিবারিক জীবনে ব্যবস্থাপনা (Management in family life) :** পরিবারও একটি প্রতিষ্ঠান। তাই পরিবারকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে ব্যবস্থাপনার ভূমিকা অনস্বীকার্য। পরিবার প্রধান যদি সফলভাবে ব্যবস্থাপনার প্রয়োগ করতে পারেন তবে ব্যক্তি ও পারিবারিক উভয় জীবন সুখী ও সুন্দর হয়। তাই দেখা যায়, যিনি পারিবারিক ব্যবস্থাপনায় সফল তিনি প্রতিষ্ঠান পরিচালনায়ও দক্ষতার পরিচয় দিয়ে থাকেন।
২. **সামাজিক সংগঠনে ব্যবস্থাপনা (Management in social organization) :** মানুষ সামাজিক জীব। সমাজবদ্ধ মানুষ পরস্পরের ওপর নির্ভরশীলতার ভিত্তিতে বসবাস করে। সমাজে বসবাসকারী মানুষের বিভিন্ন অভাব ও চাহিদা পূরণের জন্য ও তাদের কাজকর্মকে নিয়ন্ত্রণের জন্যে বিভিন্ন ধরনের সামাজিক প্রতিষ্ঠান বা সংগঠনের উদ্ভব হয়েছে; যেমন- স্কুল-কলেজ, ধর্মীয় প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লাব, সংঘ বা সমিতি ইত্যাদি। এছাড়া স্থানীয় প্রশাসনিক কাজের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান; যেমন- ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা

পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন ইত্যাদি। এ সকল প্রতিষ্ঠানের প্রধানগণের পদবি; চেয়ারম্যান, মেয়র, অধ্যক্ষ যা-ই হোক, তারা আসলে ব্যবস্থাপক। ব্যবস্থাপনার নীতি ও কৌশল ব্যবহার করে তারা এসব প্রতিষ্ঠান পরিচালনা করে থাকেন।

৩. **রাজনৈতিক সংগঠনে ব্যবস্থাপনা (Management in political organization)** : প্রতিটি রাজনৈতিক সংগঠন নিজস্ব আদর্শ ও নীতির আলোকে পরিচালিত হয়ে থাকে। তাই রাজনৈতিক বিভিন্ন সংগঠনের দলীয় কার্যক্রম, দলের উদ্দেশ্য বাস্তবায়ন ও দলের মধ্যে শৃঙ্খলা আনয়ন প্রভৃতি ক্ষেত্রে ব্যবস্থাপনার কার্যাবলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। রাজনৈতিক সংগঠনের নেতাদের কাজ ব্যবস্থাপকের কাজের সাথে সাদৃশ্যপূর্ণ।
 ৪. **ব্যবসায় সংগঠনে ব্যবস্থাপনা (Management in business organization)** : ব্যবসায় সংগঠনসমূহকে উৎপাদন, বিপণন, ক্রয়-বিক্রয়, গুদামজাতকরণ, পরিবহন, অর্থসংস্থান, বিজ্ঞাপন, বিমা ইত্যাদি বিভিন্ন ধরনের কার্যাবলি সম্পাদন করতে হয়। তাই ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ যেকোনো ধরনের ব্যবসায় সংগঠনসমূহ ব্যবস্থাপনার আওতায় উপরোক্ত কার্যাবলি সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করে।
 ৫. **রাষ্ট্রীয় ক্ষেত্রে ব্যবস্থাপনা (Management in state)** : পরিবার থেকে রাষ্ট্র সর্বক্ষেত্রে ব্যবস্থাপনা বিদ্যমান। রাষ্ট্রীয় কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে ব্যবস্থাপনার নীতি ও কৌশল ব্যবহৃত হয়। রাষ্ট্রের কাজ হলো আইনের শাসন ও সামাজিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা। তাই দেশের সকল ক্ষেত্রে শান্তি-শৃঙ্খলা ও নিয়ন্ত্রণ বজায় রাখতে ব্যবস্থাপনার নীতি ও পদ্ধতি প্রয়োগ করতে হয়। রাষ্ট্রীয় কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পরিকল্পনার আলোকে পরবর্তী বছরের জন্য বাজেট প্রস্তুত করা হয়।
 ৬. **আন্তর্জাতিক ক্ষেত্রে ব্যবস্থাপনা (Management in international areas)** : ব্যবস্থাপনা শুধুমাত্র দেশের অভ্যন্তরীণ সংগঠনগুলোর কার্য পরিচালনার সাথে জড়িত নয়, বরং আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো পরিচালনায়ও ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি ব্যবহৃত হয়। আন্তর্জাতিক পরিমন্ডলে গড়ে ওঠা বিভিন্ন রকম সংস্থা বা প্রতিষ্ঠান; যেমন- UN, UNDP, UNICEF, FAO, SAARC, ADB, WTO, IMF ইত্যাদিও ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে পরিচালিত হয়।
- খ. **কাজের দৃষ্টিকোণ হতে ব্যবস্থাপনার আওতা (Scope of management from functional point of view)** : বিভিন্ন অবস্থায় ব্যবস্থাপকেরা বিভিন্ন ধরনের কাজ করে থাকেন। আধুনিকযুগের অন্যতম ব্যবস্থাপনা বিশারদ পিটার এফ. ড্রাকার এর মতে ব্যবস্থাপকেরা তিন ধরনের কাজের সাথে জড়িত; যথা-
১. **ব্যবসায় পরিচালনা (Operating in business)** : পূর্ব নির্ধারিত উদ্দেশ্য অর্জনের জন্য প্রতিষ্ঠানের কর্মীবাহিনী, উপকরণাদি, পদ্ধতি ও যন্ত্রপাতির সুষ্ঠু পরিচালনার লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন ও অন্যান্য যে সকল কার্যাবলি সম্পাদন করা হয় তা ব্যবস্থাপনার আওতাধীন। পরিকল্পনা প্রণয়ন, কর্মীসংস্থান, সংগঠন, নির্দেশনা প্রদান, সমন্বয়সাধন, প্রশ্রয়সাধন ও নিয়ন্ত্রণ ইত্যাদি ব্যবস্থাপকীয় কার্যাবলি সম্পাদনের মাধ্যমে সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনা করা হয়।
 ২. **ব্যবস্থাপকদের ব্যবস্থাপনা (Management of manager)** : প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোতে (Organizational structure) বিভিন্ন স্তরের নির্বাহী নিয়োজিত থাকে। সামগ্রিক ব্যবস্থাপনা প্রক্রিয়ার সাথে জড়িত বিভিন্ন বিভাগ ও উপবিভাগ কর্মরত নির্বাহীর কার্যের মধ্যে সমন্বয়সাধন করা এবং ভারসাম্য রক্ষা করা ব্যবস্থাপকের কাজ। তাই ব্যবস্থাপককে প্রত্যেক নির্বাহীর জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ, নির্দেশনা ও পরামর্শ প্রদান ও এদের কাজের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করতে হয়।

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

৩. **শ্রমিক-কর্মীদের ব্যবস্থাপনা (Management of labor-owners) :** ব্যবস্থাপক প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মীদেরকে দিয়ে বিভিন্ন কাজ করিয়ে নেয়। প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মী নির্বাচন, নিয়োগ, তাদের প্রশিক্ষণ ও কার্যসম্পাদনের প্রয়োজনীয় নির্দেশনা দান, তদারক ও নিয়ন্ত্রণ করা ব্যবস্থাপনার কাজ। এছাড়াও ব্যবস্থাপকরা প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মীদেরকে সংগঠিত ও পরিচালনা করে থাকে।
- গ. **প্রয়োজনের নিরিখে ব্যবস্থাপনার আওতা (Scope of management on the basis of needs) :** প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী প্রত্যেক ক্ষেত্রেই ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলি সম্পাদিত হয়ে থাকে। অধুনা ব্যবসায় প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন বিভাগ; যেমন- উৎপাদন, ক্রয়-বিক্রয়, হিসাব-নিকাশ, অর্থসংস্থান, বিপনন ইত্যাদি থাকে। প্রত্যেক বিভাগের কাজের আওতা ভিন্ন হয়ে থাকে। ব্যবস্থাপনাকে উৎপাদন ব্যবস্থাপনা, ক্রয় ব্যবস্থাপনা, বিক্রয় ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, বিপনন ব্যবস্থাপনা ইত্যাদি বিভিন্ন ভাগে ভাগ করা হয়। এসব বিভাগের কার্যাবলি সুষ্ঠুভাবে সমাধানের জন্য এদের মধ্যে সংযোগ ও সমন্বয়সাধন ব্যবস্থাপনার আওতাভুক্ত।
- ঘ. **কৌশল প্রয়োগের ভিত্তিতে ব্যবস্থাপনার আওতা (Scope of management from strategic point of view) :** প্রাতিষ্ঠানিক কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য একজন ব্যবস্থাপক বিভিন্ন কৌশল ব্যবহার করে যা ব্যবস্থাপনার আওতায় পড়ে; যেমন- উপাত্ত সংগ্রহ, পলিসি নির্ধারণ, কর্মসূচী গ্রহণ ইত্যাদি। সংগঠনের জন্য বিভিন্ন কাজ; বিভাগীয়করণ, কমিটি, কেন্দ্রীকরণ ও বিকেন্দ্রীকরণ, কর্তৃত্বপূর্ণ, দায়িত্ব ও কর্তব্য বণ্টন ইত্যাদি। নির্দেশনার জন্য বিভিন্ন কাজ; নেতৃত্ব, প্রেরণা, প্রণোদনা এবং নিয়ন্ত্রণের জন্য প্রতিবেদন, পরিদর্শন ইত্যাদি।
- ঙ. **স্তরভেদে ব্যবস্থাপনার আওতা (Scope of management on the basis of levels) :** প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোর উচ্চ পর্যায় থেকে নিম্ন পর্যায় পর্যন্ত সকল স্তরে ব্যবস্থাপনা বিস্তৃত। সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনাকে তিনটি স্তরে ভাগ করা যায়; যেমন- উচ্চ স্তর, মধ্যম স্তর ও নিম্ন স্তর ইত্যাদি।

ব্যবস্থাপনার উচ্চ স্তরে পরিচালনা পর্ষদ, প্রধান নির্বাহী কর্মকর্তা, ব্যবস্থাপনা পরিচালক, চেয়ারম্যান, মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপনা প্রতিনিধিগণ থাকেন। এসকল ব্যক্তিবর্গ পরিকল্পনা প্রণয়ন, লক্ষ্য ও নীতি নির্ধারণ করে থাকেন। মধ্যস্তরে সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপকগণ নিয়োজিত থাকেন। এ স্তরের কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের উচ্চ স্তরে গৃহীত পরিকল্পনা, নীতি ও উদ্দেশ্যের আলোকে নিম্নস্তরের ব্যবস্থাপকদের কার্য সম্পাদন নিশ্চিত করে থাকেন। নিম্নস্তরে ফোরম্যান ও সুপারভাইজারগণ থাকেন। তারা মধ্যস্তরে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের জন্য সরাসরি শ্রমিকদের কাজ তদারকির সাথে জড়িত থাকেন।

❖ ব্যবস্থাপনার স্তরসমূহ (Levels of Management):

উত্তরঃ ব্যবস্থাপনার স্তর বলতে প্রতিষ্ঠানে ভিন্ন ভিন্ন দায়িত্বের ভিত্তিতে ম্যানেজারদের ভাগ করাকে বোঝায়। সাধারণত ব্যবস্থাপনায় তিনটি প্রধান স্তর থাকে;

১. **শীর্ষ স্তর (Top Level Management):** এই স্তরে প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক (MD), পরিচালনা পর্ষদ এবং CEO প্রমুখ থাকেন। তাঁরা নীতি নির্ধারণ, দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেন এবং মধ্যস্তরের ব্যবস্থাপকদেরকে প্রতিষ্ঠান পরিচালনায় বিভিন্ন দিকনির্দেশনা দেন। এ স্তরকে **প্রশাসনিক স্তর বা প্রশাসন** বলা হয়।

২. **মধ্য স্তর (Middle Level Management):** বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, জেনারেল ম্যানেজার ও ব্যবস্থাপকগণ এই স্তরে থাকেন। এরা শীর্ষস্তরের নির্দেশ বাস্তবায়ন ও নিচের স্তরের কাজ তদারকি করেন।

৩. নিম্ন স্তর (Lower Level Management): এ স্তরে সুপারভাইজার, ফোরম্যান, সেকশন অফিসার প্রমুখ থাকেন। এরা সরাসরি কর্মীদের সঙ্গে কাজ করেন এবং দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করেন।

❖ হেনরি ফেয়ল কর্তৃক প্রদত্ত ১৪টি ব্যবস্থাপনা নীতি [14 Principles of Management by Henri Fayol]:

উত্তরঃ 1. Division of Work (কাজের বিভাজন)

2. Authority and Responsibility (কর্তৃত্ব ও দায়িত্ব)

3. Discipline (শৃঙ্খলা)

4. Unity of Command (আদেশের ঐক্য)

5. Unity of Direction (দিক নির্দেশনার ঐক্য)

6. Subordination of Individual Interest (সাধারণ স্বার্থে ব্যক্তি স্বার্থ ত্যাগ)

7. Remuneration (পারিশ্রমিক)

8. Centralization (কেন্দ্রীকরণ)

9. Scalar Chain (জোড়ামই শিকল)

10. Order (বিন্যাস)

11. Equity (সমতা)

12. Stability of Tenure (চাকরির স্থায়িত্ব)

13. Initiative (উদ্যোগ)

14. Esprit de Corps/ Unity is Strength (দলগত চেতনা/একতাই বল)

❖ ব্যবস্থাপনা কলা না বিজ্ঞান? [Is Management Arts or Science?]

উত্তরঃ ব্যবস্থাপনা কলা না বিজ্ঞান- এ প্রশ্নের উত্তর হলো, এটি দুটোই।

ব্যবস্থাপনা একটি বিজ্ঞান, কারণ

- এতে নিয়ম, তত্ত্ব ও নীতি রয়েছে।
- Frederick Taylor ও Henri Fayol ব্যবস্থাপনাকে বৈজ্ঞানিকভাবে বিশ্লেষণ করেন।
- পরিকল্পনা, নিয়ন্ত্রণ ও পূর্বাভাসে যুক্তি ও বিশ্লেষণ ব্যবহার হয়।
- এটি পর্যবেক্ষণ, গবেষণা ও পরীক্ষার মাধ্যমে গঠিত নীতিতে চলে।

আবার, ব্যবস্থাপনা একটি কলা, কারণ-

- এটি প্রয়োগ ও অভিজ্ঞতার উপর নির্ভরশীল।
- প্রতিটি ম্যানেজার তাঁর দক্ষতা, সৃজনশীলতা ও কৌশল দিয়ে সমস্যার সমাধান করেন।
- নেতৃত্ব দেওয়া, সিদ্ধান্ত গ্রহণ ও মানুষকে পরিচালনা করা একটি শিল্প।
- কলা হিসেবে ব্যবস্থাপনায় ধৈর্য, দূরদৃষ্টি ও মানবিক বোধ জরুরি।
- বাস্তব জীবনে ব্যবস্থাপনাকে তত্ত্ব ও কৌশলের মিশ্রণে ব্যবহার করা হয়।

তাই বলা যায়, ব্যবস্থাপনা একইসাথে একটি বিজ্ঞান ও একটি কলা।

❖ Various Managerial Skills (বিভিন্ন ব্যবস্থাপনাকীয় দক্ষতা):

উত্তরঃ একজন দক্ষ ব্যবস্থাপককে বিভিন্ন ধরনের ব্যবস্থাপনাকীয় দক্ষতা অর্জন করতে হয়, যা নিম্নরূপ:

- ✓ Technical Skill (প্রযুক্তিগত দক্ষতা): নির্দিষ্ট কাজে দক্ষতা।
- ✓ Human Skill (মানবসম্পর্কীয় দক্ষতা): মানুষ পরিচালনা ও সহমর্মিতার দক্ষতা।
- ✓ Conceptual Skill (ধারণাগত দক্ষতা): সমগ্র প্রতিষ্ঠানকে অনুধাবন ও বিশ্লেষণের ক্ষমতা।
- ✓ Design Skill (নকশাগত দক্ষতা): সমস্যা সমাধানে পরিকল্পনা ও নতুন ধারণা প্রয়োগের ক্ষমতা।

❖ **Organization (সংগঠন):**

উত্তরঃ সংগঠন হলো একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রতিষ্ঠান নির্দিষ্ট লক্ষ্য পূরণের জন্য মানবসম্পদ, উপকরণ ও কার্যপ্রণালীকে সমন্বয় করে। এটি মূলত:

- ✓ কাজ ভাগ করা,
- ✓ কর্তৃত্ব নির্ধারণ,
- ✓ দায়িত্ব বন্টন ও
- ✓ সমন্বয় সাধনের মাধ্যমে পরিচালিত হয়।

❖ **ব্যবস্থাপনা কি একটি পেশা? [Is Management a profession?]**

উত্তরঃ বিশেষায়িত জ্ঞান সম্বলিত কোনো কাজ বা বৃত্তিকে পেশা বলে। সে হিসেবে ব্যবস্থাপনা একটি পেশা হিসেবে বিবেচিত হতে পারে। পেশা হিসেবে স্বীকৃতি পেতে যে কোন বিষয়ের কিছু বৈশিষ্ট্য থাকতে হয়, যেমন- বিশেষ জ্ঞান, পেশাগত সমিতি, কার্যবিধি, প্রশিক্ষণ, নৈতিকতা ও সেবার মানসিকতা। পেশা হিসেবে প্রতিষ্ঠার পক্ষে নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো রয়েছে:

- ব্যবস্থাপনায় কাজ করতে হলে পরিকল্পনা, নেতৃত্ব, সংগঠন ও নিয়ন্ত্রণে দক্ষ হতে হয় অর্থাৎ বিশেষায়িত জ্ঞান থাকতে হয়।
- বিভিন্ন প্রতিষ্ঠানে ম্যানেজার, প্রশাসক বা নির্বাহী হিসেবে নিয়োগ পাওয়া যায়।
- এ পেশায় সুনির্দিষ্ট লক্ষ্য, নিয়মকানুন ও দায়িত্ব নির্ধারিত থাকে।
- ব্যবস্থাপনায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি পেশাগত যোগ্যতা হিসেবে কাজ করে।
- এ পেশায় সফল হতে যোগাযোগ, সিদ্ধান্ত গ্রহণ ও সমস্যা সমাধানে পারদর্শিতা জরুরি।

তাই ব্যবস্থাপনা আজ একটি স্বীকৃত ও মর্যাদাসম্পন্ন পেশা।

Scientific & Modern Management

১. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। (What is meant by scientific management? Explain.)

উত্তরঃ ব্যবস্থাপনার ক্ষেত্রে গতানুগতিকতা পরিহার করে বিজ্ঞান অর্থাৎ পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ ও বিচার বিশ্লেষণের আলোকে সুসংবদ্ধ জ্ঞানের প্রয়োগকেই বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলে।

২. এফ ডব্লিউ টেলরকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর। (Why is F.W. Taylor called father of scientific management? Explain.)

উত্তর : ব্যবস্থাপনার ক্ষেত্রে গতানুগতিকতা পরিহার করে বিজ্ঞান অর্থাৎ পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ ও বিচার বিশ্লেষণের আলোকে সুসংবদ্ধ জ্ঞানের প্রয়োগকেই বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলে।

এফ ডব্লিউ টেলরের চোখে তাঁর সুদীর্ঘ চাকুরী জীবনে শিল্প প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা ধরা পড়ে। তিনি এ সমস্যাগুলো চিহ্নিত করার পর তা সমাধানের পন্থা কি হতে পারে এ নিয়ে দীর্ঘ দুই দশকে বিভিন্ন গবেষণা কার্য পরিচালনা করেন। এভাবেই তিনি তার গবেষণা কর্মের ফলাফলকে একটা দর্শনে রূপদান করেন, যা বৈজ্ঞানিক ব্যবস্থাপনা নামে পরিচিতি লাভ করে। তার এ অবদানের জন্য তাকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয়।

৩. বিকেন্দ্রীকরণ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। (What is meant by Decentralization? Explain.)

উত্তর : প্রতিষ্ঠানে পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা, নির্দেশদান ও নিয়ন্ত্রণের কর্তৃত্ব প্রতিষ্ঠানের উচ্চস্তর থেকে নিচু স্তরে পর্যায়ক্রমে অর্পণ করা হলে তাকে বিকেন্দ্রীকরণ বলে। অর্থাৎ প্রতিষ্ঠানের যেসকল গুরুত্বপূর্ণ কর্তৃত্ব উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃক বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করার প্রয়োজন পড়ে সেগুলো ব্যতীত বাকি কর্তৃত্বকে ব্যবস্থাপনার মধ্যম ও নিচুস্তরে ছেড়ে দেয়ার কার্যক্রমকে বিকেন্দ্রীকরণ বলে। বিকেন্দ্রীকরণের ফলে অহেতুক বিলম্ব এড়ানো যায় এবং প্রতিষ্ঠানে গতিশীলতার সৃষ্টি হয়।

৪. আদেশের ঐক্য বলতে কী বুঝায়? (What is meant by unity of command?)

উত্তর : আদেশের ঐক্য নীতি হলো- প্রতিষ্ঠানে কর্মরত প্রত্যেক কর্মীর আদেশদাতা হবে একজন মাত্র ব্যক্তি এবং একই সময়ে একজন কর্মী তার উর্ধ্বতন থেকে একাধিক আদেশ প্রাপ্ত হবেন না। কারণ একজন কর্মীর পক্ষে একই সময়ে ভিন্ন ভিন্ন কাজের আদেশ পালন করা সম্ভব নয়।

৫. নির্দেশনার ঐক্য বলতে কী বুঝায়? (What is meant by unity of direction?)

উত্তর : প্রতিষ্ঠানের মূল লক্ষ্য অর্জনের লক্ষ্যে প্রদত্ত সকল নির্দেশনার মধ্যে সামঞ্জস্য ও সমন্বয় থাকার নামই নির্দেশনার ঐক্য। এক্ষেত্রে এক নির্দেশনার সাথে মিল রেখে পরবর্তী নির্দেশনা সমূহ প্রদান করা হয়।

৬. ব্যবস্থাপনায় জোড়ামই শিকল নীতি বলতে কি বুঝায়? (What is meant by scalar chain?)

উত্তর : প্রতিষ্ঠানের ওপর থেকে নিচের স্তর পর্যন্ত সাংগঠনিক নিয়মে প্রতিটি ব্যক্তি, বিভাগ ও উপবিভাগকে একটির সাথে অন্যটিকে যুক্ত করে দেয়া অর্থাৎ একই শিকলের অধীনে সবাইকে আবদ্ধ করার নীতিকেই ব্যবস্থাপনায় জোড়ামই শিকল নীতি বলে।

৭. দ্বৈত অধীনতা সংগঠনে পরিহার করতে হয় কেন? (Why is dual-subordination avoided in an organization?)

উত্তর: একজন কর্মী কার্যসম্পাদনের ক্ষেত্রে একাধিক উর্ধ্বতনের সরাসরি অধীন হলে তাকে দ্বৈত অধীনতা বলে। এটি আদেশের ঐক্য নীতির সম্পূর্ণ বিপরীত। দ্বৈত অধীনতা প্রতিষ্ঠানে বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি করে।

একজন কর্মীর যদি দুজন উর্ধ্বতন থাকে তবে দু'জন দু'ভাবে নির্দেশ দিবে। এতে ঐ কর্মীর পক্ষে একই সময়ে উভয়ের নির্দেশ যথাযথভাবে পালন সম্ভব হবে না। ফলে সার্বিক কাজে বিশৃঙ্খলা ও কাজে স্থবিরতা দেখা দেয়। তাই প্রতিষ্ঠানে দ্বৈত অধীনতা পরিহার করতে হয়।

৮. অধিক মাত্রায় কেন্দ্রীকরণ কাজের গতিশীলতাকে হ্রাস করে- ব্যাখ্যা কর। (Excessive Centralization reduces mobility of work-Explain.)

উত্তর: সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা যদি ব্যবস্থাপনার উচ্চ পর্যায়ে সংরক্ষণ করা হয় তবে তাকে কেন্দ্রীকরণ বলে।

কেন্দ্রীকরণ এমন একটি প্রক্রিয়া যার ফলে একটি প্রতিষ্ঠানের পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণসহ বিভিন্ন ক্ষমতা ও কার্যক্রম কোন নির্দিষ্ট ব্যক্তি বা স্থানের উপর কেন্দ্রীভূত হয়ে থাকে। অধিক মাত্রায় কেন্দ্রীকরণ হলে প্রতিষ্ঠানের কাজের গতিশীলতা হ্রাস পায়। সমস্ত সিদ্ধান্ত যদি শুধুমাত্র একজন ব্যক্তির উপর নির্ভর করে তবে ঐ ব্যক্তির অনুপস্থিতি কাজের ব্যাঘাত ঘটায়। কেন্দ্রীকরণের আনুষ্ঠানিকতার কারণে মূল্যবান সময়ের অপচয় হয়।

৯. সাম্যের নীতি প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। (Why is principle of equity important for organization? Explain.)

উত্তর: প্রতিষ্ঠানে নিয়োজিত সকল কর্মীর প্রতি সমান আচরণ, স্নেহ প্রদর্শন ও নিরপেক্ষ দৃষ্টিতে দেখার নীতিকেই ব্যবস্থাপনায় সাম্যের নীতি বলে। প্রতিষ্ঠানে এ নীতির অনুসরণ করলে কর্মীদের আনুগত্য, মান্যতা ও কার্যদক্ষতা বৃদ্ধি পায়। অধঃস্তন কর্মীদের সাথে ব্যবস্থাপকদের ন্যায়পরায়ণ ও স্নেহপূর্ণ আচরণ করা উচিত যাতে কর্মচারীদের মধ্যে উর্ধ্বতনের প্রতি আনুগত্য ও কর্তব্য নিষ্ঠার মনোভাব সৃষ্টি হয়। তবে বিশেষ কোন কর্মীর প্রতি বিশেষ প্রীতি প্রতিষ্ঠানের ভারসাম্য নষ্ট করতে পারে। এতে কর্মীদের মধ্যে ব্যবস্থাপনার প্রতি আস্থাহীনতা তৈরি হয়।

১০. দ্বৈত অধীনতা প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টি করে? ব্যাখ্যা কর। (Dual subordination hampers discipline? Explain.)

উত্তর: কার্যসম্পাদনের ক্ষেত্রে একজন কর্মী একাধিক উর্ধ্বতনের সরাসরি অধীন হলে তাকে দ্বৈত অধীনতা বলে। এটি আদেশের ঐক্য নীতির সম্পূর্ণ বিপরীত। দ্বৈত অধীনতা প্রতিষ্ঠানে বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি করে।

একজন কর্মীর যদি দু'জন উর্ধ্বতন থাকে তবে দু'জন দু'ভাবে নির্দেশ দিবে। এতে ঐ কর্মীর পক্ষে একই সময়ে উভয়ের নির্দেশ যথাযথভাবে পালন সম্ভব হবে না। ফলে সার্বিক কাজে বিশৃঙ্খলা ও কাজে স্থবিরতা দেখা দেয়। তাই প্রতিষ্ঠানে দ্বৈত অধীনতা পরিহার করতে হয়।

১১. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। (What is meant by scientific management? Explain.)

উত্তর: ব্যবস্থাপনার ক্ষেত্রে গতানুগতিকতা পরিহার করে বিজ্ঞান অর্থাৎ পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ ও বিচার বিশ্লেষণের আলোকে সুসংবদ্ধ জ্ঞানের প্রয়োগকেই বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলে।

১২. এফ ডব্লিউ টেলরকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর। (Why is F.W. Taylor called father of scientific management? Explain.)

উত্তর : ব্যবস্থাপনার ক্ষেত্রে গতানুগতিকতা পরিহার করে বিজ্ঞান অর্থাৎ পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ ও বিচার বিশ্লেষণের আলোকে সুসংবদ্ধ জ্ঞানের প্রয়োগকেই বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলে। এফ ডব্লিউ টেলরের চোখে তাঁর সুদীর্ঘ চাকুরী জীবনে শিল্প প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা ধরা পড়ে। তিনি এ সমস্যাগুলো চিহ্নিত করার পর তা সমাধানের পন্থা

কি হতে পারে এ নিয়ে দীর্ঘ দুই দশকে বিভিন্ন গবেষণা কার্য পরিচালনা করেন। এভাবেই তিনি তার গবেষণা কর্মের ফলাফলকে একটা দর্শনে রূপদান করেন, যা বৈজ্ঞানিক ব্যবস্থাপনা নামে পরিচিতি লাভ করে। তার এ অবদানের জন্য তাকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয়।

১৩. ব্যবস্থাপকীয় দক্ষতা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। (What is meant by managerial efficiency?)

উত্তর: ব্যবস্থাপকীয় দক্ষতা বলতে ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কাজগুলো সঠিকভাবে, সঠিক সময়ে, যোগ্যতার সঙ্গে এবং স্বল্প ব্যয়ে সম্পাদন করাকে বুঝায়। ন্যূনতম শক্তি, অর্থ, সামর্থ্য ও সম্পদকে কাজে লাগিয়ে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনের বিষয়টি ব্যবস্থাপকের দক্ষতার উপর নির্ভরশীল। তাই ব্যবস্থাপকীয় দক্ষতা প্রতিষ্ঠান পরিচালনায় খুবই গুরুত্বপূর্ণ।

১৪. ব্যবস্থাপকীয় দক্ষতা প্রতিষ্ঠান পরিচালনায় কিভাবে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। (How is managerial efficiency important to manage an organization?)

উত্তর: ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কাজগুলো সঠিকভাবে, সঠিক সময়ে, যোগ্যতার সঙ্গে এবং স্বল্প ব্যয়ে সম্পাদন করাকে ব্যবস্থাপকীয় দক্ষতা বলে।

সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ প্রতিষ্ঠান পরিচালনায় খুবই গুরুত্বপূর্ণ। যথাসময়ে যথাযথ কাজ করা না গেলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। কম শক্তি ও অর্থ ব্যয়ে কাজ করা সম্ভব হলে তা প্রতিষ্ঠানের মুনাফার পরিমাণ বৃদ্ধি করে। তাই ব্যবস্থাপকীয় দক্ষতা প্রতিষ্ঠান পরিচালনায় খুবই গুরুত্বপূর্ণ।

১৫. একজন ব্যবস্থাপকের কারিগরি দক্ষতা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। (Why does a manager need technical skill? Explain.)

উত্তর: দক্ষতা বলতে আমরা বুঝি, প্রতিষ্ঠানের কাজিত লক্ষ্য অর্জনের জন্য ন্যূনতম অর্থ, শক্তি ও সামর্থ্যকে কাজে লাগানো। বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে নিজের অস্তিত্ব টিকিয়ে রাখতে হলে ব্যবস্থাপকীয় দক্ষতার উপর গুরুত্ব আরোপ করতে হয়। কারিগরি দক্ষতাকে কোন নির্দিষ্ট কার্যাবলি সম্পাদনের কৌশল, পদ্ধতি, প্রক্রিয়া ও নিয়মসংক্রান্ত জ্ঞান হিসেবে অভিহিত করা হয়। প্রতিষ্ঠানের প্রতিটি স্তরে ব্যবস্থাপকদের কারিগরি দক্ষতা প্রয়োজন। যেহেতু নিম্নস্তরের ব্যবস্থাপকগণ সরাসরি যন্ত্রপাতি চালানোর কাজ করে থাকে তাই তাদের এরূপ দক্ষতা বেশী প্রয়োজন।

১৬. কার্য বিভাজন নীতির ফলে কিভাবে কার্যদক্ষতা বৃদ্ধি পায়? ব্যাখ্যা কর। (How does efficiency increases for the principle of division of work? Explain.)

উত্তর: প্রতিষ্ঠানের সকল কাজকে প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করে প্রত্যেককে নির্দিষ্ট কাজের দায়িত্ব ও ক্ষমতা নির্দিষ্ট করে দেয়াকে কর্ম বিভাজন বলে।

প্রতিষ্ঠানে কর্মরত প্রতিটি ব্যক্তি, বিভাগ ও উপবিভাগের দায়িত্ব ও কর্তৃত্ব যদি সুষ্ঠুভাবে বিভাজন ও নির্দিষ্ট করা যায় তবে প্রত্যেকেই তাদের দায়িত্ব বুঝে সে অনুযায়ী দক্ষতার সাথে কর্ম সম্পাদন করতে পারে। এতে প্রতিষ্ঠানের কার্যদক্ষতা বৃদ্ধি পায়।

১৭. লক্ষ্য অর্জনে ‘একতাই বল নীতি’ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। (Why is ‘principle of unity is strenght’ important in achieving goal? Explain.)

উত্তর: প্রতিষ্ঠানে কর্মরত সকল ব্যক্তি, বিভাগ ও উপবিভাগকে সর্বাবস্থায় ঐক্যবদ্ধ রেখে পারস্পরিক সহযোগিতায় কর্মকান্ড পরিচালনার নীতিকেই একতাই বল নীতি বলে।

প্রতিটি বিভাগের কর্মীবৃন্দ যদি বিভাগীয় লক্ষ্যার্জনে স্ব স্ব ক্ষেত্রে পরস্পর ঐক্যবদ্ধ থাকে এবং প্রতিষ্ঠানের মূল লক্ষ্যকে সামনে রেখে প্রত্যেকের কাজকে অন্যের সাথে সমন্বিত করে ঐক্যবদ্ধভাবে কর্মকান্ড পরিচালনা করে তবে প্রতিষ্ঠান সহজেই তার মূল লক্ষ্য অর্জন করতে পারে। তাই লক্ষ্য অর্জনে একতাই বল নীতি গুরুত্বপূর্ণ।

১৮. সমস্যা অনুধাবন দক্ষতা কীভাবে কাজের গতি বৃদ্ধি করে? (How does problem solving skill increase the mobility of work? Explain.)

উত্তর : কার্যক্ষেত্রে অনাকাঙ্খিত পরিস্থিতি ও উদ্ভূত সমস্যা সঠিকভাবে সামাল দেয়ার সামর্থ্যকে সমস্যা সমাধানের দক্ষতা বলা হয়। সমস্যা সমাধানের পূর্বে সমস্যা অনুধাবন দক্ষতার উন্নয়ন জরুরী। কারণ সমস্যা অনুধাবন দক্ষতা কাজের গতি বৃদ্ধি করে। সমস্যা অনুধাবন দক্ষতা দলগত কাজের দক্ষতা, সিদ্ধান্ত নেবার দক্ষতা, যোগাযোগ দক্ষতা, বিশ্লেষণ ক্ষমতা ও গবেষণার দক্ষতা উন্নয়নে অবদান রাখে। উক্ত দক্ষতাগুলো কাজের গতি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। আর এভাবে সমস্যা অনুধাবন দক্ষতা কাজের গতি বৃদ্ধি করে।

১৯. ব্যবস্থাপনা প্রশাসনকে মস্তিষ্কের সাথে তুলনা করা হয় কেন? ব্যাখ্যা কর। (Why is administration compared to the brain in management? Explain.)

উত্তর: ব্যবস্থাপনার শীর্ষ স্তরে অধিষ্ঠিত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে প্রশাসক এবং তাদের কাজকে প্রশাসন বলে।

মানবদেহে মস্তিষ্ক করণীয় নির্দেশ করে; যা শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গের দ্বারা বাস্তবায়িত হয়। ঠিক মস্তিষ্কের মতো প্রশাসনও প্রতিষ্ঠানের পরিকল্পনা, নীতি ও উদ্দেশ্য ঠিক করে এবং তা বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা ও সংগঠনের সহায়তা গ্রহণ করে। সে কারণে ব্যবস্থাপনায় প্রশাসনকে মস্তিষ্কের সাথে তুলনা করা হয়।

২০. প্রশাসন চিন্তনমূলক কাজের সাথে অধিকভাবে জড়িত- ব্যাখ্যা কর। (Administration is related to thinking activities- Explain.)

উত্তর: প্রশাসন হলো একটি প্রতিষ্ঠানের মূল চালিকা শক্তি। প্রতিষ্ঠানের জন্য সামগ্রিক উদ্দেশ্য নির্ধারণ এবং উক্ত উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করার সাথে প্রশাসন জড়িত। প্রশাসনের কাজকে Thinking functions বা চিন্তনশীল কার্যকলাপ হিসেবে অভিহিত করা হয়। এছাড়া প্রশাসন প্রতিষ্ঠানের অন্তর্গত প্রতিটি বিভাগ ও শাখার কার্যাবলি সুষ্ঠু সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালাও নির্ধারণ করে। অর্থাৎ প্রশাসনই হচ্ছে যে কোন প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়নকারী ও নেতৃত্বদানকারী অঙ্গ। প্রশাসকগণের দক্ষতা ও কর্তব্য নিষ্ঠার উপরই সমগ্র প্রতিষ্ঠানের সফলতা অনেকাংশে নির্ভর করে। তাই যে প্রতিষ্ঠানে প্রশাসনযন্ত্র যত বেশী দক্ষ সে প্রতিষ্ঠানের উন্নয়ন সম্ভাবনাও ততবেশী উজ্জ্বল।

বিসিএস পরীক্ষায় MCQ প্রশ্নের জন্য গুরুত্বপূর্ণ কিছু টপিকের বিশদ বিশ্লেষণ নিম্নরূপঃ

❖ **ব্যবস্থাপনা নীতির ধারণা [Concept of Principles of Management]**

উত্তরঃ কার্য সম্পাদনের সাধারণ নির্দেশনাকে নীতি বলে। যেমন-বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত কার্যাবলি সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য ভর্তি কার্যক্রমের শুরুতে নীতিমালা প্রণীত হয়, যাকে আমরা ভর্তি নীতিমালা বলি। পরবর্তীতে সে নীতিমালা অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়। সুতরাং নীতি হচ্ছে একটি বিবৃতি যা কোন বিশেষ কার্যসম্পাদনে নির্দেশিকার (Guidance for action) কাজ করে। তবে একটি বিবৃতিকে তখনই নীতি হিসেবে ধরা হবে যখন এটি সর্বজনীনভাবে প্রয়োগযোগ্য হবে। আমরা জানি, ব্যবস্থাপনা হচ্ছে একটি সমন্বিত ও ধারাবাহিক কার্য প্রক্রিয়া। কতগুলো সুনির্দিষ্ট নিয়ম ও রীতি অনুসরণের মাধ্যমে ব্যবস্থাপনা কার্য সম্পাদন করা হয়। ব্যবস্থাপনা নীতি হলো ব্যবস্থাপকীয় কার্যাবলি সম্পাদনের নিয়মাবলি বা সাধারণ পথ নির্দেশনা। ব্যবস্থাপনার নীতিসমূহ সর্বজনীনভাবে গৃহীত ও স্বীকৃত। তাই যুগ যুগ ধরে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ প্রতিষ্ঠানসমূহে ব্যবস্থাপনা কার্য সম্পাদনে একই ধরনের নিয়ম বা নীতি অনুসৃত হয়ে আসছে এবং ভবিষ্যতেও উক্ত নিয়ম বা রীতি অনুসারে ব্যবস্থাপনা কার্য পরিচালিত হবে।

উপরিউক্ত আলোচনা থেকে ব্যবস্থাপনা নীতির নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো দেখা যায়-

১. ব্যবস্থাপনা নীতি হলো কতিপয় সাধারণ নিয়ম যার দ্বারা ব্যবস্থাপনার কার্যাবলি সম্পাদিত হয়।
২. ব্যবস্থাপনা নীতিসমূহ সর্বজনীনভাবে গৃহীত ও প্রতিষ্ঠিত। এগুলো হয়েছে দীর্ঘদিনের চর্চা ও প্রয়োগের দ্বারা।
৩. এরূপ প্রতিষ্ঠিত সত্য বিবরণী দুই বা ততোধিক চলকের মধ্যে সৃষ্ট সম্পর্ক ব্যাখ্যা করে।
৪. ব্যবস্থাপনা নীতি সূষ্ঠ ও সুশৃংখলভাবে কার্য সম্পাদনের ক্ষেত্রে সঠিক দিক নির্দেশনা প্রদান করে।
৫. এ নীতি বাস্তবসম্মত, তথ্যবহুল ও সর্বজনীনভাবে প্রয়োগযোগ্য।

❖ ব্যবস্থাপনার নীতি বা আদর্শসমূহ [*Principles of Management*]

সূষ্ঠ ও সুশৃংখলভাবে ব্যবস্থাপকীয় কার্য সম্পাদনের জন্য সর্বজনীনভাবে গৃহীত ও মৌলিক সত্যের উপর প্রতিষ্ঠিত যেসব নিয়মকানুন বা নীতিসমূহ দিক-নির্দেশক হিসেবে কাজ করে থাকে তাদেরকে ব্যবস্থাপনা নীতি বলে। ব্যবস্থাপনা নীতিমালা হচ্ছে ব্যবস্থাপকীয় কার্যাবলি সম্পাদনের সাধারণ নির্দেশিকা স্বরূপ। আধুনিক ব্যবস্থাপনার জনক হেনরী ফেয়ল কর্তৃক প্রদত্ত ১৪টি নীতি বিজ্ঞানসম্মত ও বাস্তবভিত্তিক হওয়ায় বিশ্বব্যাপী সর্বজনীনতা পেয়েছে। নিম্নে হেনরি ফেয়লের নীতিসমূহ বর্ণনা করা হলো :

১. **কার্য বিভাগীয়করণ নীতি (Division of work) :** এ নীতি অনুসারে প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যাবলিকে পারস্পরিক সম্পর্ক ও প্রকৃতির ভিত্তিতে শ্রেণিবিন্যাস করা হয়। অতঃপর কর্মদক্ষতা ও অভিজ্ঞতার ভিত্তিতে এ সকল কাজ কর্মীদের মধ্যে বণ্টন করা হয়। ফলে প্রত্যেক কর্মী ও নির্বাহী তাদের নিজ নিজ কার্যক্ষেত্রে কর্মনিপুণতার পাশাপাশি বিশেষায়িত জ্ঞান অর্জন করতে পারে। যেমন- হিসাব সংক্রান্ত কাজগুলি যদি একজন চার্টার্ড একাউন্টেন্ট এর উপর অর্পণ করা হয় তাহলে প্রতিষ্ঠানটি বিশেষায়িত সেবা পাবে।
২. **কর্তৃত্ব ও দায়িত্বের সমতার নীতি (Parity of Authority and responsibility) :** ব্যবস্থাপনার মূল কাজ হলো অন্যকে দিয়ে কাজ করিয়ে নেয়া। কর্তৃত্ব ও দায়িত্ব পরস্পর নির্বিড়ভাবে সম্পর্কিত। প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরের কর্মীদেরকে এমনভাবে কর্তৃত্ব ও দায়িত্ব বণ্টন করতে হবে যাতে উভয়ের মধ্যে ভারসাম্য রক্ষা ও সামঞ্জস্য রাখা সম্ভব হয়। প্রয়োজনের তুলনায় ক্ষমতা বেশি হলে ক্ষমতার অপব্যবহার হতে পারে। আবার কর্তৃত্বের তুলনায় দায়িত্ব বেশি হলে কর্মীদের মধ্যে হতাশা দেখা দেয়। ফলে প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জন বাধাগ্রস্ত হয়।
৩. **নিয়মানুবর্তিতার নীতি (Principle of Discipline) :** যেকোনো প্রতিষ্ঠানে বিদ্যমান কর্মীদের মধ্যে নিয়মানুবর্তিতা বজায় থাকা অপরিহার্য। কর্মীদের আনুগত্য, সদ্যবহার, নৈতিকতা, নিয়মশৃংখলা পালন ইত্যাদির উপর নিয়মানুবর্তিতা নির্ভরশীল। প্রতিষ্ঠানের সকলেই যদি উর্ধ্বতনের আদেশ নির্দেশ পালনে সদা প্রস্তুত থাকে, প্রতিষ্ঠানের নিয়মনীতি যথারীতি মেনে চলে এবং অন্য সহকর্মীদেরকে নিয়ম-নীতি পালনে অনুপ্রানিত করে তবে প্রতিষ্ঠানে একটি সুশৃংখল কার্যপরিবেশ বজায় থাকবে যা লক্ষ্য অর্জনে সহায়তা করে। এ নীতির মূল কথা হলো- উর্ধ্বতনদের প্রতি আনুগত্য থাকা, প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলা এবং প্রতিষ্ঠান যেভাবে চায় সেভাবে আচরণ করা।
৪. **আদেশের ঐক্য নীতি (Unity of command) :** আদেশের ঐক্য নীতি অনুযায়ী একজন অধঃস্তন একই সময়ে শুধুমাত্র একজন নির্বাহীর আদেশ পালন করবে। একজন ব্যক্তির পক্ষে একই সময়ে একাধিক নির্বাহীর প্রদত্ত আদেশ পালন করা সম্ভব নয়। একই সময়ে দুই বা ততোধিক ব্যক্তি একজন অধঃস্তনকে ভিন্ন ভিন্ন আদেশ প্রদান করলে আদেশ গ্রহীতা কার আদেশ পালন করবে তা নিয়ে দ্বিধা-দ্বন্দ্ব পড়ে যায়। এতে প্রতিষ্ঠানের Chain of command ভেঙ্গে পড়ে। যেকোনো প্রতিষ্ঠানে এ নীতির অভাবে কার্যসম্পাদনে ধীর গতি দেখা দেয় এবং কর্মীদের মনে হতাশা ও বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

৫. **নির্দেশনার ঐক্য (Unity of direction) :** নির্দেশনার ঐক্য নীতি অনুযায়ী একটি মাত্র লক্ষ্য ও পরিকল্পনাকে কেন্দ্র করে প্রতিষ্ঠানের যাবতীয় আদেশ-নির্দেশ প্রদান করা হবে। অর্থাৎ নির্বাহী কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত আদেশগুলোর মধ্যে মিল ও সামঞ্জস্য থাকতে হবে। পরস্পর বিরোধী আদেশ-নির্দেশ জারী করলে অধঃস্তন কর্মীদের পক্ষে কোন নির্দেশই সঠিকভাবে পালন সম্ভব হবে না। যদি কর্তৃপক্ষ ১০% উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উৎপাদন বিভাগে নতুন কর্মী নিয়োগ দেয় তাহলে বিক্রয় বিভাগেও প্রয়োজনীয় কর্মী নিয়োগ দিতে হবে। কিন্তু বিক্রয় বিভাগে যদি উৎপাদন বিভাগের সাথে সামঞ্জস্য রেখে অতিরিক্ত কর্মী নিয়োগ দেয়া না হয় তাহলে উৎপাদিত পণ্য বিক্রয় কর্মীর অভাবে অবিক্রিত থেকে যাবে। অর্থাৎ নির্দেশনার ঐক্যের অভাবে প্রতিষ্ঠানটি ক্ষতিগ্রস্ত হবে।
৬. **সাধারণ স্বার্থে ব্যক্তি স্বার্থ ত্যাগ (Subordination of individual interest to general interest) :** প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কার্যক্রম সম্পাদনে সাধারণ স্বার্থকে সর্বদা ব্যক্তিগত স্বার্থের উর্ধ্ব প্রতিষ্ঠিত করতে হবে। কারণ ব্যক্তির চেয়ে প্রতিষ্ঠান বড়। তাই কখনো সাধারণ স্বার্থের বিনিময়ে ব্যক্তিগত স্বার্থ রক্ষা করা চলবে না।
৭. **উপযুক্ত পারিশ্রমিকের নীতি (Fair Remuneration) :** কর্মের আর্থিক মূল্যই হচ্ছে কর্মীর পারিশ্রমিক। কর্মীদের জীবনধারণের খরচ, কর্মের সময়কাল, দেশের অর্থনৈতিক অবস্থা, শ্রমের ধরন, শ্রমের চাহিদা, কর্মীর যোগ্যতা ও মূল্যবোধ ইত্যাদি বিবেচনা করে একটি প্রতিষ্ঠানে পারিশ্রমিকের নীতি প্রণয়ন করা হয়। প্রতিষ্ঠানে বিদ্যমান ন্যায্য পারিশ্রমিক নীতি শ্রমিকদের দৈহিক ও মানসিক শক্তি বৃদ্ধির সাথে সাথে কাজের গুণ ও মান বৃদ্ধি করে থাকে। উপযুক্ত পারিশ্রমিক না পেলে কর্মীরা ব্যবস্থাপকীয় কাজে নিজেকে সক্রিয়ভাবে আত্মনিয়োগ করতে অনীহা প্রকাশ করে।
৮. **কেন্দ্রীকরণ ও বিকেন্দ্রীকরণের নীতি (Centralization and decentralization) :** প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ শুধুমাত্র উর্ধ্বতন নির্বাহীর হাতে ন্যস্ত থাকবে নাকি অধঃস্তন নির্বাহীদেরকেও কিছু কিছু ক্ষেত্রে সিদ্ধান্তগ্রহণের ক্ষমতা দেওয়া হবে তা এ নীতির মূল প্রতিপাদ্য। এ নীতি অনুযায়ী অধঃস্তন কর্মচারীদের মধ্যে যথাসম্ভব কর্তৃত্ব বণ্টনের পরেও প্রতিষ্ঠানের কিছু সাধারণ ও গুরুত্বপূর্ণ বিষয়ের কর্তৃত্ব অবশ্যই উর্ধ্বতনের নিকট কেন্দ্রীভূত থাকবে। অর্থাৎ কম গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ গ্রহণের সক্ষমতা নিম্নপদে অর্পণ করে অধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা উচ্চ পদে সংরক্ষণ করতে হবে।
৯. **জোড়া-মই শিকলের নীতি (Scalar Chain) :** এই নীতি অনুযায়ী ব্যবস্থাপনার কর্তৃত্ব রেখা ধাপে ধাপে উচ্চস্তর থেকে নিম্নস্তরে নেমে আসবে। সংগঠনের সর্বোচ্চ স্তর হতে সর্বনিম্ন স্তর পর্যন্ত ব্যবস্থাপনার পর্যায়ভুক্ত লোকদের মধ্যে 'কর্তৃত্বের সম্পর্ক' শিকলের মতো পারস্পরিকভাবে সম্পর্কভুক্ত থাকে। এ শিকলটি কর্তৃত্বের প্রবাহ নির্দেশ করে। তবে অনেক সময় প্রাতিষ্ঠানিক অবস্থার প্রয়োজনে, নির্বাহীর সম্মতিতে শিকল বা স্তরের সংখ্যা হ্রাস করে উর্ধ্বতন নির্বাহী সরাসরি সর্ব নিম্নস্তরের কর্মীদের সাথে মতবিনিময় করতে পারে। এ নীতি অনুযায়ী সাংগঠনিক নিয়মে প্রতিটা ব্যক্তি, বিভাগ ও উপবিভাগকে একটির সাথে অন্যটিকে সংযুক্ত করে একই শিকলের অধীনে সবাইকে আবদ্ধ করতে হবে। এতে কে কার উর্ধ্বতন এবং কে কার অধঃস্তন তা সহজে জানা যায়। ব্যবস্থাপকীয় কাজের ফলপ্রদতা পেতে চাইলে প্রতিষ্ঠানের কাউকে শিকলের বাইরে রাখা যাবে না।
১০. **শৃঙ্খলার নীতি (Principles of Order) :** এই নীতি অনুযায়ী প্রত্যেক কর্মীর জন্য কর্ম ও কর্মের স্থান নির্দিষ্ট থাকবে এবং প্রত্যেকে স্ব-স্ব কর্মস্থানে কাজ করবে। এ নীতির মূল কথা হচ্ছে প্রতিষ্ঠানের প্রতিটি বস্তুকে যথাস্থানে সুবিন্যস্ত করে রাখা ও প্রত্যেক কর্মীকে নির্ধারিত স্থানে কাজের ব্যবস্থা করা যাতে প্রয়োজন অনুযায়ী বস্তু ও ব্যক্তিকে সহজে খুঁজে পাওয়া যায়। যেমন- অগ্নি নির্বাপন যন্ত্রটি সবসময় একই স্থানে রাখতে হবে এবং সেটি সংশ্লিষ্ট সকল কর্মী অবগত থাকবে। এতে জরুরী প্রয়োজনে যে কেউ সহজে খুঁজে পাবে। এ নীতিকে বিন্যাসের নীতিও বলা যায়। এ নীতি প্রতিষ্ঠানে যথাযথভাবে অনুসরণ করে সম্পদ ও শ্রমের অপব্যহার ও অপচয় রোধ করা যায়।
১১. **সাম্যের নীতি (Principles of Equity) :** প্রতিষ্ঠানে নিয়োজিত সকল কর্মীদেরকে সমান ও নিরপেক্ষ দৃষ্টিতে দেখা, সকলের প্রতি সুবিচার প্রদর্শন করা এ নীতির মূল উদ্দেশ্য। অধঃস্তন কর্মীদের সাথে ব্যবস্থাপকবৃন্দ কর্তৃক ন্যায্যপরায়নতা ও স্নেহপূর্ণ আচরণ করা উচিত যাতে কর্মচারীদের মধ্যে আনুগত্য ও কর্তব্য নিষ্ঠার মনোভাব সৃষ্টি হয়।

তবে এক্ষেত্রে বিশেষ কোনো কর্মীর প্রতি বিশেষ প্রীতি প্রতিষ্ঠানের ভারসাম্য নষ্ট করতে পারে। এতে কর্মীদের মধ্যে ব্যবস্থাপনার প্রতি আস্থাহীনতা তৈরি হয়।

১২. **চাকরির স্থায়িত্বের নীতি (Stability of tenure of Staff) :** প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের ঘন ঘন স্থানান্তর বা বহিষ্কার কাজের শৃংখলা বিনষ্ট করে এবং ব্যবস্থাপনাকে অপ্রিয় করে তোলে। প্রতিষ্ঠানে কর্মরত নির্বাহী ও কর্মীদের চাকুরীর স্থায়িত্ব রক্ষার মাধ্যমে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করা যায়। প্রতিষ্ঠানে কর্মীদের চাকুরি যদি স্থায়ী না হয় তাহলে তাদের মনে চাকুরী চলে যাওয়ার ভয়, উদ্বেগ ও উৎকণ্ঠা বাসা বাঁধে। এতে কর্মীরা হতাশ হয়। এক সময় তারা প্রতিষ্ঠান ত্যাগ করে।
১৩. **উদ্যোগের নীতি (Principles of Initiative) :** নতুন পরিকল্পনা উদ্ভাবন ও তা বাস্তবায়নের স্বাধীন প্রচেষ্টা হলো উদ্যোগ। তাই ব্যবস্থাপনার অন্যতম নীতি হলো কর্মীর উদ্ভাবনী শক্তি বিকাশের জন্য উপযুক্ত কর্ম পরিবেশ নিশ্চিত করা। কর্ম উপায় উদ্ভাবন ও পণ্য উৎপাদন করে কর্মীগণ প্রতিষ্ঠান তথা দেশের উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে পারে। কর্মীদের যেকোনো নতুন উদ্ভাবন বা উদ্যোগকে ইতিবাচকভাবে গ্রহণ করতে হবে।
১৪. **একতাই বল (Unity of strength) :** একতাই বল। এ নীতিকে ফরাসী ভাষায় Esprit de corps বলা হয়। যেখানে একতা সেখানেই শক্তি। ব্যবস্থাপককে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য কর্মচারীদের মধ্যে একতা ও সহযোগিতার ভাব গড়ে তুলতে হবে। হেনরি ফেয়ল এ নীতি বাস্তবায়নে সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার উপর গুরুত্ব প্রদান করেছেন। প্রতিষ্ঠানে বিদ্যমান সকল কর্মীকে একই সূত্রে বেঁধে টিম স্পিরিট (Team spirit) তৈরি করে লক্ষ্যপানে এগিয়ে যেতে হবে।

❖ ব্যবস্থাপনায় ফ্রেডারিক উইনস্টো টেলর এর অবদান

[Contribution of F.W. Taylor in Management]

১৮৫৬ সালের ২০ মার্চ যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়াতে এফ.ডব্লিউ. টেলর জন্মগ্রহণ করেন। তিনি ১৮৭৫ সালে মেকানিক হিসেবে মিডভ্যাল ইস্পাত কোম্পানিতে যোগদান করেন। তিনি অত্যন্ত মেধাবী ও অনন্য প্রতিভার অধিকারী ছিলেন। স্বীয় প্রতিভা ও দক্ষতার বলে তিনি সাক্ষ্যকালীন কোর্সে অধ্যয়ন করে প্রকৌশল ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে ১৮৮৪ সালে তিনি উক্ত কোম্পানির প্রধান প্রকৌশলী পদে উন্নীত হন। মিডভ্যাল কোম্পানিতে কর্মরত অবস্থায় টেলর কোম্পানির ব্যবস্থাপনা ও শ্রমিকদের মধ্যে সহযোগিতার অভাব লক্ষ্য করেন। তিনি লক্ষ্য করেন, শ্রমিক-কর্মী ও ব্যবস্থাপকগণ একটি নির্দিষ্ট কর্মদিবসে কী পরিমাণ কাজ করতে হবে সে সম্বন্ধে কেউই অবহিত নয়। উপরন্তু শ্রমিকরা লক্ষ্যহীনভাবে কাজ করতো। উৎপাদনের কোন সুশৃংখল পদ্ধতি ছিল না। তাই তিনি ব্যবস্থাপনার ক্ষেত্রে চিরাচরিত ব্যবস্থাপনার বদলে বৈজ্ঞানিক ব্যবস্থাপনা প্রয়োগের পরামর্শ দেন। এ পদ্ধতিতে প্রতিটি কর্মী বা শ্রমিকদের কাজ পূর্ব-পরিকল্পিত থাকে। একজন শ্রমিক নিজের খেয়াল খুশী অনুযায়ী কাজ করতে পারে না। তার প্রতিটি পদক্ষেপ বিজ্ঞানসম্মত ও পূর্ব নির্ধারিত। তাই তিনি কার্যসম্পাদনের উত্তম পদ্ধতির নিমিত্তে প্রত্যেক কার্যের উপর জোর দেন। উইনস্টো টেলরই সর্বপ্রথম কারখানা পর্যায়ে বৈজ্ঞানিক পদ্ধতির প্রবর্তন করেন। তাই তাকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয়। এই মহান ব্যবস্থাপনাবিদ ১৯১৫ সালের ২১ শে মার্চ মাত্র ৫৯ বছরে যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়াতে মারা যান।

১৯১১ সালে ফ্রেডারিক উইনস্টো টেলর তার বিখ্যাত গ্রন্থ ‘Principles of Scientific Management’ প্রকাশ করেন। এ গ্রন্থে তিনি চারটি নীতির কথা উল্লেখ করেন, যা নিম্নরূপ-

- ক. প্রত্যেক কার্য সম্পাদনে সনাতন পদ্ধতির পরিবর্তে বৈজ্ঞানিক পদ্ধতির প্রবর্তন।
- খ. বৈজ্ঞানিক পদ্ধতিতে শ্রমিক কর্মী নিবাচন, প্রশিক্ষণ ও উন্নয়ন।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

- গ. ব্যবস্থাপনা ও শ্রমিক কর্মীদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক সৃষ্টি।
- ঘ. ব্যবস্থাপনা ও শ্রমিক কর্মীদের মধ্যে দায়িত্ব ও কর্তব্যের সুসম বণ্টন, যাতে তারা নিজ নিজ কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারে।

এছাড়াও টেলরের বৈজ্ঞানিক ব্যবস্থাপনায় প্রধান ও অপরিহার্য উপাদানগুলো হচ্ছে -

- ক. সময় ও গতি নিরীক্ষা, পদ্ধতি ও শ্রান্তি নিরীক্ষার মাধ্যমে কারখানার কার্যাবলি নিরীক্ষণ ও তাদের পরিমাপকরণ।
- খ. যন্ত্রপাতির মান নির্ধারণ ও কার্যের পারিপার্শ্বিকতার উন্নয়ন।
- গ. কার্যসম্পাদনে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে শ্রমিকদের জন্য পার্থক্যমূলক মজুরী প্রথার প্রবর্তন।
- ঘ. পরিকল্পনা প্রণয়নের কাজকে নির্বাহী কাজ হতে আলাদাকরণ।
- ঙ. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতিগুলো যথাযথভাবে বাস্তবায়নের জন্য শ্রমিক ও ব্যবস্থাপনার মধ্যে মুনাফা বণ্টন নিয়ে ঝগড়া করার পরিবর্তে অধিক উৎপাদনে মনোনিবেশ করা।

পরিশেষে বলা যায় যে, চিরাচরিত পরিচালনা রীতি, পদ্ধতি ও কার্যাবলীকে বৈজ্ঞানিক রীতি, পদ্ধতি ও সূত্রে পরিণত করে ব্যবসায় প্রতিষ্ঠানে প্রয়োগ করা বৈজ্ঞানিক ব্যবস্থাপনার লক্ষ্য। প্রতিষ্ঠানসমূহ সুষ্ঠু ব্যবস্থাপনা প্রয়োগের জন্য প্রয়োজনীয় তথ্যাদি, সংখ্যাদি বিশ্লেষণ, শ্রেণিবদ্ধকরণ অনুসিদ্ধান্ত ও গবেষণার কাজে বৈজ্ঞানিক পদ্ধতির উদ্ভাবনে টেলরের অবদান অনস্বীকার্য।

❖ ব্যবস্থাপনায় হেনরি ফেয়লের অবদান [*Contribution of Henri Fayol in Management*]

ফরাসি শিল্পপতি ও ব্যবস্থাপনাবিদ হেনরি ফেয়ল ১৮৪১ সালে তুরস্কের ইস্তাম্বুল শহরে জন্মগ্রহণ করেন। তিনি ১৮৮৮ সাল হতে ১৯১৮ সাল পর্যন্ত একটি বৃহৎ কয়লা ও ইস্পাত শিল্পের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। তিনি প্রায় টেলরের সমসাময়িক কালেই ব্যবস্থাপনার নতুন নতুন তত্ত্ব প্রদান করেন। টেলরের সাথে ব্যবস্থাপনা তত্ত্বের পার্থক্য এই যে, টেলর মূলত কারখানার শ্রমিকদের ব্যক্তিগত দক্ষতার উপর গুরুত্ব আরোপ করেছিলেন। তবে ফেয়ল গুরুত্ব দিয়েছিলেন প্রাতিষ্ঠানিক দক্ষতার উপর। ফেয়ল কার্যভিত্তিক ব্যবস্থাপনা স্কুলের প্রবক্তা ছিলেন। ১৯১৬ সালে ফরাসী ভাষায় লিখিত তাঁর বিখ্যাত গ্রন্থ *General and Industrial Administration* প্রকাশিত হয়। পরবর্তীতে ১৯২৯ সালে এটি ইংরেজি ভাষায় অনূদিত হয়। এই গ্রন্থে ফেয়ল ব্যবস্থাপনার ছয়টি কাজের কথা উল্লেখ করেন; যথা- পূর্বানুমান, পরিকল্পনা, সংগঠন, নির্দেশনা, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ।

হেনরি ফেয়ল তাঁর কর্মকালে ব্যবস্থাপনার সর্বজনীন গ্রহণযোগ্যতা অর্জন বিষয়ক বিভিন্ন নিবন্ধ ও প্রবন্ধ রচনা করেন এবং বিশ্বব্যাপী বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলনে বিষয়টি উপস্থাপন করেন। ব্যবস্থাপনা বিষয়ে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠদান সম্পর্কে হেনরি ফেয়ল বিশেষ গুরুত্বারোপ করেন। প্রাতিষ্ঠানিক পর্যায়ে কার্যসমূহকে তিনি মূলত ছয়টি স্বতন্ত্র শ্রেণিতে বিভক্ত করেন। যা নিম্নরূপ :

১. কারিগরি কার্যাবলি (Technical Functions) : উৎপাদন, নির্মাণ, অভিযোজন।
২. বাণিজ্যিক কার্যাবলি (Commercial Functions) : ক্রয়, বিক্রয়, বিনিময়।
৩. অর্থসংক্রান্ত কার্যাবলি (Financial Functions) : অনুসন্ধান এবং মূলধনের কাম্য ব্যবহার।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

৪. নিরাপত্তা কার্যাবলি (Security Functions) : সম্পত্তি এবং ব্যক্তির রক্ষণাবেক্ষণ।
৫. হিসাবরক্ষণ কার্যাবলি (Accounting Functions) : আয়-ব্যয়, মূল্য, পরিসংখ্যান।
৬. ব্যবস্থাপনা কার্যাবলি (Management Functions) : পূর্বানুমান, পরিকল্পনা, সংগঠন, আদেশদান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ।

এছাড়াও তিনি ব্যবস্থাপনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ১৪টি নীতি সুপারিশ করেছেন। বর্তমান দিনে এই নীতিগুলো বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় প্রয়োগ করা হয়। এ নীতিগুলো সর্বজনীনভাবে প্রয়োগযোগ্য বিধায় কেউ কেউ ফেয়লকে সর্বজনীনবিদ বলে থাকেন। আধুনিক ব্যবস্থাপনা চিন্তাধারার মূল স্থপতি হিসেবে তাঁর অবদান ব্যবস্থাপনার উন্নয়নের ইতিহাসে অনস্বীকার্য। এজন্য তাকে আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয়।

ব্যবস্থাপনার উন্নয়নে হেনরি ফেয়লের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ফ্রান্সের অধিবাসী এ খনি প্রকৌশলী ব্যবস্থাপনাকে সুনির্দিষ্ট নীতিমালা ও কাজ সম্বলিত এবং বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত, সর্বজনীনভাবে প্রয়োগযোগ্য ও পাঠযোগ্য শাস্ত্র হিসেবে প্রতিষ্ঠিত করেছিলেন। প্রায় আড়াই হাজার বছর পূর্বে (মৃত্যু ৩৯৯ খ্রি. পূর্বাব্দ) গ্রীক দার্শনিক সফ্রেটিস ব্যবস্থাপনাকে যে সর্বজনীনতার দৃষ্টিকোণ থেকে দেখেছিলেন হেনরি ফেয়ল তাঁর লেখনির মাধ্যমে সে বিষয়টিকে প্রতিষ্ঠিত করেছেন। এজন্য তিনি গবেষণা করেছেন, গবেষণালব্ধ জ্ঞানকে কর্মক্ষেত্রে প্রয়োগ করেছেন এবং লেখনির মাধ্যমে তা তুলে ধরেছেন। কর্মক্ষেত্রে থেকে অবসর গ্রহণের পরও তিনি গবেষণাধর্মী বিভিন্ন প্রতিষ্ঠান গঠন, বিভিন্ন তত্ত্বের উন্নয়ন এবং আন্তর্জাতিক পরিসরে তত্ত্বকে তুলে ধরতে ব্যাপক ভূমিকা রাখেন। ব্যবস্থাপনা ক্ষেত্রে তাঁর এসব ভূমিকা তাঁকে আধুনিক ব্যবস্থাপনার জনক হিসেবে প্রতিষ্ঠিত করেছে। আধুনিক ব্যবস্থাপনার রূপকার এই প্রথিতযশা ব্যক্তিত্বের অবদান নিম্নের ছকে তুলে ধরা হলো :

- ক. শাস্ত্র হিসেবে ব্যবস্থাপনাকে প্রতিষ্ঠা;
- খ. ব্যবস্থাপনার ১৪টি নীতিমালা উদ্ভাবন;
- গ. সর্বজনীন প্রয়োগযোগ্য বিষয় হিসেবে ব্যবস্থাপনা শাস্ত্রের উপস্থাপনা;
- ঘ. শিল্প প্রতিষ্ঠানের ৬টি কাজ নির্দিষ্টকরণ;
- ঙ. ব্যবস্থাপনা প্রক্রিয়ার ৬টি কাজ নির্দিষ্টকরণ;
- চ. ব্যবস্থাপকীয় গুণ বা যোগ্যতা নির্দিষ্টকরণ;
- ছ. প্রতিটা কাজে ব্যবস্থাপনার দায়িত্ব সম্পর্কে আলোকপাত;
- জ. গবেষণাধর্মী বিভিন্ন প্রতিষ্ঠান গঠন ও তত্ত্বের স্বীকৃতি আদায়।

আধুনিক ব্যবস্থাপনার জনক হেনরি ফেয়ল কর্তৃক প্রদত্ত সর্বজনীনভাবে প্রয়োগযোগ্য ব্যবস্থাপনার ১৪ টি নীতি নিম্নরূপ-

- **কার্যবিভাগ:** এ নীতি অনুযায়ী শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধির জন্য সর্বস্তরে বিশেষজ্ঞতার উপর গুরুত্ব প্রদান করা হয়। এজন্য প্রকৃতি অনুযায়ী বিভিন্ন কাজকে ভাগ করে একেক কাজ সম্পাদনের জন্য ভিন্ন ভিন্ন ব্যক্তিকে দায়িত্ব দেয়া হয়। একই বিভাগে কাজ করতে করতে সংশ্লিষ্ট ব্যক্তির এ কাজের বিশেষজ্ঞতা অর্জন সম্ভব হয়।
- **কর্তৃত্ব ও দায়িত্ব:** এ নীতি অনুযায়ী প্রত্যেক কর্মচারীকে কার্যসম্পাদন করার জন্য কর্তৃত্ব অর্পণ করার সাথে সাথে দায়িত্ব প্রদান করতে হবে।
- **নিয়মানুবর্তিতা:** এ নীতি হল শ্রমিকদের আনুগত্য সদ্যবহার, নৈতিকতা সৃষ্টি, নিয়ম শৃংখলা পালন যার উপর নির্ভর করে ব্যবস্থাপনার সাফল্য।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

- **আদেশের ঐক্য:** একই সময়ে একজন কর্মী শুধুমাত্র একজন উর্ধ্বতনের নিকট থেকে আদেশ পাবে- এ নীতির মূল কথা।
- **নির্দেশনার ঐক্য:** এ নীতি অনুযায়ী একটি উদ্দেশ্য বিশিষ্ট কার্যাবলির জন্য একটি সমন্বিত পরিকল্পনা থাকবে এবং এ সকল কার্য সম্পাদনের নির্দেশনা প্রদান করবেন একজন কর্মকর্তা। মূল লক্ষ্য অর্জনের জন্য সকল কাজের মধ্যে সমন্বয় থাকতে হবে।
- **সাধারণ স্বার্থে ব্যক্তি স্বার্থ ত্যাগ:** এ নীতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক বৃহৎ স্বার্থকে ব্যক্তি স্বার্থের উপরে স্থান দিতে হবে।
- **পারিশ্রমিক:** এ নীতি অনুযায়ী প্রতিষ্ঠানে সুষ্ঠু ও ন্যায্য বেতন ও মজুরী কাঠামো প্রবর্তন করে শ্রমিক কর্মীদের সর্বাধিক সন্তুষ্টি প্রদানের ব্যবস্থা করতে হবে।
- **কেন্দ্রীকরণ:** এ নীতি কর্তৃত্ব বা ক্ষমতার কেন্দ্রীকরণ ও বিকেন্দ্রীকরণ নিয়ে আলোচনা করে। এ নীতি অনুযায়ী কম গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিম্নস্তরের ব্যবস্থাপনার নিকট অর্পিত হয় অর্থাৎ বিকেন্দ্রীভূত হয় আর অধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ে কেন্দ্রীভূত রাখা হয়।
- **জোড়ামই শিকল:** প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কর্তৃত্ব রেখা ধাপে ধাপে উচ্চস্তর থেকে নিম্নস্তরে নেমে আসবে এবং কর্তৃত্বের এ শিকল প্রতিষ্ঠানের সকল কর্মী-কর্মকর্তা ও বিভাগকে সংযুক্ত রাখবে।
- **শৃংখলা:** সংগঠনে কার্যত প্রত্যেক কর্মচারী ও উপাদান যাতে তাদের স্ব-স্ব স্থানে থেকে নিরবচ্ছিন্নভাবে কাজ করতে পারে তার ব্যবস্থা করাই এ নীতির উদ্দেশ্য।
- **সাম্য:** ব্যবস্থাপনা কর্তৃক প্রতিষ্ঠানে নিয়োজিত সকল কর্মীদেরকে সমান ও নিরপেক্ষ দৃষ্টিতে দেখা, সকলের প্রতি সুবিচার, সম্ভাবহার ও দয়া প্রদর্শন করা এ নীতির উদ্দেশ্য।
- **চাকুরীর স্থায়িত্ব:** এ নীতি অনুযায়ী কর্মীদের চাকুরীর স্থায়িত্ব নিশ্চিত করার উপর জোর দেয়া হয়। অকারণে কর্মচারীদেরকে বদলি বা ছাঁটাই করলে তাদের মধ্যে হতাশা দেখা দেয়। এতে কর্মীরা কার্যক্ষেত্রে মনোযোগ ও মনোবল হারিয়ে ফেলে।
- **উদ্যোগ:** এ নীতি অনুযায়ী কর্মীদেরকে নিজ নিজ কর্মক্ষেত্রে উদ্যোগী হতে এবং নতুন উদ্যোগ গ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। কর্মক্ষেত্রে সৃজনশীলতা প্রদর্শন ও নতুনত্ব প্রবর্তনে ভূমিকা রাখলে সে কর্মীকে পুরস্কৃত করে উৎসাহিত করার বিষয়ে এ নীতি জোর দেয়।
- **একতাই বল:** একতাই শক্তি। তাই অধীনস্থ কর্মচারীদের মধ্যে যেন টিম ওয়ার্ক, একতা ও ভ্রাতৃত্ববোধ গড়ে ওঠে সেদিকে ব্যবস্থাপকদের লক্ষ্য রাখতে হবে।

❖ একজন আদর্শ ব্যবস্থাপকের দক্ষতাসমূহ [*Skill or Efficiency of an Ideal Manager or Good Manager*]

প্রতিষ্ঠানের কাজিত লক্ষ্য অর্জনের নিমিত্তে অর্থ, শক্তি ও সামর্থ্যকে কাজে লাগানোর প্রক্রিয়াকে দক্ষতা বলে। বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে ব্যবসায় প্রতিষ্ঠানসমূহকে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখতে হলে ব্যবস্থাপকীয় দক্ষতার উপর গুরুত্বারোপ করতে হয়। স্কীনার ও ইভানসেভিচ বলেন, ‘ব্যবস্থাপনা দক্ষতা বলতে বুঝায় কোন একটি কার্য সম্পাদনে জ্ঞান, আচরণ ও সহজাত প্রবৃত্তিকে ব্যবহারের দক্ষতা’। সংক্ষেপে বলা যায়, ব্যবস্থাপনা দক্ষতা হচ্ছে ব্যবস্থাপনা প্রক্রিয়াকে যথাযথভাবে সম্পাদন করার সামর্থ্য। নিম্নে ব্যবস্থাপকের বিভিন্ন দক্ষতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করা হলো-

১. **কারিগরি দক্ষতা (Technical efficiency) :** এ দক্ষতা কোন যন্ত্র নিয়ে বিশেষ কৌশলের সাথে কার্যসম্পাদনের ঐঙ্গিত দেয়। কারিগরি দক্ষতাকে কোন নির্দিষ্ট কার্যাবলি সম্পাদনের কৌশল, পদ্ধতি, প্রক্রিয়া ও নিয়মসংক্রান্ত জ্ঞান

হিসেবে অভিহিত করা হয়। প্রতিষ্ঠানের প্রতিটি স্তরে ব্যবস্থাপকদের কারিগরি দক্ষতা প্রয়োজন। যেহেতু নিম্নস্তরের ব্যবস্থাপকেগণ সরাসরি যন্ত্রপাতি চালানোর কাজ করে থাকে তাই তাদের এরূপ দক্ষতা বেশী প্রয়োজন।

২. **আন্তঃব্যক্তিক বা মানবীয় দক্ষতা (Interpersonal or Human efficiency) :** প্রতিষ্ঠানে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মীদের সাথে সমন্বয়পূর্বক কাজ করার দক্ষতাই হলো আন্তঃব্যক্তিক বা মানবীয় দক্ষতা। এ ধরনের দক্ষতা ব্যবস্থাপনার সকল স্তরে সমানভাবে থাকা বাঞ্ছনীয়। এ দক্ষতা ব্যবস্থাপককে উর্ধ্বতন ও অধঃস্থান সকলের নিকট গ্রহণযোগ্য করে তোলে। কেননা ব্যবস্থাপনার মূল কাজ হলো অন্যকে দিয়ে কাজ করিয়ে নেয়া অর্থাৎ মানুষ চালানো। অন্যভাবে বলা যায়, আন্তঃব্যক্তিক দক্ষতা হলো দলগত প্রচেষ্টা, সহযোগিতামূলক উদ্যোগ ও মানুষের নিজে মতামত স্বাধীনভাবে প্রকাশের মাধ্যমে অন্যের সাথে কাজ করার পরিবেশ সৃষ্টি।
৩. **ধারণাগত দক্ষতা (Conceptual efficiency) :** ধারণা বিষয়ক দক্ষতা হলো সমগ্র প্রতিষ্ঠানের ভবিষ্যৎ সম্পর্কে ধারণা করতে পারা। উচ্চস্তরের ব্যবস্থাপকবৃন্দ প্রতিষ্ঠানের জন্য সিদ্ধান্তগ্রহণ ও লক্ষ্য প্রতিষ্ঠা করে থাকে। তাই তাদের সুদূর ভবিষ্যৎ সম্পর্কে পূর্বানুমান করতে হয়। অতএব সম্ভাব্য সকল পরিস্থিতি পর্যালোচনা করে সমগ্র প্রতিষ্ঠানের দিকে দৃষ্টি রেখে কার্যাবলি সম্পাদনের মাধ্যমে সমস্যা থেকে উত্তরণের সক্ষমতাই হলো ধারণা বিষয়ক দক্ষতা।
৪. **সমস্যা অনুধাবন ও সমাধানের দক্ষতা (Diagnostic efficiency):** প্রতিষ্ঠানের কার্যাবলি সম্পাদনের সময় নানাবিধ সমস্যার উদ্ভব হয়। এসকল সমস্যাকে চিহ্নিত করা এবং সমস্যার বাস্তব সমাধান সংক্রান্ত দক্ষতা একজন ব্যবস্থাপকের থাকা অত্যন্ত জরুরী। ব্যবস্থাপকগণ প্রতিষ্ঠানের বিদ্যমান সমস্যাসমূহ অনুধাবন ও চিহ্নিত করে বাস্তবতার নিরিখে কার্যকর সমাধান নিশ্চিত করবেন।

আদর্শ ব্যবস্থাপকের গুণাবলি [Qualities of an Ideal manager or Good Manager]

ব্যবস্থাপক হলেন একটি প্রতিষ্ঠানের কাভারী। ব্যবস্থাপককে ভিন্ন ভিন্ন পরিস্থিতিতে বিভিন্ন রকমের কাজ করতে হয়। তাই একজন ব্যবস্থাপকের নানাবিধ গুণাবলি থাকতে হয় যা প্রতিষ্ঠান পরিচালনায় তাকে সক্ষমতা দান করে। কেননা অন্যকে দিয়ে কাজ আদায় করিয়ে নেয়াই ব্যবস্থাপনা আর যিনি এ কাজ করেন তাকে ব্যবস্থাপক বলে। আর যিনি দক্ষতার সাথে প্রতিষ্ঠানের বিভিন্ন উপায়-উপকরণ ও কর্মীদেরকে কাজে লাগিয়ে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে সফল হন তিনিই আদর্শ ব্যবস্থাপক। সুতরাং ব্যবস্থাপকীয় কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনে একজন ব্যবস্থাপকের নিম্নবর্ণিত গুণাবলি থাকা আবশ্যিক:

- **শিক্ষা ও প্রশিক্ষণ (Education and Training):** একজন ব্যবস্থাপকের উপর প্রতিষ্ঠানের সার্বিক কার্য সম্পাদনের দায়িত্ব থাকে। তিনি প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদেরকে লক্ষ্যপানে পরিচালিত করেন। তাই প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয় সম্পর্কে তার পর্যাপ্ত সাধারণ শিক্ষা ও কর্মী পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ থাকতে হবে। এছাড়াও একজন ব্যবস্থাপককে ব্যবসায়-বাণিজ্য সংক্রান্ত রীতি-নীতি, পদ্ধতি, সমস্যাবলী ও ব্যবস্থাপনা সম্পর্কে বিশেষ জ্ঞানের অধিকারী হতে হবে। ব্যবস্থাপনার ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য তাকে এ বিষয়ক প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। বর্তমানে বিভিন্ন বিষয় থেকে পাশ করা ব্যক্তিরও ব্যবস্থাপনা ও ব্যবসায় বিষয়ক বিশেষায়িত জ্ঞান অর্জনের জন্য বিবিএ ও এমবিএ ডিগ্রি নিচ্ছেন।
- **শক্তি ও সার্মথ্য (Strength and Abilities):** একজন ব্যবস্থাপক শারীরিক পরিশ্রমের চেয়ে মানসিক পরিশ্রমই বেশী করে থাকেন। তবে শারীরিক বা মানসিক যে ধরনের পরিশ্রম হোক না কেন একজন ব্যবস্থাপককে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কথায় আছে, সুস্থ শরীরে সুন্দর মন। কারণ শারীরিক অসুস্থতা মানসিক প্রশান্তি আনতে পারে না। ফলে প্রতিষ্ঠানের কাজও তার পক্ষে সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হয় না।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

- **দূরদর্শিতা (Fore-sightness):** ভবিষ্যত সবসময়ই অনিশ্চিত। একজন ব্যবস্থাপককে তার দূরদর্শিতা ব্যবহার করে ভবিষ্যতের অনিশ্চয়তার মধ্যে নিশ্চয়তা খুঁজতে হবে। যার দূরদর্শিতা যত নিখুঁত হবে, সফল হওয়ার সম্ভাবনা তার বেশী। দেশের অর্থনীতি, প্রযুক্তিবিদ্যা, পণ্যের বাজার, বিদ্যমান প্রতিষ্ঠানগুলোর মধ্যকার প্রতিযোগিতা, মানুষের ভোগ ও চাহিদা প্রভৃতি বিষয়ে একজন ব্যবস্থাপকের সুদূরপ্রসারী কল্পনাশক্তি থাকতে হবে।
- **আকর্ষণীয় ব্যক্তিত্ব (Attractive personality):** অন্যের দ্বারা কাজ করিয়ে নেয়ার কৌশলকে ব্যবস্থাপনা বলে। শক্তিশালী ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী ব্যবস্থাপক সহজেই তার অধঃস্তনদেরকে আকৃষ্ট করে লক্ষ্যপানে পরিচালিত করতে পারে। এতে প্রশাসনিক কাজ সম্পাদন ও কর্মীদেরকে নিয়ন্ত্রণ করা সহজ হয়।
- **যোগাযোগ দক্ষতা (Communication skill):** তথ্যের আদান-প্রদানকে যোগাযোগ বলে। বর্তমানে বলা হয়, 'Communication is power.' অর্থাৎ যোগাযোগই শক্তি। একজন ব্যবস্থাপককে প্রতিষ্ঠানের ভেতরে ও বাইরে সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সাথে প্রতিনিয়ত তথ্যের আদান-প্রদান অর্থাৎ যোগাযোগ করতে হয়। প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে একজন ব্যবস্থাপক তার আদেশ, নির্দেশ ও পরামর্শ অধঃস্তনদের নিকট প্রেরণ করেন। যোগাযোগ স্থাপনে কোন রকম বিচ্যুতি হলে প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যহত হয়। তাই যোগাযোগ সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল একজন ব্যবস্থাপকের জানা থাকতে হবে।
- **সাধুতা ও নৈতিকতা (Ethics):** একজন ব্যবস্থাপককে সৎ, নিষ্ঠাবান ও উন্নত চরিত্রের অধিকারী হতে হবে। ব্যবস্থাপকের এরূপ গুণাবলি থাকলে তিনি সংশ্লিষ্ট সকলের নিকট সমাদৃত ও বরণ্য হন। অধঃস্তনদের নিকট ব্যবস্থাপকের এ ধরনের ভাবমূর্তি প্রতিষ্ঠানের সফলতা আনয়নে ভূমিকা পালন করে।
- **সহযোগিতার মনোভাব (Co-operative attitude):** ব্যবস্থাপককে প্রতিষ্ঠানের উর্ধ্বতন ও অধঃস্তন সকলের সাথে সহযোগিতামূলক মনোভাব নিয়ে কার্যসম্পাদন করতে হবে। অধঃস্তনদের সুখে-দুঃখে এগিয়ে আসতে হবে। এতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপকদের সাথে অধঃস্তনদের সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে উঠবে এবং সকলে মিলে প্রতিষ্ঠানের অগ্রগতির জন্য কাজ করবে।
- **ধৈর্য ও সহিষ্ণুতা (Patience):** একজন ব্যবস্থাপককে অবশ্যই ধৈর্যশীল ও পরমত সহিষ্ণু হতে হবে। অনেক সময় প্রতিষ্ঠানে নানাবিধ গোলযোগ পূর্ণ পরিস্থিতির সৃষ্টি হয়। এ সময় ব্যবস্থাপককে বিচলিত বা ধৈর্যচ্যুতি ঘটালে চলবে না। এরূপ পরিস্থিতিতে ব্যবস্থাপককে ধীরস্থিরভাবে চিন্তাভাবনা করে সমস্যার মোকাবেলা করতে হবে।
- **দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা (Ability to take rapid decision):** যে কোনো সমস্যা সমাধান বা কর্মপন্থা গ্রহণে একাধিক উপায় বা বিকল্প থেকে সর্বোত্তম বিকল্প বাছাইকেই সিদ্ধান্ত গ্রহণ বলে। ব্যবসায়িক প্রয়োজনে একজন ব্যবস্থাপককে নানা রকম সিদ্ধান্ত নিতে হয়। তাই অসংখ্য বিকল্প উপায়সমূহ হতে গুণগত ও সংখ্যাগত দিক মূল্যায়ন ও বিশ্লেষণের মাধ্যমে দ্রুততম সময়ে সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়াই ব্যবস্থাপকের মৌলিক কাজ। একটি ভুল সিদ্ধান্ত প্রতিষ্ঠানের জন্য ধ্বংসাত্মক হতে পারে।
- **ভিন্ন মতামতের প্রতি শ্রদ্ধাশীলতা (Respect to others opinion):** প্রতিষ্ঠানের কার্যসম্পাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করা একজন উত্তম ব্যবস্থাপকের অন্যতম গুণ। কোন সমস্যা দেখা দিলে ব্যবস্থাপক কর্মচারীদের সাথে আলাপ আলোচনা করেন এবং তাদের মতামত শোনে। মতামত যদি সমস্যা সমাধানের পক্ষে হয় তবে তা তিনি গ্রহণ করেন, নতুবা শ্রদ্ধাসহকারে তা থেকে বিরত থাকেন।
- **কার্যবিষয়ক দক্ষতা (Works skill):** অন্যকে দিয়ে কাজ আদায় করিয়ে নেয়াই একজন ব্যবস্থাপকের কাজে। তাই অধঃস্তনদেরকে কার্যাদেশ দিতে হলে এবং কর্মীদের থেকে কাজ বুঝে নিতে হলে ব্যবস্থাপককে অবশ্যই উক্ত কাজ সম্বন্ধে খুঁটিনাটি জানতে হবে। কারণ নিজে না জানলে অন্যকে বুঝানো যায় না। তাই প্রতিষ্ঠানের বিভিন্ন কাজ সম্পর্কে ব্যবস্থাপকের সুস্পষ্ট ধারণা থাকতে হবে।
- **সময় সচেতনতা (Time consciousness):** সঠিক সময়ে, সঠিক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে, সঠিক কাজটি করা ব্যবস্থাপকের কাজ। তা নাহলে ব্যয়িত প্রচেষ্টা ও অর্থ-সম্পদ ব্যর্থতায় পর্যবসিত হয়। তাই একজন ব্যবস্থাপককে সময় সচেতন হতে হয়।

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

- **উদ্ভাবনী দক্ষতা (Innovative skill):** গ্রাহকদের জন্য নতুন নতুন পণ্য ও সেবা উৎপাদন ও বাজারজাতকরণ, পণ্যের উন্নয়ন, নতুন উৎপাদন প্রক্রিয়া গ্রহণ ও নতুন ব্যবসায় মডেল প্রবর্তনের সক্ষমতাকে উদ্ভাবন বলে। প্রতিযোগিতামূলক বাজারে প্রতিষ্ঠানকে সুবিধাজনক অবস্থানে নিতে হলে বা ধরে রাখতে হলে একজন ব্যবস্থাপককে অবশ্যই উদ্ভাবনী প্রতিভার অধিকারী হতে হয়। গ্রাহকদের নিত্য নতুন চাহিদার সাথে খাপ খাইয়ে একটি প্রতিষ্ঠানকে চলতে হয়। তাই পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ, নির্দেশনা দান, প্রেষণা দান, পণ্যে নতুনত্ব আনয়ন, প্রতিনিয়ত ডিজাইন উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে একজন ব্যবস্থাপক তার উদ্ভাবনী শক্তির প্রয়োগ দেখান।
- **দায়িত্ব সচেতনতা (Awareness about responsibility):** কোন পদের বিপরীতে নির্ধারিত কাজ নিয়ম অনুযায়ী সম্পাদন করাই দায়িত্ব। একজন ব্যবস্থাপকেরও নির্দিষ্ট কিছু কাজ রয়েছে। ব্যবসায় প্রতিষ্ঠানে যে কোন ধরনের দায়িত্ব ও কর্তব্যে অবহেলা প্রতিষ্ঠানে বিপর্যয় সৃষ্টি করতে পারে। তাই পরম নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের মধ্য দিয়ে একজে ব্যবস্থাপক প্রতিষ্ঠানের জন্য সাফল্য বয়ে আনেন।
- **কূটনৈতিক জ্ঞান (Diplomatic knowledge):** প্রতিষ্ঠানের যাবতীয় সমস্যা একজন ব্যবস্থাপককে সুকৌশলে মোকাবেলা করতে হয় এবং নতুন নতুন উপায় উদ্ভাবন করে অধঃস্তনের সৃজনশীলতার বিকাশ ঘটাতে হয়। তাই একজন আদর্শ ব্যবস্থাপককে কূটনৈতিক বুদ্ধিসম্পন্ন অর্থাৎ কৌশলী হতে হয়।
- **সাহস ও নিরপেক্ষতা (Courageous and Neutrality):** একজন ব্যবস্থাপককে তার কর্ম ও চিন্তায় ন্যায়াপরায়ন হতে হবে। বিশেষ পরিস্থিতিতে তাকে কর্মচারীদের প্রতি কাঠোর আচরণ করতে হয়। এছাড়া ব্যবস্থাপককে যে কোন সমস্যা মোকাবেলা করার মতো সাহস ও সক্ষমতা থাকতে হবে।

আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির এ যুগে ব্যবস্থাপকদের তথ্যপ্রযুক্তি বিষয়ক ব্যবহারিক জ্ঞান থাকতে হবে। এছাড়া একজন ব্যবস্থাপককে অধ্যবসায়ী, পরিশ্রমী, মার্জিত রুচিবোধ সম্পন্ন, বন্ধুভাবাপন্ন, আত্মমর্যাদা সম্পন্ন, আত্মসংযমী ইত্যাদি নানাবিধ গুণাবলি সম্পন্ন হতে হয়।

❖ ব্যবস্থাপনা ও প্রশাসন [*Management and Administration*]

ব্যবসায় জগতে ব্যবস্থাপনা ও প্রশাসন শব্দ দুটি অধিকাংশ ক্ষেত্রে প্রায় সমার্থকভাবে ব্যবহৃত হয়েছে। তবে কোন কোন ব্যবস্থাপনাবিশারদ প্রশাসনকে ব্যবস্থাপনা থেকে আলাদা করে দেখানোর চেষ্টা করেছেন। প্রতিষ্ঠানে নিয়োজিত উপায়-উপকরণাদির কার্যকর ব্যবহার করে প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনের জন্য পরিকল্পনা, সংগঠন, কর্মসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ কার্যকে ব্যবস্থাপনা বলে। অন্যদিকে ব্যবস্থাপনার উপরিপর্যায় অধিষ্ঠিত ব্যক্তিদের কাজ হলো প্রশাসন। অর্থাৎ ব্যবস্থাপনার শীর্ষস্তরকে প্রশাসন বলে। মূলত ব্যবস্থাপনার তিনটি স্তর রয়েছে; যথা- উচ্চ স্তর, মধ্যম স্তর ও নিম্ন স্তর। ব্যবস্থাপনার উচ্চ বা শীর্ষস্তর প্রশাসন আর প্রশাসনের নিচের দুটি স্তর হলো ব্যবস্থাপনা। অর্থাৎ প্রশাসনও ব্যবস্থাপনারই অংশ।

কাজের ধরনগত পার্থক্যের কারণে অনেক ব্যবস্থাপনাবিদ প্রশাসনকে মস্তিষ্কের সাথে আর ব্যবস্থাপনাকে অঙ্গ-প্রত্যঙ্গের সাথে তুলনা করেছেন। কেননা আমাদের মস্তিষ্কের মতো প্রশাসন চিন্তাশীল কাজ বেশি করে আর অঙ্গপ্রত্যঙ্গের মতো ব্যবস্থাপনা বাস্তবায়নমূলক কাজ বেশী করে থাকে। নিম্নে ব্যবস্থাপনা ও প্রশাসনের মধ্যে পার্থক্য দেখানো হলো :

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

পার্থকের বিষয়	প্রশাসন	ব্যবস্থাপনা
সংজ্ঞা	ব্যবস্থাপনার উপরিপর্যায়ে অধিষ্ঠিত ব্যক্তিদের কাজ হলো প্রশাসন। অর্থাৎ ব্যবস্থাপনার শীর্ষস্তরকে প্রশাসন বলে।	প্রতিষ্ঠানে নিয়োজিত উপায়-উপকরণাদির কার্যকর ব্যবহার করে প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনের জন্য পরিকল্পনা, সংগঠন, কর্মসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ কার্যকে ব্যবস্থাপনা বলে।
স্তর	প্রশাসন হচ্ছে প্রতিষ্ঠানের উচ্চস্তরের কার্যাবলি	ব্যবস্থাপনা হচ্ছে প্রতিষ্ঠানের মধ্যম ও নিম্নস্তরের কার্যাবলি
কাজের ধরন	প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ, দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন ও নীতিমালা প্রণয়ন	প্রশাসন কর্তৃক প্রণীত পরিকল্পনা ও নীতিমালা এবং নির্ধারিত লক্ষ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ
কাজের পরিধি	উপকরণাদির সংগঠন, প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ, নীতি ও উদ্দেশ্য নির্ধারণ, ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান ও নিয়ন্ত্রণ	প্রশাসন কর্তৃক গৃহীত নীতি ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বিভাগীয় পরিকল্পনা প্রণয়ন, সংগঠন, প্রেষণাদান, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজ সম্পাদন।
ক্ষমতা	প্রশাসন প্রতিষ্ঠানের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী	এটি প্রশাসনের অধীনে থেকে কার্যাবলি সম্পাদন করে তাই এটি অপেক্ষাকৃত কম ক্ষমতার অধিকারী
সিদ্ধান্ত গ্রহণ	প্রশাসন সংগঠনের উদ্ভূত যেকোন সমস্যার সমাধানকল্পে সিদ্ধান্ত গ্রহণ করে।	প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন করে।
দায়িত্ব	প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকাণ্ডের জন্য দায়ী	স্ব-স্ব কর্ম পরিমন্ডলে কার্য সম্পাদনের জন্য দায়ী
শ্রমের ধরন	এক্ষেত্রে মানসিক শ্রমের ব্যবহার অধিক	এক্ষেত্রে মানসিক ও শারীরিক উভয় ধরনের শ্রম ব্যবহৃত হয়।
জবাবদিহিতা	যাবতীয় কাজের জন্য পরিচালনা পর্যদের কাছে জবাবদিহি করতে হয়।	প্রশাসনের কাছে জবাবদিহি করতে হয়।

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

প্রেষণার ধরন	প্রশাসনের সাথে জড়িতদের মুনাফা বা লভ্যাংশ প্রদান করা হয়।	ব্যবস্থাপনার সাথে জড়িতদের বেতন ও অন্যান্য আর্থিক ও আনর্থিক সুবিধা প্রদান করা হয়।
--------------	---	--

❖ **সংগঠন, ব্যবস্থাপনা ও প্রশাসনের মধ্যে সম্পর্ক [Relation among Organization, Management and Administration]**

একটি প্রতিষ্ঠানের অস্তিত্বের সাথে সংগঠন, ব্যবস্থাপনা ও প্রশাসন ওতপ্রোতভাবে জড়িত। সংগঠন, ব্যবস্থাপনা ও প্রশাসন পরস্পর গভীরভাবে সম্পর্কযুক্ত ফলে অনেক সময় এদেরকে সম্পূর্ণভাবে আলাদা করা যায় না। সংগঠন না থাকলে যেমন প্রশাসন বা ব্যবস্থাপনার অস্তিত্ব চিন্তা-ই করা যায় না তেমনি প্রশাসন বা ব্যবস্থাপনা ছাড়া সংগঠন অর্থহীন। আমরা জানি, উৎপাদনের উপকরণ ৪ টি; যথা- ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন। একটি প্রতিষ্ঠানের উৎপত্তির সাথে সাথে সংগঠনেরও উৎপত্তি ঘটে। আর সংগঠন এর সাংগঠনিক কাঠামো ঠিক রেখে প্রতিষ্ঠানের যাবতীয় উপায়-উপকরণ ব্যবহার করে লক্ষ্য অর্জনের জন্য প্রশাসন ও ব্যবস্থাপনার গুরুত্ব অনস্বীকার্য। সংগঠন, ব্যবস্থাপনা ও প্রশাসনের মধ্যকার আন্তঃসম্পর্ক প্রকাশের জন্য বিষয় তিনটি নিচে পৃথকভাবে ব্যাখ্যা করা হলো:

- ১. সংগঠন (Organization) :** প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য একটি প্রতিষ্ঠানের প্রয়োজনীয় উপাদানসমূহ; যেমন- ভূমি, শ্রম, কাঁচামাল, মূলধন, যন্ত্রপাতি প্রভৃতি সংগ্রহ, সংরক্ষণ ও এদের সমন্বয়সাধনকে সংগঠন বলে। সহজভাবে এটি হলো কতিপয় ব্যক্তির সংঘবদ্ধ সম্পর্কের কাঠামো। অন্যভাবে বলা যায়, সংগঠন হলো এরূপ এক প্রক্রিয়া যা প্রতিষ্ঠানের সাধারণ কার্যাবলি সনাক্ত করে এবং এদেরকে বিভিন্ন বিভাগে শ্রেণিবদ্ধ করে, দায়িত্ব ও কর্তৃত্বের বণ্টন করে এবং প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য কার্যবিভাগগুলোর মধ্যে ও সংগঠন কাঠামোর সদস্যদের মধ্যে কার্যকর সম্পর্ক স্থাপন করে। প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোর মধ্যেই ব্যবস্থাপনা ও প্রশাসনের অস্তিত্ব নিহিত।
- ২. ব্যবস্থাপনা (Management) :** প্রশাসন কর্তৃক প্রণীত নীতিমালা ও পরিকল্পনা মোতাবেক পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনে নিয়োজিত কার্যক্রমই ব্যবস্থাপনা। একটু বিশদভাবে বলা যায়, প্রতিষ্ঠানে নিয়োজিত উপায়-উপকরণাদির কার্যকর ব্যবহার করে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা, সংগঠন, কর্মসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ কার্যকে ব্যবস্থাপনা বলে। কার্যকর ব্যবস্থাপনার উপরই প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন ও পরিকল্পনার বাস্তবায়ন নির্ভরশীল। ভূমি, শ্রম, মূলধনসহ যাবতীয় উপকরণ থাকলেও কার্যকর ব্যবস্থাপনার অভাবে লক্ষ্যার্জন ব্যর্থ হতে পারে। অর্থাৎ সংগঠনের সফলতা কার্যকর ব্যবস্থাপনার উপর নির্ভরশীল।
- ৩. প্রশাসন (Administration) :** যেকোনো প্রতিষ্ঠানের মূল চালিকা শক্তি হলো প্রশাসন। ব্যবস্থাপনার শীর্ষস্তরকে প্রশাসন বলে। প্রশাসন প্রতিষ্ঠানের জন্য সামগ্রিক উদ্দেশ্য নির্ধারণ এবং উক্ত উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করে। ব্যবস্থাপনার উপরিপর্যায়ে অধিষ্ঠিত ব্যক্তিদের কাজ হলো প্রশাসন আর যারা এ কাজে নিয়োজিত থাকে তাদেরকে প্রশাসক বলে। প্রশাসকগণ প্রতিষ্ঠানের Thinking functions বা চিন্তাশীল কার্যাবলি সম্পাদনের সাথে অধিক জড়িত। তাই প্রশাসনকে মস্তিষ্ক হিসেবে অভিহিত করা হয়। এছাড়া প্রশাসন প্রতিষ্ঠানের অন্তর্গত প্রতিটি বিভাগ ও শাখার কার্যাবলি সুষ্ঠু সমাধানের নিমিত্তে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করে। অর্থাৎ প্রশাসনই হচ্ছে যে কোন প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়নকারী ও নেতৃত্বদানকারী অঙ্গ। প্রশাসকগণের দক্ষতা ও কর্তব্য নিষ্ঠার উপরই সমগ্র প্রতিষ্ঠানের সফলতা অনেকাংশ নির্ভর করে। তাই যে প্রতিষ্ঠানে প্রশাসনযন্ত্র যত বেশী দক্ষ সে প্রতিষ্ঠানের উন্নয়ন সম্ভাবনাও ততবেশী উজ্জ্বল।

উপরিউক্ত আলোচনা হতে প্রতীয়মান হয় যে সংগঠন প্রতিষ্ঠানের যাবতীয় প্রয়োজনীয় উপাদান সমূহের যথোপযুক্ত যোগান নিশ্চিত করে আর প্রশাসন এসকল উপাদানসমূহের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে প্রতিষ্ঠানের উদ্দেশ্য ও লক্ষ্য নির্ধারণ করে এবং

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন করে। ব্যবস্থাপনা প্রশাসন কর্তৃক গ্রহীত পরিকল্পনা ও নীতিমালার আলোকে উদ্দেশ্যাবলি বাস্তবায়নের প্রচেষ্টা গ্রহণ করে। সুতরাং আমরা বলতে পারি যে, প্রতিষ্ঠানের উদ্দেশ্য বাস্তবায়নে প্রশাসন, ব্যবস্থাপনা ও সংগঠন খুবই ঘনিষ্ঠভাবে সম্পর্কিত।

❖ বৈজ্ঞানিক ব্যবস্থাপনার সংজ্ঞা (Definition of Scientific Management):

বৈজ্ঞানিক ব্যবস্থাপনা হলো এমন একটি ব্যবস্থাপনা পদ্ধতি, যা কাজের দক্ষতা, উৎপাদনশীলতা ও শ্রমিকের কর্মক্ষমতা বাড়ানোর জন্য বৈজ্ঞানিক উপায়ে কাজের বিশ্লেষণ ও পরিকল্পনার ওপর গুরুত্ব দেয়। ফ্রেডরিক উইন্সলো টেইলর এই তত্ত্বের জনক।

❖ বৈজ্ঞানিক ব্যবস্থাপনার বৈশিষ্ট্য (Features of Scientific Management):

- কাজের মান সম্পন্ন করার বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ।
- সঠিক ব্যক্তিকে সঠিক কাজে নিয়োগ।
- শ্রমিকদের প্রশিক্ষণ ও উন্নয়ন।
- উৎসাহব্যবস্থা বা প্রেরণা প্রদান।
- পর্যবেক্ষণ ও মান নিয়ন্ত্রণের গুরুত্ব।
- পরিচালনার দায়িত্ব বিভাজন (planning vs doing)।

❖ বৈজ্ঞানিক ব্যবস্থাপনার বিভিন্ন দিক (Different Aspects of Scientific Management):

- Time Study (সময় নিরীক্ষণ) নির্দিষ্ট কাজের জন্য কত সময় প্রয়োজন তা নির্ধারণ।
- Motion Study (গতি নিরীক্ষণ): অপ্রয়োজনীয় গতিবিধি বাদ দিয়ে কার্যকর পদ্ধতি নির্ধারণ।
- Standardization (মানদণ্ড নির্ধারণ): যন্ত্র, উপকরণ ও কাজের মান নির্ধারণ।
- Work Specialization (কাজের দক্ষ বিভাজন): শ্রমিককে নির্দিষ্ট ও বিশেষায়িত কাজে নিয়োজিত করা।
- Scientific Selection (বৈজ্ঞানিকভাবে কর্মী নির্বাচন): শারীরিক ও মানসিক দিক বিবেচনায় কর্মী বাছাই।

❖ ব্যবস্থাপনার ক্ষেত্রে হেনরি ফেয়লের অবদান (Contribution of Henri Fayol) সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:
হেনরি ফেয়ল (Henri Fayol):

তিনি একজন ফরাসি খনিশিল্প ব্যবসায়ী ও ব্যবস্থাপনা চিন্তাবিদ, যিনি আধুনিক ব্যবস্থাপনার একজন পথিকৃত হিসেবে পরিচিত। ব্যবস্থাপনা ক্ষেত্রে হেনরি ফেয়লের অবদানসমূহ:

1. ব্যবস্থাপনার সংজ্ঞা প্রদান: তিনি প্রথম বলেন যে, ব্যবস্থাপনা একটি বিশেষ প্রক্রিয়া, যা পরিকল্পনা, সংগঠন, নেতৃত্ব, সমন্বয় ও নিয়ন্ত্রণের মাধ্যমে সম্পন্ন হয়।
2. ব্যবস্থাপনার ৫টি কার্যাবলি নির্ধারণ:
 - **Planning (পরিকল্পনা)
 - Organizing (সংগঠন)

- Commanding (নির্দেশনা)
- Coordinating (সমন্বয়)
- Controlling (নিয়ন্ত্রণ)**

3. ব্যবস্থাপনার ১৪টি নীতি প্রদান করেন (14 Principles of Management):

1. Division of Work (কাজের বিভাজন)
2. Authority and Responsibility (কর্তৃত্ব ও দায়িত্ব)
3. Discipline (শৃঙ্খলা)
4. Unity of Command (আদেশের ঐক্য)
5. Unity of Direction (দিক নির্দেশনার ঐক্য)
6. Subordination of Individual Interest (সাধারণ স্বার্থে ব্যক্তি স্বার্থ ত্যাগ)
7. Remuneration (পারিশ্রমিক)
8. Centralization (কেন্দ্রীকরণ)
9. Scalar Chain (জোড়ামই শিকল)
10. Order (বিন্যাস)
11. Equity (সমতা)
12. Stability of Tenure (চাকরির স্থায়িত্ব)
13. Initiative (উদ্যোগ)
14. Esprit de Corps/ Unity is Strength (দলগত চেতনা/ একতাই বল)

4. প্রশাসনিক তত্ত্বের (Administrative Theory) জনক:

তিনি প্রশাসনিক ব্যবস্থাপনার একটি কাঠামো দাঁড় করিয়েছিলেন, যা আধুনিক ব্যবস্থাপনায় এখনও প্রযোজ্য।

❖ ব্যবস্থাপনার ক্ষেত্রে এফ. ডব্লিউ. টেইলরের অবদান সংক্ষেপে নিচে বর্ণনা করা হলো:

এফ. ডব্লিউ. টেইলর (F. W. Taylor):

ফ্রেডরিক উইন্সলো টেইলর ছিলেন একজন মার্কিন প্রকৌশলী ও ব্যবস্থাপনা বিজ্ঞানী। তিনি "Scientific Management"-এর জনক হিসেবে পরিচিত।

টেইলরের প্রধান অবদান:

1. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার ধারণা প্রদান:

তিনি যুক্তিসঙ্গত, পরিমাপযোগ্য ও বিশ্লেষণভিত্তিক ব্যবস্থাপনার ওপর জোর দেন, যা আগে প্রথাভিত্তিক ছিল।

2. 4টি মূল নীতি নির্ধারণ করেন:

- প্রত্যেক কাজের বৈজ্ঞানিক বিশ্লেষণ
- সঠিক কর্মী নির্বাচন ও প্রশিক্ষণ
- ব্যবস্থাপক ও শ্রমিকের মধ্যে দায়িত্ব বণ্টন
- ব্যবস্থাপকের পরিকল্পনা ও শ্রমিকের বাস্তবায়ন

3. টাইম অ্যান্ড মোশন স্টাডি:

কাজের সময় ও গতি বিশ্লেষণের মাধ্যমে উৎপাদনশীলতা বাড়ানোর পদ্ধতি প্রবর্তন করেন।

4. উৎপাদনভিত্তিক পারিশ্রমিক নির্ধারণ:

কর্মীদের উৎপাদনভিত্তিক পারিশ্রমিক নির্ধারণের প্রস্তাব দেন, যাতে কর্মীরা আরও বেশি কাজ করতে উৎসাহ পায়।

5. উৎপাদনশীলতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ:

শ্রম ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি করেন।

❖ আধুনিক ব্যবস্থাপনার সংজ্ঞা:

আধুনিক ব্যবস্থাপনা হলো একটি গতিশীল ও বৈজ্ঞানিক পদ্ধতি, যার মাধ্যমে একটি প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য মানব, আর্থিক, প্রযুক্তিগত ও অন্যান্য সম্পদের সমন্বিত ব্যবহার নিশ্চিত করা হয়। এটি পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে পরিচালনা করা হয়।

❖ আধুনিক ব্যবস্থাপনার বৈশিষ্ট্যসমূহ:

1. লক্ষ্যভিত্তিক:
প্রতিষ্ঠানকে নির্দিষ্ট লক্ষ্য অর্জনে সহায়তা করে।
2. মানবসম্পদকেন্দ্রিক:
কর্মীদের দক্ষতা ও মনোবল বৃদ্ধিতে গুরুত্ব দেয়।
3. পরিবেশের সাথে সামঞ্জস্যপূর্ণ:
প্রতিনিয়ত পরিবর্তিত অর্থনৈতিক, সামাজিক ও প্রযুক্তিগত পরিবেশের সাথে খাপ খায়।
4. বৈজ্ঞানিক পদ্ধতিনির্ভর:
সিদ্ধান্ত গ্রহণে তথ্য, বিশ্লেষণ ও গবেষণার ওপর ভিত্তি করে।
5. যোগাযোগ ও দলগত কাজ:
কার্যকর যোগাযোগ ও টিমওয়ার্কের ওপর গুরুত্ব দেয়।
6. উৎপাদনশীলতা ও দক্ষতার ওপর জোর:
কম খরচে বেশি উৎপাদনের লক্ষ্যে কাজ করে।
7. কার্যক্রমের সমন্বয় ও নিয়ন্ত্রণ:
বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় সাধন করে এবং কৌশলগত নিয়ন্ত্রণ বজায় রাখে।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

Corporate Management

১. কোম্পানির চিরন্তন অস্তিত্ব বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।

অথবা, কোম্পানির অস্তিত্ব কোন প্রকৃতির? ব্যাখ্যা কর। (*Which nature is prevailed for the Entity of Company? Explain*)

অথবা, কোম্পানি সংগঠনকে কেন চিরন্তন অস্তিত্বের অধিকারী বলা হয়? ব্যাখ্যা কর।

উত্তর: কোম্পানির চিরন্তন অস্তিত্ব বলতে সহজে নিঃশেষ বা বিলোপসাধন হয় না এমন অস্তিত্বকে বুঝায়। অর্থাৎ শেয়ারহোল্ডারদের মৃত্যু বা দেউলিয়া, শেয়ার হস্তান্তর ইত্যাদি এ ব্যবসায়ের অস্তিত্বকে সহজে বিলুপ্ত করে না। অন্যান্য সংগঠনের ন্যায় কোম্পানি সংগঠন সহজে বিলোপসাধন হয় না বিধায় আইনের বিধান অনুযায়ী এ ব্যবসায় চিরন্তন অস্তিত্বের মর্যাদা লাভ করে। পরিশেষে বলা যায়, কোম্পানি হল আইনসৃষ্ট এমন একটি চিরন্তন অস্তিত্ব সম্পন্ন প্রতিষ্ঠান যার দায় আইন দ্বারা সীমিত।

২. কোম্পানি সংগঠনের নামের শেষে লিমিটেড শব্দ ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। (*Why is the word 'Limited'- used at the end of the name of a Company Organization? Explain.*)

উত্তর: কোম্পানির নামের শেষে লিমিটেড শব্দের ব্যবহার কোম্পানি এবং শেয়ারহোল্ডারগণের সীমিত দায় নির্দেশ করে।

একমালিকানা ও অংশীদারি ব্যবসায় সংগঠনের মালিকদের 'অসীম দায়' এর অসুবিধা থেকে বের করে আনতেই কোম্পানি সংগঠনের উদ্ভব। এরূপ সংগঠন পৃথক ও স্বাধীন সত্তার অধিকারী। ফলে সকল দায়-সম্পত্তির মালিক কোম্পানি। তাই শেয়ারহোল্ডারদের দায় যে সীমিত সেটি বুঝাতেই কোম্পানির নামের শেষে লিমিটেড শব্দ ব্যবহৃত হয়।

৩. দারিদ্র্য দূরীকরণে ক্ষুদ্র ঋণ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। (*Why is Micro-Credit important in Poverty elimination? Explain.*)

উত্তর : জামানত দেয়ার সামর্থ্য রাখে না এমন দরিদ্র মানুষকে গ্রুপ তৈরি করে ঋণ দেয়ার বিশেষ ব্যবস্থাকে ক্ষুদ্র ঋণ বলে।

উন্নয়নশীল দেশসমূহে দারিদ্র্য দূরীকরণ একটি বড় চ্যালেঞ্জ। দরিদ্র মানুষের আয় কম হওয়ায় সঞ্চয় থাকে না। ফলে তারা পুঁজির অভাবে দারিদ্র্যের দুষ্চক্র থেকে বেরিয়ে আসতে অসমর্থ হয়। এমতাবস্থায় ক্ষুদ্র ঋণ এমন কর্মসূচি যা তাদেরকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করে ও পুঁজি সরবরাহ করে আয় বৃদ্ধিতে ভূমিকা রাখে। তাই দারিদ্র্য দূরীকরণে ক্ষুদ্র ঋণ গুরুত্বপূর্ণ।

৪. কোম্পানির কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বুঝায়? (*What is meant by the artificial personality of a company?*)

উত্তর: যে সত্তা বা অস্তিত্ব বলে কোম্পানি ব্যক্তি না হয়েও ব্যক্তির ন্যায় অধিকার ও মর্যাদা ভোগ করে তাকে কোম্পানির কৃত্রিম ব্যক্তিসত্তা বলে। এটি কোম্পানি আইন অনুযায়ী স্বাধীন ও কৃত্রিম ব্যক্তি সত্তার মর্যাদা ভোগ করে। কৃত্রিম সত্তার কারণে কোম্পানি নিজ নামে গঠিত ও পরিচালিত হয়, অন্যের সাথে চুক্তি ও লেনদেন করতে পারে এবং প্রয়োজনে মামলা মোকদ্দমা দায়ের করতে পারে। তদ্রূপ প্রতিপক্ষরাও একই ভাবে মামলা মোকদ্দমা করতে পারে কোম্পানির বিরুদ্ধে।

৫. ব্যবসায়ের আইনগত সত্তা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। (*Why is Legal Entity needed for a Business? Explain*)

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

উত্তর: আইনগত সত্তা বলতে আইনের বিধান অনুযায়ী গঠিত ও পরিচালিত ব্যবসায়ের এমন অস্তিত্বকে বোঝায়। যার ফলে প্রতিষ্ঠান নিজ নামে পরিচিত হতে পারে, অন্যের সম্পদ ক্রয়-বিক্রয় করতে পারে ও সকল আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

আইনগত সত্তার ফলে কোম্পানি নিজ নামে অন্যের সাথে যে কোনো চুক্তি করতে পারে। এছাড়াও মালিকগণের মধ্যে বিরোধ, অনুপস্থিতি, মৃত্যু, দেউলিয়া, অসুস্থতা, ইচ্ছা-অনিচ্ছা ইত্যাদির কারণে সহজেই যেন প্রতিষ্ঠানের বিলোপসাধন না ঘটে এজন্য ব্যবসায় আইনগত সত্তা প্রয়োজন। যে কোন বিরোধ সমাধানের জন্যও আইনের প্রয়োজন পড়ে।

৬. দেশে বিনিয়োগ বৃদ্ধিতে স্টক এক্সচেঞ্জ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। *(Why is Stock Exchange important for increasing investment in a country? Explain.)*

উত্তর: যে সুসংহত বাজারে বা স্থানে তালিকাভুক্ত সরকারি ও বেসরকারি কোম্পানির শেয়ার সিকিউরিটিজ নিয়মিতভাবে ও নির্ধারিত বিধি অনুযায়ী ক্রয়-বিক্রয় করা হয়ে থাকে তাকেই স্টক এক্সচেঞ্জ বলে।

পাবলিক লিমিটেড কোম্পানির উন্নয়নের সাথে দেশের শেয়ার বাজার বা স্টক এক্সচেঞ্জ ওতপ্রোতভাবে জড়িত। কারণ এখানে তালিকাভুক্ত কোম্পানিসমূহের শেয়ার ও ঋণপত্র সহজে বিক্রয় হয়। দাম হ্রাস-বৃদ্ধির কারণে ও লাভের সুযোগ থাকে। এ কারণেই সবধরনের বিনিয়োগকারী পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ারে বিনিয়োগে অংশগ্রহণ করে। তাই দেশে বিনিয়োগ বৃদ্ধিতে স্টক এক্সচেঞ্জ গুরুত্বপূর্ণ।

৭. হোল্ডিং কোম্পানি বৃহদায়তন প্রতিষ্ঠান কেন? ব্যাখ্যা কর। *(Why is Holding Company a Large-Scale Organization? Explain.)*

উত্তর: যদি একটি কোম্পানি অন্য কোনো কোম্পানির ৫০ ভাগ এর অতিরিক্ত ভোটদান ক্ষমতার অধিকারী হয় বা অধিকাংশ পরিচালক নিয়োগের ক্ষমতা ভোগ করে তবে তাকে হোল্ডিং কোম্পানি বলে।

এরূপ কোম্পানির অধীনে কতকগুলো সাবসিডিয়ারি কোম্পানি থাকে। উক্ত কোম্পানিসমূহের ৫০% এর অধিক শেয়ারের মালিক হয় হোল্ডিং কোম্পানি। ফলে পরিচালক নির্বাচন ও পরিচালনায় কোম্পানিটির একক কর্তৃত্ব বজায় থাকে। তাই মূলধন ও পরিচালনা সামর্থ্যের দিক বিবেচনায় হোল্ডিং কোম্পানি অনেক বৃহদায়তন প্রতিষ্ঠান।

৮. বিধিবদ্ধ কোম্পানি বলতে কি বুঝায়?

বাংলাদেশ ব্যাংক কোন ধরনের কোম্পানি? ব্যাখ্যা কর। *(Which type of Company is Bangladesh Bank? Explain)*

উত্তর: বাংলাদেশ ব্যাংক একটি বিধিবদ্ধ কোম্পানি। যেসব ব্যবসায় আইন পরিষদের বিশেষ আইন দ্বারা বা রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে গঠিত এবং নিয়ন্ত্রিত হয় তাকে বিধিবদ্ধ কোম্পানি বলে। বাংলাদেশ ব্যাংক আইন পরিষদের বিশেষ আইন দ্বারা গঠিত এবং নিয়ন্ত্রিত, তাই এটি একটি বিধিবদ্ধ কোম্পানি। জনকল্যাণ ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যবসায়সমূহ গঠন ও পরিচালনার জন্য এরূপ কোম্পানি গড়ে উঠে; যেমন- পরিবহন, জলবিদ্যুৎ এবং সেবামূলক কার্যে লিগু বিভিন্ন প্রতিষ্ঠান।

৯. প্রাইভেট লিমিটেড কোম্পানি বলতে কী বুঝায়? *(What is meant by Private Limited Company?)*

উত্তর: ১৯৯৪ সালের কোম্পানি আইনের বিধান মতে, যে সীমাবদ্ধ কোম্পানিতে সদস্যের সংখ্যা ন্যূনতম দুই বা সর্বোচ্চ ৫০ জন, পরিচালক সংখ্যা কমপক্ষে ২ জন এবং সীমাবদ্ধ দায়ের ভিত্তিতে কোম্পানি আইনের আওতায় নিবন্ধিত, শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য নয়, তাকে প্রাইভেট লিমিটেড কোম্পানি বলে।

১০. বায়িং হাউস গার্মেন্টস শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ কেন? (*Why is Buying House important in the development of Garments Industry?*)

উত্তর: কমিশনের ভিত্তিতে বায়ার বা ক্রেতার পক্ষে ক্রয় প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনকারী প্রতিষ্ঠানসমূহ বায়িং হাউস নামে পরিচিত।

বাংলাদেশ গার্মেন্টস খাত অর্থনীতিতে খুবই গুরুত্বপূর্ণ। গার্মেন্টস খাতের বিদেশী ক্রেতারা ফরমায়েশ প্রদান থেকে শুরু করে যথাসময়ে পণ্য শিপমেন্ট পর্যন্ত সকল কাজে বায়িং হাউসগুলোর ওপর নির্ভর করে। এ প্রতিষ্ঠানগুলোর দক্ষতার ওপর আমদানিকারকগণের আস্থা নির্ভরশীল বিধায় বায়িং হাউস গার্মেন্টস শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ।

১১. প্রাইভেট লিমিটেড কোম্পানি তুলনামূলকভাবে ক্ষুদ্রায়তন ব্যবসায় প্রতিষ্ঠান কেন? ব্যাখ্যা কর। (*Why is a Private Limited Company Organization comparatively Small business?*)

উত্তর: কোম্পানি আইনের বিধান মতে, যে সীমাবদ্ধ কোম্পানিতে সদস্যের সংখ্যা ন্যূনতম দুই বা সর্বোচ্চ ৫০ জন, পরিচালক সংখ্যা কমপক্ষে ২ জন এবং সীমাবদ্ধ দায়ের ভিত্তিতে কোম্পানি আইনের আওতায় নিবন্ধিত, শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য নয়, তাকে প্রাইভেট লিমিটেড কোম্পানি বলে।

প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্য সংখ্যা পাবলিক লিমিটেড কোম্পানির তুলনায় কম থাকে। এ কোম্পানি জনগণের উদ্দেশ্যে শেয়ার ও ঋণপত্র ইস্যু করতে পারে না বলে এটি পাবলিক লিমিটেড কোম্পানির তুলনায় কম মূলধন সংগ্রহ করতে পারে। তাই তুলনামূলকভাবে এটি ক্ষুদ্রায়তন প্রতিষ্ঠান হয়ে থাকে।

১২. পাবলিক লিমিটেড কোম্পানি বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। (*What is meant by Public limited Company?*)

উত্তর: ১৯৯৪ সালের কোম্পানি আইনে বলা হয়েছে যে, প্রাইভেট কোম্পানি ব্যতীত অন্য সব কোম্পানি যা কোম্পানি আইনে নিবন্ধিত হয় তা পাবলিক লিমিটেড কোম্পানি। কতিপয় বৈশিষ্ট্য দ্বারা এ কোম্পানির স্বাতন্ত্র্য নির্ণয় করা যায়। এ কোম্পানির সদস্য সংখ্যা সর্বনিম্ন সাতজন এবং সর্বোচ্চ সংখ্যা শেয়ার দ্বারা সীমাবদ্ধ, পরিচালক সংখ্যা কমপক্ষে ৩ জন, শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য এবং শেয়ার ও ঋণপত্র জনগণের নিকট ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে আহবান জানাতে পারে। এরূপ সুবিধা থাকায় ইহা অধিক মূলধন সংগ্রহ করতে পারে। তাই এটি বৃহদায়তন ব্যবসায়ের জন্য উপযোগী।

১৩. পাবলিক লিমিটেড কোম্পানিকে কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হয় কেন? ব্যাখ্যা কর। (*Why does Public limited Company to collect Certificate of Commencement? Explain.*)

উত্তর : পাবলিক লিমিটেড কোম্পানি গঠনের বেলায় নিবন্ধনপত্র সংগ্রহের পর প্রবর্তকগণ কর্তৃক কার্য শুরু করার জন্য নিবন্ধকের নিকট হতে যে গুরুত্বপূর্ণ দলিল সংগ্রহ করতে হয় তাকেই কার্যারম্ভের অনুমতিপত্র বলে।

কার্যারম্ভের অনুমতিপত্র প্রাপ্তি অনেকগুলো আইনগত আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষ বিষয়। কোম্পানিটি প্রতারণার উদ্দেশ্যে গড়া হয়নি এবং পরিচালকগণ শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষা করবে- এ বিষয়টি নিশ্চিত হয়েই সরকার এ কোম্পানিকে কাজ করার অনুমতি দেয়। এজন্যই কাজ শুরু করতে পাবলিক লিমিটেড কোম্পানির কার্যারম্ভের অনুমতি পত্র প্রয়োজন হয়। পাবলিক লি: কোম্পানির জন্য এই দলিল সংগ্রহ করা বাধ্যতামূলক।

১৪. স্মারকলিপিকে কোম্পানির সনদ বা মুখ্য দলিল বলা হয় কেন?

অথবা, কোন দলিলকে কোম্পানির সনদ বলা হয় এবং কোন। (*Which Document is called the Charter of a Company?*)

উত্তর: স্মারকলিপিকে কোম্পানির সনদ বা মুখ্য দলিল বলা হয়।

এটি কোম্পানির মূল দলিল, সনদ বা সংবিধান হিসেবে পরিচিত। এই দলিলে কোম্পানির নাম, নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা, উদ্দেশ্য, মূলধনের পরিমাণ, শেয়ারহোল্ডারদের দায়-দায়িত্ব ও সম্মতি ইত্যাদি বিষয় লিপিবদ্ধ করা হয় এবং প্রবর্তকদেরকে স্বাক্ষর প্রদান করতে হয়। স্মারকলিপিতে যেসব বিষয়াবলি অন্তর্ভুক্ত থাকবে তা ১৯৯৪ সালের কোম্পানি আইনে বর্ণিত রয়েছে।

১৫. 'সকল ধরনের শেয়ারহোল্ডারগণ ব্যবসায় পরিচালনা করতে পারেন না'- ব্যাখ্যা কর। (All types of Shareholders can not take part in Business Management- Explain.)

উত্তর: কোম্পানির শেয়ার মূলধনের ক্ষুদ্র ও সমান একককে শেয়ার বলে। এরূপ শেয়ার ক্রয়কারী বা অধিকারীকে শেয়ারহোল্ডার বলা হয়ে থাকে।

কোম্পানিতে বিভিন্ন ধরনের শেয়ার থাকে। এর মধ্যে সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ার উল্লেখযোগ্য। অগ্রাধিকার শেয়ারহোল্ডারগণ লভ্যাংশ বন্টনে অগ্রাধিকার লাভ করলেও কোম্পানি পরিচালনায় অংশগ্রহণ করতে পারেন না। শুধুমাত্র সাধারণ শেয়ারহোল্ডারগণই অংশ নিতে পারে। তাই বলা হয়, সকল ধরনের শেয়ারহোল্ডারগণ ব্যবসায় পরিচালনা করতে পারেন না।

১৬. সংঘবিধিকে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নিয়ম নীতির দলিল বলা হয় কেন? ব্যাখ্যা কর।

অথবা, সংঘবিধি বা পরিমেল নিয়মাবলি বলতে কী বুঝায়? (What is meant by Article of Association?)

উত্তর: কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নিয়ম-নীতির দলিলকে পরিমেল নিয়মাবলি বা সংঘবিধি বলে।

এটি কোম্পানির দ্বিতীয় গুরুত্বপূর্ণ দলিল। ইহা প্রতিষ্ঠানের অভ্যন্তরে নিয়োজিত পরিচালক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের ক্ষমতা, কর্তৃত্ব ও সম্পর্কের বিভিন্ন দিক নির্দেশ করে। এতে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত সকল নিয়মাবলি সবিস্তারে লিপিবদ্ধ করা হয় এবং এতে প্রবর্তকবৃন্দের স্বাক্ষর থাকে। অবশ্য পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিমেল নিয়মাবলির পরিবর্তে 'তফসিল-১'কে গ্রহণ করা যায়। সেক্ষেত্রে আর এ দলিল তৈরির প্রয়োজন পড়ে না।

১৭. কোম্পানি পরিচালনার নিয়ম-নীতি সম্পর্কিত দলিলকে কী বলে? ব্যাখ্যা কর। (What is the name of the document relating to the rules regarding administer of a company? Explain.)

অথবা, সংঘবিধিকে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নিয়ম-নীতির দলিল বলা হয় কেন? ব্যাখ্যা কর।

উত্তর: এরূপ দলিল হলো পরিমেল নিয়মাবলি বা সংঘবিধি।

এটি কোম্পানির দ্বিতীয় গুরুত্বপূর্ণ দলিল। এতে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত সকল নিয়মাবলি সবিস্তারে লিপিবদ্ধ করা হয় এবং এতে প্রবর্তকবৃন্দের স্বাক্ষর থাকে। অবশ্য পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিমেল নিয়মাবলির পরিবর্তে 'তফসিল-১'কে গ্রহণ করা যায়। সেক্ষেত্রে আর এ দলিল তৈরির প্রয়োজন পড়ে না।

এ দলিল প্রতিষ্ঠানের অভ্যন্তরে নিয়োজিত পরিচালক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের ক্ষমতা, কর্তৃত্ব ও সম্পর্কের দিক নির্দেশ করে। সেজন্যই একে অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নিয়ম-নীতির দলিল বলে।

১৮. কোন দলিলকে কোম্পানির জন্মসনদ বলা হয় এবং কেন? (Which document is called the Birth Certificate of a Company and why?)

উত্তর: নিবন্ধনপত্রকে কোম্পানির জন্ম সনদ বলা হয়।

আইন অনুযায়ী বিভিন্ন আনুষ্ঠানিকতা পালন শেষে নিবন্ধনের জন্য জমা দিলে নিবন্ধক প্রস্তাবিত কোম্পানির সকল দলিলপত্র পরীক্ষা-নিরীক্ষা করে। সবকিছু যথাযথ থাকলে কোম্পানি নিবন্ধক প্রস্তাবিত কোম্পানিকে নিবন্ধন বইতে অন্তর্ভুক্ত করে নেন। কোম্পানির উদ্যোক্তাগণকে নিবন্ধকের অফিস থেকে নিবন্ধনের প্রমাণ হিসেবে যে সনদপত্র প্রদান করা হয় তাকে নিবন্ধনপত্র বলে। এরূপ পত্র কোম্পানির আইনগত সত্তা নির্দেশ করে। এরূপ দলিলের মাধ্যমে কোম্পানি সংগঠনের জন্ম হয় বলে এই দলিলকে কোম্পানির জন্মসনদ বলা হয়। এরূপ সনদপত্র পাওয়ার পর প্রাইভেট লিমিটেড কোম্পানি কাজ শুরু করতে পারে, কিন্তু পাবলিক লিমিটেড কোম্পানিকে আরো কিছু কার্য সম্পাদনপূর্বক কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হয়।

১৯. রাইট শেয়ার কখন প্রদান করা হয়? (When is Right Share issued?)

উত্তর: কোম্পানির অতিরিক্ত মূলধন সংগ্রহের উদ্দেশ্যে নতুন শেয়ার বাজারে ছাড়ার আগে মুহূর্তে বর্তমান শেয়ারহোল্ডারদেরকে শেয়ার ক্রয়ের আমন্ত্রণ জানানো হয়। এ ধরনের শেয়ারকে রাইট শেয়ার বা অধিকারযোগ্য শেয়ার বলে। রাইট শেয়ার পৃথক ধরনের কোনো শেয়ার নয়। এটি সাধারণ শেয়ার। এ ধরনের শেয়ার সরাসরি শেয়ার বাজারেও বিক্রয় হতে পারে, তবে সবার আগে বর্তমান শেয়ারহোল্ডারদের অধিকারকে বিবেচনা করতে হবে।

২০. কার্যারম্ভের অনুমতিপত্র বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর।

অথবা, পাবলিক কোম্পানির জন্য অতিরিক্ত কোন দলিলটি সংগ্রহ বাধ্যতামূলক? ব্যাখ্যা কর। (Which document collection is Compulsory for public limited Company? Explain.)

উত্তর: কার্যারম্ভের অনুমতিপত্র।

নিবন্ধনপত্র সংগ্রহের পর পাবলিক লিমিটেড কোম্পানিকে কার্য শুরু করার জন্য নিবন্ধকের অফিস থেকে যে গুরুত্বপূর্ণ দলিল সংগ্রহ করতে হয় তাকে কার্যারম্ভের অনুমতিপত্র বলে। এরূপ দলিল সংগ্রহের জন্য কোম্পানিকে নিম্নোক্ত শর্ত পূরণ করতে হয়, যেমনঃ সদস্যদের ন্যূনতম চাঁদা, পরিচালকগণের যোগ্যতাসূচক শেয়ার মূল্য পরিশোধ, বিবরণপত্র প্রচার ইত্যাদি। সবকিছু ঠিক থাকলে নিবন্ধক পাবলিক লিমিটেড কোম্পানিকে কার্যারম্ভের অনুমতিপত্র প্রদান করে। এই দলিল পাওয়ার পরই পাবলিক লি: কোম্পানি কাজ শুরু করতে পারে। তাই পাবলিক লি: কোম্পানিকে এরূপ দলিল সংগ্রহ করা বাধ্যতামূলক।

২১. কোম্পানিতে যোগ্যতাসূচক শেয়ার কারা ক্রয় করে এবং কেন? (Who purchase the qualifying share in a company and why?)

উত্তর: কোম্পানির পরিচালকগণ যোগ্যতাসূচক শেয়ার ক্রয় করেন।

কোম্পানি আইন অনুযায়ী, কোনো ব্যক্তি কোম্পানির পরিচালক হিসেবে পরিচয় দিতে পারবেন না বা নিয়োগপ্রাপ্ত হতে পারবেন না যদি সংঘবিধিতে বর্ণিত যোগ্যতাসূচক শেয়ার তার না থাকে। যদি সংঘবিধিতে পরিচালকদের যোগ্যতাসূচক শেয়ার ক্রয়ের বিধান থাকে তাহলে কোম্পানির পরিচালক হতে সেই ব্যক্তিকে ন্যূনতম সেই পরিমাণ শেয়ার ক্রয় করতে হয়।

২২. একজন বিনিয়োগকারীর জন্য সাধারণ শেয়ার ক্রয় উত্তম কেন? ব্যাখ্যা কর। (Why is purchasing of Ordinary Share better for an investor? Explain)

উত্তর: আইনানুযায়ী যে শেয়ারের মালিকগণ অধিকার, দায়িত্ব ও কর্তব্যের বিভিন্ন দিক বিচারে অধিক সুবিধা ও মর্যাদাভোগ করলেও লভ্যাংশ বন্টনে ও কোম্পানি বিলোপের সময় মূলধন প্রত্যাবর্তনে অগ্রাধিকার পায় না তাকেই সাধারণ শেয়ার বলে।

কোম্পানির শেয়ার মূলধন বলতে সাধারণ শেয়ারে বিক্রয়লব্ধ অর্থকেই বুঝায়। এই শেয়ারের মালিকগণ বার্ষিক সাধারণ সভায় অংশ নেয়। নিজে পরিচালক হতে পারে। মুনাফা বেশি হলে মুনাফা বেশি পায়। কোম্পানির মালিক হিসেবে তারাই কার্যত সামাজিক মর্যাদা ভোগ করে। যা মূলত অগ্রাধিকার শেয়ারের মালিক পায় না। তাই একজন বিনিয়োগকারীর জন্য সাধারণ শেয়ার ক্রয় উত্তম।

২৩. বিবরণপত্র কেন তৈরি করা হয়? ব্যাখ্যা কর। (Why is Prospectus prepared? Explain)

উত্তর: শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের জন্য পাবলিক লিমিটেড কোম্পানি প্রয়োজনীয় তথ্য সম্বলিত যে বিজ্ঞাপ্তি বা প্রচারপত্র জনসাধারণের উদ্দেশ্যে প্রকাশ করে তাকে বিবরণপত্র বলে।

বিবরণপত্র তৈরির মূখ্য উদ্দেশ্য হল জনগনকে ঋণপত্র ও শেয়ার ক্রয়ে উদ্বুদ্ধ করে মূলধন সংগ্রহ করা।

২৪. কোম্পানির প্রাথমিক প্রয়োজন পূরণের জন্য সংগৃহীত মূলধনকে কী বলে? ব্যাখ্যা কর। (What is called the Capital which is collected to fulfill the Primary need of a Company? Explain)

উত্তর: এরূপ মূলধনকে ন্যূনতম মূলধন বলে।

পাবলিক লিমিটেড কোম্পানির সংঘবিধি ও বিবরণপত্রে কোম্পানি গঠনের প্রাথমিক খরচ, চলতি মূলধন ও প্রাথমিক প্রয়োজন পূরণের উদ্দেশ্যে যে নির্দিষ্ট ন্যূনতম পরিমাণ মূলধন সংগ্রহের প্রতিশ্রুতির উল্লেখ থাকে তাকে ন্যূনতম মূলধন বলে। এরূপ মূলধন সংগৃহীত না হলে কোম্পানি কার্যারম্ভের অনুমতি পায় না এবং কাজও শুরু করতে পারে না। তাই এ কোম্পানিতে এরূপ মূলধন সংগ্রহ খুবই গুরুত্বপূর্ণ।

২৫. আউটসোর্সিং ব্যবসায় গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। (Why is Outsourcing Business important?)

উত্তর : আউটসোর্সিং হচ্ছে এক ধরনের চুক্তিভিত্তিক ব্যবসায়িক কার্যক্রম। এ ধরনের চুক্তির মাধ্যমে একটি প্রতিষ্ঠান তার নির্দিষ্ট কোন কাজ পরিচালনার জন্য তৃতীয় পক্ষের সঙ্গে চুক্তিবদ্ধ হয়।

প্রতিষ্ঠানের পক্ষে সব কাজ সবসময় নিজস্ব কর্মী দিয়ে করানো সম্ভব হয় না। এতে প্রাতিষ্ঠানিক খরচ ও প্রশাসনিক জটিলতা বৃদ্ধি পায়। তাই প্রতিষ্ঠানের সুবিধার্থে অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে চুক্তিতে কার্য সম্পাদন করতে হয়। এরূপ উদ্দেশ্যে পূরণেই বর্তমানে আউটসোর্সিং ব্যবসায় ধারণাটি গড়ে ওঠেছে। তুলনামূলক কম খরচে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পাদন করতে আউটসোর্সিং ব্যবসায় খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২৬. কোম্পানির শেয়ার বিক্রয়ের প্রচারপত্রকে কী বলে? বুঝিয়ে লিখ। (What is called the Circulation Letter of a Company for selling Share? Explain.)

উত্তর: এরূপ প্রচারপত্রকে বিবরণপত্র বলে।

পাবলিক লিমিটেড কোম্পানি তার শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের নিমিত্তে জনগণ বরাবর আহ্বান সম্বলিত যে প্রচারপত্র বা বিজ্ঞাপ্তি প্রকাশ করে তাকে কোম্পানির বিবরণপত্র বলে। বিবরণপত্রের মধ্যে কোম্পানি সম্পর্কিত প্রয়োজনীয় সকল তথ্যের উল্লেখ করার প্রয়োজন পড়ে, যাতে শেয়ার ক্রয়ে ইচ্ছুক ব্যক্তিবর্গ এ থেকে প্রয়োজনীয় তথ্য পেতে পারে। প্রচারের পূর্বে এরূপ পত্র নিবন্ধকের নিকট জমাদান বাধ্যতামূলক।

২৭. কোম্পানি সংগঠন কীভাবে মূলধন গঠনে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর (How do Company Organizations take part in formulating of Capital? Explain)

Warning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶



livemcq.com



01701377322

উত্তর: কোম্পানি হল আইনসৃষ্ট একটি প্রতিষ্ঠান। এটি কৃত্রিম ব্যক্তি সত্তার অধিকারী একটি সংগঠন যা কোম্পানি আইনের অধীনে গঠিত এবং পরিচালিত হয়। এর মূলধন সংগৃহীত হয় শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে। আর মূলধনকে যেহেতু ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বা শেয়ারে বিভক্ত করা হয় তাই শেয়ারের মূল্য কম হওয়ায় সাধারণ মানুষ ব্যাপক হারে শেয়ার ক্রয় করে এরূপ বিনিয়োগে অংশ নেয়। এর ফলশ্রুতিতে শেয়ারবাজারে সহজেই এর শেয়ার বিক্রি হয় এবং মূলধন গঠিত হয়। এভাবেই কোম্পানি সংগঠন মূলধন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২৮. ঋণপত্র অপেক্ষা শেয়ার বিক্রয় কোম্পানির পক্ষে উত্তম কেন? ব্যাখ্যা কর। (*Why is sale of Shares better than sale of Debentures? Explain.*)

উত্তর: কোম্পানির শেয়ার মূলধনের সমান ও ক্ষুদ্রতম একককেই শেয়ার বলে।

শেয়ার বিক্রয়ের মাধ্যমে কোম্পানির শেয়ার মূলধন সংগৃহীত হয়। যা কোম্পানির নিজস্ব মূলধন হিসেবে গণ্য। ঋণপত্র হলো কোম্পানির ঋণ গ্রহণের স্বীকৃতিপত্র। এর বিক্রয়ের মাধ্যমে ঋণ সংগৃহীত হয়। ফলে এরূপ অর্থ পরিশোধের প্রশ্ন জড়িত থাকে। এছাড়া প্রতি বছর নির্দিষ্ট হারে এর ওপর সুদ দিতে হয়। যে কারণে ঋণপত্র বিক্রয় অপেক্ষা শেয়ার বিক্রয় কোম্পানির জন্য উত্তম।

২৯. মার্চেন্ডাইজিং ব্যবসায়ের উন্নয়নে গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। (*Why is Merchandizing important in the development of Business? Explain.*)

উত্তর: কোনো প্রতিষ্ঠান বা প্রতিনিধি কর্তৃক পণ্য বিক্রয় ও বিক্রয়ের উন্নতি সাধনের কাজকেই মার্চেন্ডাইজিং বলে।

মার্চেন্ডাইজিং বর্তমানে একটি বিশেষ ব্যবসায়। এরূপ ব্যবসায়ীরা উৎপাদকের নিকট থেকে পণ্য সংগ্রহ করে তাদের অপূর্ব কৌশলে তা ক্রেতাদের নিকট উপস্থাপন করে। গার্মেন্টস শিল্পে মার্চেন্ডাইজিং অফিসারগণের কাজ হলো উৎপাদিত পণ্য বিদেশী ক্রেতা বা বায়িং হাউজগুলোর নিকট সুন্দরভাবে উপস্থাপন করা। যাতে বিক্রয় চুক্তি সম্পাদন করা যায়। এ কারণে ব্যবসায়ের উন্নয়নে মার্চেন্ডাইজিং গুরুত্বপূর্ণ।

৩০. কোম্পানি কখন বোনাস শেয়ার ইস্যু করে? ব্যাখ্যা কর। (*When does a Company issue Bonus Share ?*)

উত্তর: সাধারণত যৌথ মূলধনী কোম্পানি অর্জিত মুনাফার সম্পূর্ণটাই শেয়ারহোল্ডারদের মাঝে বন্টন করে না বরং কিছু অংশ সঞ্চিতি তহবিলে জমিয়ে রাখে। অনেক সময় কোম্পানির সঞ্চিতি তহবিল প্রয়োজনের তুলনায় অতিরিক্ত হয়ে পড়ে। এ অতিরিক্ত অর্থকে কতগুলো সাধারণ শেয়ারে বিভক্ত করা হয় এবং তা কোম্পানির বর্তমান শেয়ারহোল্ডারদের মাঝে বিনামূল্যে বন্টন করা হয়। এ ধরনের শেয়ারকে বোনাস শেয়ার বলে।

৩১. বিবরণপত্রের বিকল্প বিবৃতি কখন ও কেন তৈরি করা হয়? ব্যাখ্যা কর? (*When and Why a Statement in lieu of Prospectus is issued? Explain.*)

উত্তর: পাবলিক লিঃ কোম্পানি নিবন্ধনের পর পুঁজি সংগ্রহের জন্য এবং তার কার্যারম্ভের ছাড়পত্র পাওয়ার জন্য কোম্পানিকে অবশ্যই নিবন্ধকের কাছে তার বিবরণপত্র দাখিল করা এবং তা জনসাধারণের কাছে প্রচার করা বাধ্যতামূলক।

কিন্তু অনেক সময় দেখা যায়, কোম্পানির প্রবর্তকবৃন্দ নিজেদের বন্ধু-বান্ধব বা আত্মীয়-স্বজন বা পরিচিত লোকদের নিকট প্রয়োজনীয় সংখ্যক শেয়ার বিক্রয় করতে সক্ষম হয়। এরূপ ক্ষেত্রে আর বিবরণপত্রের মাধ্যমে জনসাধারণকে শেয়ার ক্রয় করার জন্য আমন্ত্রণ জানানোর প্রয়োজন হয় না। এমতাবস্থায় বিবরণপত্রের পরিবর্তে একটি অনুরূপ বিবৃতি তৈরি করে নিবন্ধকের কাছে দাখিল করতে হয় এবং জনসাধারণের কাছে তা প্রচার করতে হয়। এটি বিবরণপত্রের বিকল্প হিসেবে কার্য সমাধা করে বলে একে বিবরণপত্রের বিকল্প বিবৃতি বলে।

৩২. বিধিবদ্ধ সংস্থা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। (*What is meant by Statutory Organization?*)

উত্তর : যেসব ব্যবসায় প্রতিষ্ঠান আইন পরিষদের বিশেষ আইন দ্বারা বা রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে গঠিত এবং নিয়ন্ত্রিত হয় তাকে বিধিবদ্ধ কোম্পানি বলে। যেমনঃ বাংলাদেশ ব্যাংক। দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক আইন পরিষদের বিশেষ আইন দ্বারা গঠিত এবং নিয়ন্ত্রিত, তাই এটি বিধিবদ্ধ কোম্পানি। জনকল্যাণ ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যবসায়সমূহ গঠন ও পরিচালনার জন্য এরূপ কোম্পানি গড়ে উঠে, যেমনঃ পরিবহন, জলবিদ্যুৎ এবং সেবামূলক কার্যে লিপ্ত বিভিন্ন প্রতিষ্ঠান।

৩৩. ঋণপত্র বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর। (What do you mean by Debenture?)

উত্তর: যে দলিলের মাধ্যমে পাবলিক লিমিটেড কোম্পানি জনসাধারণের কাছ থেকে ঋণ গ্রহণ করে তাকেই ঋণপত্র বলে। বিস্তৃত অর্থে, কোম্পানি তার সংগৃহীত ঋণের কথা স্বীকার করে ঋণদাতাকে কোম্পানির নাম ও সিলমোহরযুক্ত এবং ঋণ প্রত্যয়ন ও সুদ সম্পর্কে প্রয়োজনীয় শর্তাবলি সংবলিত যে দলিল প্রদান করে তাকেই ঋণপত্র বলে। যৌথ মূলধনী ব্যবসায়ের অর্থসংস্থানের উৎসগুলোর মধ্যে শেষারের পরই ঋণপত্রের স্থান।

বিসিএস পরীক্ষায় MCQ প্রশ্নের জন্য গুরুত্বপূর্ণ কিছু টপিকের বিশদ বিশ্লেষণ নিম্নরূপঃ

❖ কোম্পানি সংগঠনের সংজ্ঞা:

কোম্পানি হলো একটি কৃত্রিম ব্যক্তিসত্তা, যা আইনত স্বীকৃত এবং যার নিজস্ব নাম, স্বতন্ত্র আইনি সত্তা ও সীমিত দায়িত্ব থাকে। এটি একটি বা একাধিক ব্যক্তি কর্তৃক গঠিত হয় এবং নিবন্ধনের মাধ্যমে আইনি অধিকার লাভ করে।

উদাহরণ: “ABC Ltd.” একটি নিবন্ধিত সীমিত দায় কোম্পানি, যার নিজস্ব ব্যাংক অ্যাকাউন্ট, সম্পত্তি ও আইনি অস্তিত্ব আছে।

❖ বিভিন্ন ধরনের কোম্পানি সংগঠনের সংজ্ঞা:

1. সীমিত দায় কোম্পানি (Limited Liability Company):

এই ধরনের কোম্পানিতে শেয়ারহোল্ডারদের দায় শুধুমাত্র তাদের বিনিয়োগকৃত মূলধনের মধ্যে সীমাবদ্ধ থাকে।

2. প্রাইভেট লিমিটেড কোম্পানি (Private Limited Company):

এই ধরনের কোম্পানিতে শেয়ার হস্তান্তর সীমাবদ্ধ, সর্বোচ্চ ৫০ জন শেয়ারহোল্ডার থাকতে পারে এবং সাধারণ জনগণের কাছ থেকে মূলধন সংগ্রহ করা যায় না।

3. পাবলিক লিমিটেড কোম্পানি (Public Limited Company):

এই কোম্পানির শেয়ার সাধারণ জনগণের নিকট বিক্রি করা যায় এবং শেয়ার বাজারে লেনদেন করা হয়। সদস্য সংখ্যা সীমাহীন হতে পারে।

5. অসীম দায় কোম্পানি (Unlimited Liability Company): এই কোম্পানির সদস্যদের দায় সীমাহীন, অর্থাৎ কোম্পানির দেনার জন্য ব্যক্তিগত সম্পদ দিয়েও দায় পরিশোধ করতে হয়।

❖ প্রাইভেট লিমিটেড কোম্পানি (Private Limited Company) এর সংজ্ঞা:

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

প্রাইভেট লিমিটেড কোম্পানি হলো এমন একটি নিবন্ধিত ব্যবসায়িক সত্তা, যার মালিকানা কয়েকজন ব্যক্তির মধ্যে সীমাবদ্ধ থাকে এবং যার শেয়ার সাধারণ জনগণের মধ্যে বিক্রি করা যায় না।

এই কোম্পানিতে শেয়ার হস্তান্তরের সীমাবদ্ধতা থাকে এবং সদস্য সংখ্যা সর্বোচ্চ ৫০ জন পর্যন্ত হতে পারে। উদাহরণ: ABC Pvt. Ltd.

❖ পাবলিক লিমিটেড কোম্পানি (Public Limited Company) এর সংজ্ঞা:

পাবলিক লিমিটেড কোম্পানি হলো এমন একটি নিবন্ধিত কোম্পানি, যার শেয়ার সাধারণ জনগণের নিকট বিক্রি করা যায় এবং তা শেয়ার বাজারে লেনদেনযোগ্য। এই কোম্পানির সদস্য সংখ্যা ন্যূনতম ৭ জন থেকে শুরু করে অসীম হতে পারে। উদাহরণ: XYZ Ltd.

মূল পার্থক্য:

প্রাইভেট কোম্পানি সীমিত পরিসরে ব্যবসা করে এবং শেয়ার বাজারে যায় না, আর পাবলিক কোম্পানি জনসাধারণের কাছ থেকে মূলধন সংগ্রহ করতে পারে।

❖ কোম্পানি সংগঠন গঠন পদ্ধতি:

কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী, বাংলাদেশে একটি কোম্পানি সংগঠন গঠনের জন্য কিছু নির্দিষ্ট ধাপ অনুসরণ করতে হয়। নিচে কোম্পানি গঠনের প্রক্রিয়া ধাপে ধাপে বর্ণনা করা হলো:

১. কোম্পানির নাম নির্বাচন ও অনুমোদন:

- কোম্পানির জন্য একটি নাম বেছে নিতে হবে। নির্ধারিত ফি জমা দিয়ে RJSC (Registrar of Joint Stock Companies and Firms) থেকে নাম অনুমোদন (Name Clearance) নিতে হয়।

২. প্রয়োজনীয় দলিলপত্র তৈরি:

- মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন (MOA)
- আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন (AOA)

৩. মূলধন নির্ধারণ:

- কোম্পানির অনুমোদিত মূলধন (Authorized Capital) ও পরিশোধিত মূলধন (Paid-up Capital) নির্ধারণ করতে হয়।

৪. পরিচালক ও শেয়ারহোল্ডার নির্ধারণ:

- কোম্পানির পরিচালনা বোর্ড (Board of Directors) গঠন করতে হয়।
- শেয়ারহোল্ডারদের নাম, শেয়ারের পরিমাণ নির্ধারণ করতে হয়।

৫. নিবন্ধন ফি জমা:

- RJSC নির্ধারিত ফি, স্ট্যাম্প ডিউটি, ও অন্যান্য ফি ব্যাংকের মাধ্যমে জমা দিতে হয়।

৬. প্রয়োজনীয় কাগজপত্র দাখিল:

নিম্নোক্ত কাগজপত্রগুলো Registrar of Joint Stock Company (RJSC) তে জমা দিতে হয়:

- Name clearance certificate
- MOA ও AOA
- Directors' consent (Form IX)
- Particulars of Directors (Form X)
- Shareholders list (Form XII)

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

- Bank pay order/slip

৭. কোম্পানি নিবন্ধনের সার্টিফিকেট প্রাপ্তি: RJSC দলিল যাচাই করে সঠিক মনে করলে Certificate of Incorporation ইস্যু করে। এটি পেলে কোম্পানি একটি স্বতন্ত্র আইনগত সত্তা হিসেবে বিবেচিত হয়।

৮. ব্যবসা শুরু:

নিবন্ধনের পর, কোম্পানি ব্যবসা পরিচালনার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খুলে, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন ও ট্রেড লাইসেন্স সংগ্রহ করে কার্যক্রম শুরু করে।

❖ কোম্পানি সংগঠনের পরিচালনা পর্ষদ (Board of Directors) হলো এমন একটি দল বা কমিটি যারা কোম্পানির নীতিনির্ধারণ, দিকনির্দেশনা এবং কার্যক্রম তদারকির দায়িত্বে থাকে। পরিচালকরা কোম্পানির মালিক (শেয়ারহোল্ডার) দ্বারা নির্বাচিত হন এবং কোম্পানির আইনগত ও আর্থিক স্বার্থ রক্ষা করেন।

❖ পরিচালনা পর্ষদের মূল কাজসমূহ:

- কোম্পানির লক্ষ্য ও কৌশল নির্ধারণ
- ব্যবস্থাপনা তদারকি
- নীতিমালা অনুমোদন
- আর্থিক প্রতিবেদন পর্যালোচনা
- গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ

❖ কর্পোরেট নির্বাহী (Corporate Executive) :

কর্পোরেট নির্বাহী (Corporate Executive) বলতে সাধারণত কোনো কর্পোরেট প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের শীর্ষ ব্যবস্থাপকগণকে বোঝায়। তারা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ, কৌশল নির্ধারণ এবং পরিচালনায় নিয়োজিত থাকেন।

❖ প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) কে?

CEO (Chief Executive Officer) হলেন একটি প্রতিষ্ঠানের সর্বোচ্চ প্রশাসনিক কর্মকর্তা। তিনি প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম তদারকি করেন এবং পরিচালনা পর্ষদ (Board of Directors)-এর নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠান পরিচালনা করেন।

❖ একজন CEO-এর প্রধান কাজসমূহ:

1. লক্ষ্য ও কৌশল নির্ধারণ:
 - প্রতিষ্ঠানের ভবিষ্যৎ লক্ষ্য ও কৌশল নির্ধারণ করা।
2. ব্যবস্থাপনা তদারকি:
 - অন্যান্য নির্বাহী কর্মকর্তা ও বিভাগের কাজ পর্যবেক্ষণ করা।
3. নির্বাহী সিদ্ধান্ত গ্রহণ:
 - ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ করা, যেমন: নতুন প্রকল্প, বিনিয়োগ, খরচ ইত্যাদি।
4. প্রতিষ্ঠানের প্রতিনিধি:
 - প্রতিষ্ঠানকে বাইরের দুনিয়ায় (শেয়ারহোল্ডার, মিডিয়া, সরকার, গ্রাহক) প্রতিনিধিত্ব করা।
5. আর্থিক ফলাফল তদারকি:
 - লাভ-ক্ষতি বিশ্লেষণ এবং কর্মদক্ষতা উন্নয়ন নিশ্চিত করা।

উদাহরণ: যেমন Apple Inc.-এর CEO ছিলেন Steve Jobs, যিনি কোম্পানির উদ্ভাবন ও বাজারে নেতৃত্বের জন্য দায়িত্বশীল ছিলেন।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

❖ পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কর্তব্য (Duties and Responsibilities of the Board of Directors) একটি কোম্পানির সর্বোচ্চ নীতিনির্ধারক সংস্থা হিসেবে পরিগণিত হয়। এরা মূলত কোম্পানির সার্বিক কার্যক্রমের দেখভাল ও কৌশল নির্ধারণে ভূমিকা রাখেন। পরিচালনা পর্ষদের প্রধান দায়িত্ব ও কর্তব্যগুলো সংক্ষেপে নিম্নরূপ:

1. নীতিমালা ও কৌশল নির্ধারণ:
কোম্পানির দীর্ঘমেয়াদি লক্ষ্য, কৌশল এবং নীতিমালা নির্ধারণ করা।
2. CEO ও উচ্চপদস্থ কর্মকর্তাদের নিয়োগ:
প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) এবং অন্য নির্বাহী সদস্যদের নিয়োগ ও পর্যবেক্ষণ করা।
3. আর্থিক ব্যবস্থাপনা তদারকি:
বাজেট অনুমোদন, আর্থিক প্রতিবেদন পর্যালোচনা ও লাভ-ক্ষতির দিক নির্দেশনা প্রদান।
4. ঝুঁকি ব্যবস্থাপনা:
কোম্পানির সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করে তা মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
5. আইন ও নীতিমালার অনুসরণ নিশ্চিতকরণ:
কোম্পানি আইন ও অন্যান্য প্রাসঙ্গিক আইন মেনে চলার বিষয় তদারকি করা।
6. শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষা:
শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনা করে কোম্পানির কর্মপন্থা নির্ধারণ করা।

❖ পরিচালনা পর্ষদের আচরণবিধি (Code of Conduct for Board of Directors):

পরিচালনা পর্ষদের আচরণবিধি হলো এমন কিছু নীতিমালা ও নৈতিক মানদণ্ড, যেগুলো পরিচালনা পর্ষদের সদস্যদের পেশাগত দায়িত্ব পালনকালে অনুসরণ করা আবশ্যিক। পরিচালনা পর্ষদের আচরণবিধির সংক্ষিপ্ত ব্যাখ্যা:

1. সততা ও অখণ্ডতা বজায় রাখা:
সব কাজে স্বচ্ছতা ও নৈতিকতা বজায় রেখে সৎভাবে সিদ্ধান্ত গ্রহণ করা।
2. পরিপূর্ণ দায়িত্ব পালন:
প্রতিষ্ঠানের স্বার্থে সময় ও জ্ঞান ব্যয় করে দায়িত্বশীল ভূমিকা রাখা।
3. স্বার্থের সংঘর্ষ পরিহার:
ব্যক্তিগত লাভ বা স্বার্থ প্রতিষ্ঠানের স্বার্থের সাথে সাংঘর্ষিক হলে তা পরিহার করা।
4. গোপনীয়তা রক্ষা:
প্রতিষ্ঠানের গোপন তথ্য বাহিরে ফাঁস না করা এবং দায়িত্বের বাইরে ব্যবহার না করা।
5. আইন ও নীতিমালার অনুসরণ:
কোম্পানি আইন, নিয়ন্ত্রণকারী সংস্থার নির্দেশনা ও অভ্যন্তরীণ নীতিমালা মানা।
6. স্বচ্ছতা ও জবাবদিহিতা:
পরিচালনা পর্ষদের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

❖ পরিচালক হিসেবে নিয়োগ পাওয়ার যোগ্যতা কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী নির্ধারিত হয়। একজন পরিচালক নিয়োগ পাওয়ার জন্য কিছু মৌলিক যোগ্যতা থাকতে হয়, যা নিচে ব্যাখ্যা করা হলো:

1. প্রাপ্তবয়স্ক নাগরিক হতে হবে:
সাধারণত ১৮ বছর বা তার বেশি বয়সী হতে হবে।
2. মানসিকভাবে সুস্থ হতে হবে:
যিনি মানসিকভাবে সুস্থ ও সচেতন, তিনিই পরিচালক হতে পারেন।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

3. দেউলিয়া না হওয়া:

ব্যক্তিটি দেউলিয়া ঘোষিত হলে তিনি পরিচালক হিসেবে অযোগ্য বিবেচিত হবেন।

4. আইনত দণ্ডপ্রাপ্ত না হওয়া:

গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হলে তিনি পরিচালক হতে পারবেন না।

5. শেয়ারধারী হওয়া (যদি প্রয়োজন হয়):

কিছু কোম্পানির মেমোরেন্ডামে উল্লেখ থাকতে পারে যে, পরিচালক হিসেবে নিয়োগ পেতে হলে নির্দিষ্ট পরিমাণ শেয়ার থাকতে হবে।

6. কোম্পানির নিয়ম অনুযায়ী অনুমোদিত:

কোম্পানির অ্যাটর্কিলেস অব অ্যাসোসিয়েশনে পরিচালক নিয়োগ সংক্রান্ত যে বিধান থাকবে, তা পূরণ করতে হবে।

7. সরকারি অনুমোদন (যদি প্রযোজ্য হয়):

ব্যাংক, বীমা বা সরকারি নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানে পরিচালক হতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হতে পারে।

OFFICE MANAGEMENT

❖ অফিস ব্যবস্থাপনা কী?

অফিস ব্যবস্থাপনা হল একটি প্রতিষ্ঠানের অফিস সংক্রান্ত কার্যক্রম পরিকল্পনা, সংগঠন, দিকনির্দেশনা ও নিয়ন্ত্রণের প্রক্রিয়া, যাতে অফিসের কাজ দক্ষতার সাথে সম্পন্ন হয়।

❖ অফিস ব্যবস্থাপনার গুরুত্ব (Importance of Office Management):

1. তথ্য সংরক্ষণে সাহায্য করে – অফিসে প্রয়োজনীয় দলিল-দস্তাবেজ সঠিকভাবে সংরক্ষিত হয়।
2. যোগাযোগের কেন্দ্রবিন্দু – অফিসের মাধ্যমে বিভিন্ন বিভাগের মধ্যে যোগাযোগ স্থাপিত হয়।
3. পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সহায়ক – অফিসে সংগৃহীত তথ্য ব্যবস্থাপককে সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করে।
4. দপ্তরীয় কাজের সুষ্ঠু নিয়ন্ত্রণ করে – সময়মতো চিঠিপত্র, হিসাব, প্রতিবেদন ইত্যাদি সম্পাদন করা হয়।
5. ব্যবসায়ের প্রশাসনিক সহায়তা প্রদান করে – অফিসের মাধ্যমে ব্যবসার প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হয়।

❖ অফিস ব্যবস্থাপনার পদ্ধতি:

1. পরিকল্পনা (Planning): অফিসের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করা।
2. সংগঠন (Organizing): অফিসের কাঠামো গঠন ও কর্মীদের দায়িত্ব বণ্টন।
3. নির্দেশনা প্রদান (Directing): কর্মীদের কার্যক্রমে সঠিক দিকনির্দেশনা প্রদান।
4. সমন্বয় (Coordinating): বিভিন্ন দপ্তরের কাজের মধ্যে সমন্বয় সাধন।
5. নিয়ন্ত্রণ (Controlling): কার্যসম্পাদন তদারকি ও বিচ্যুতি সংশোধন।

❖ নথিকরণ (Filing) কী?

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

নথিকরণ হল গুরুত্বপূর্ণ কাগজপত্র, চিঠিপত্র, দলিল ইত্যাদি ধারাবাহিকভাবে একটি নির্দিষ্ট পদ্ধতিতে সংরক্ষণ করার প্রক্রিয়া, যাতে প্রয়োজনের সময় সহজে তা খুঁজে পাওয়া যায়।

উদাহরণ: কর্মচারীদের ছুটির আবেদনপত্র বা হিসাব সম্পর্কিত রশিদ নির্দিষ্ট ফোল্ডারে সংরক্ষণ করা।

❖ সূচীকরণ (Indexing) কী?

সূচীকরণ হল সংরক্ষিত নথিগুলোর অবস্থান নির্ধারণের জন্য তৈরি করা একটি নির্দেশিকা বা পথনির্দেশক, যার মাধ্যমে কোনো নথি দ্রুত খুঁজে বের করা যায়।

উদাহরণ: A-Z অনুযায়ী নাম বা সিরিয়াল নম্বরের তালিকা, যাতে জানা যায় কোন ফাইলে কোন তথ্য আছে।

❖ প্রতিবেদন (Report) কী?

প্রতিবেদন হলো কোনো নির্দিষ্ট বিষয় বা ঘটনাকে বিস্তারিতভাবে বিশ্লেষণ ও তথ্যসহ উপস্থাপন করার একটি লিখিত দলিল, যা সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। এটি কর্তৃপক্ষ, অংশীদার, বা ব্যবস্থাপনার কাছে উপস্থাপন করা হয়।

উদাহরণ: বার্ষিক বিক্রয় প্রতিবেদন, হিসাব নিরীক্ষা প্রতিবেদন ইত্যাদি।

❖ বিভিন্ন ধরনের বাণিজ্যিক দলিলপত্র:

১. চালানপত্র (Invoice): এটি একটি বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদত্ত হিসাবপত্র, যেখানে বিক্রীত পণ্যের পরিমাণ, মূল্য ও মোট টাকা উল্লেখ থাকে।

২. প্রোফরমা চালান (Proforma Invoice): এটি হলো বিক্রয়ের পূর্বে ক্রেতাকে সম্ভাব্য মূল্য ও শর্তাবলি জানিয়ে একটি প্রাথমিক চালান।

৩. হিসাব বিবরণী (Statement of Account): একটি নির্দিষ্ট সময় পর্যন্ত ক্রেতা ও বিক্রেতার আর্থিক লেনদেনের সারসংক্ষেপ।

